

ডিসেম্বরে নির্বাচনের তফসিল ঘোষণা হবে –ইসি মো. আনোয়ারুল

বাংলা পত্রিকা ডেস্কঃ নির্বাচন কমিশনার (ইসি) মো. আনোয়ারুল ইসলাম সরকার শুক্রবার বলেছেন, আসন্ন জাতীয় সংসদ ৮-এর পৃষ্ঠায় দেখুন

নিউইয়র্ক সিটির নির্বাচনে প্রার্থীদের সিটি জুড়ে ভোটের আহ্বান

বাংলা পত্রিকা ডেস্কঃ নিউইয়র্ক সিটির মেয়র নির্বাচনের শেষ পর্যায়ে প্রার্থীরা রবিবার শহর জুড়ে ছড়িয়ে পড়ে সমাবেশ, চার্চ এবং অন্যান্য জনসভায় ভোটারদের ভোট দেওয়ার আহ্বান জানিয়েছেন। প্রার্থীদের মধ্যে ছিলেন ডেমোক্র্যাটিক প্রার্থী ও প্রধান প্রার্থী অ্যাসেম্বলি ম্যান জোহরান মামদানী, স্বাধীন প্রার্থী সাবেক গভর্নর অ্যান্ড্রু কুয়োমো এবং রিপাবলিকান প্রার্থী কার্টিস স্লিওয়া।

ডেমোক্র্যাটিক প্রাইমারিতে কুয়োমোকে পরাজিত করার ৬-এর পৃষ্ঠায় দেখুন

পথচলায় ৩০ বছর

The Weekly বাংলা পত্রিকা Bangla Patrika

■ Vol. 30 ‖ Issue 06 / November 03, 2025, USA. Free in NY, Other State $1

বর্ষ ৩০ ‖ সংখ্যা ০৬ ‖ সোমবার, নভেম্বর ০৩, ২০২৫, কার্তিক ১৮, ১৪৩২ ‖ রবিউল আউয়াল ১২, ১৪৪৭

নিউইয়র্ক সিটি মেয়রাল নির্বাচন

কে হচ্ছেন মেয়রঃ মামদানী নাকি কুওমো?







বাংলা পত্রিকা রিপোর্টঃ নিউইয়র্ক সিটির মেয়র নির্বাচনে আগাম ভোট গ্রহণ শেষ হয়েছে রোববার। এবারের আগাম ভোটে রেকর্ডসংখ্যক নিউইয়র্কার ভোট দিয়েছেন যা সিটির মেয়রাল নির্বাচনে ইতিহাস সৃষ্টি করেছে। প্রায় ৭ লাখ ৩৫ হাজারের বেশি আগাম ভোট কাস্ট হয়েছে। চূড়ান্ত নির্বাচনের আর মাত্র ১ দিন। ইতিমধ্যে প্রচার প্রচারণাও শেষ মুহূর্তে। এবারের নির্বাচন শুধুমাত্র নিউইয়র্কবাসীর জন্য নয়, এ মেয়র নিবার্চন আমেরিকার রাজনীতির নতুন দিকপাল হিসেবে বিবেচিত হচ্ছে।

বিগ অ্যাপল খ্যাত নিউইয়র্ক স্যাঙ্কচুয়ারি সিটি হিসেবে অভিবাসীদেরও আশ্রয়স্থল। এজন্য অভিবাসন বিরোধী বর্তমান প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পও এ সিটির মেয়র নির্বাচনে বেশ প্রভাব বিস্তার করচেন বলে বিশ্লেষকদের ধারণা। ইতিমধ্যে তিনি বেশ কয়েকবার মন্তব্য করেছেন যদি সোশ্যালিষ্ট মামদানী মেয়র নির্বাচিত হোন তাহলে তহবিল বন্ধ সহ ফেডারেল নিয়ন্ত্রণে নিবেন নিউইয়র্ককে।

এদিকে প্রগতিশীল ও ডেমোক্র্যাটিক প্রার্থী জোহরান মামদানী ধীরে ধীরে এগিয়ে যাচ্ছেন, তবে প্রতিদ্বন্দ্বিতা এখনো তীব্র। সাবেক গভর্নর অ্যান্ড্রু কুওমো শেষ মুহূর্তের প্রচারণায় লড়াইকে কঠিন ও বিতর্কিত করে তুলেছেন। এবারের নির্বাচনে মামদনীকে ঘায়েল করতে প্রচারণার অস্ত্র হিসেবে তিনি ইসলাম ফোবিয়াকে প্রতিষ্ঠা ও নাইন ইলেভেনকে ব্যবহার করছেন ও ধর্মীয় ও জাতি বিভাজন সৃষ্টি করতে চাচ্ছেন। যা নিউইয়র্কের অসাম্প্রদায়িক ও বহুমাত্রিকার জাতির বৈশিষ্ট্যকেও প্রশ্নবিদ্ধ করতে চাচ্ছেন এমনটি অভিযোগ রাজনৈতিক বিশ্লেষকদের। যদিও কুওমোও মুসলিম সম্প্রদায়ের ভোটারদের আগ্রহ টানতে তিনিও মামদানীর মতোই নিউইয়র্কের বিভিন্ন মসজিদে গিয়ে প্রচারণা চালিয়েছেন।

এদিকে মামদানীও মুসলিম, হিন্দু খ্রিস্টিয়ান সম্প্রদায় ৬-এর পৃষ্ঠায় দেখুন

বিচারকদের কারণে বাধাগ্রস্ত অবৈধ অভিবাসী বিতাড়ন

–মন্তব্য প্রেসিডেন্ট ট্রাম্পের

বাংলা পত্রিকা ডেস্ক রিপোর্টঃ বারাক ওবামা ও জো বাইডেন আমলে নিয়োগ পাওয়া উদারপন্থী বিচারকদের বাধার কারণে অবৈধ অভিবাসী বিতাড়ন অভিযান লক্ষ্য পূরণ হয়নি বলে জানিয়েছেন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প।



সিক্সটি মিনিট সাক্ষাৎকারে প্রেসিডেন্ট ট্রাম্প। ছবি সিবিএস নিউজ

সিবিএস'র সিক্সটি মিনিটস অনুষ্ঠানে এক সাক্ষাৎকারে প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প বলেন, "আমার মনে হয়, আইসের ৬-এর পৃষ্ঠায় দেখুন

নিউইয়র্ক সিটি মেয়র নির্বাচন

আগাম ভোট দিলেন রেকর্ড ৭ লাখ ৩৫ হাজার ভোটার

বাংলা পত্রিকা রিপোর্টঃ নিউইয়র্ক সিটি মেয়র নির্বাচনের আগাম ভোট শেষ হলো রবিবার বিকেল ৫টায়। নিউইয়র্ক সিটির ইতিহাসে এবারই রেকর্ড সংখ্যক সর্বোচ্চ ৭ লাখ ৩৫ হাজার আগাম ভোট দিয়েছেন ভোটাররা। এছাড়াও আগাম ভোটে তরুণ ভোটারদের উপস্থিতিও বেড়েছে। ১ দিন বিরতি দিয়ে সিটি মেয়র নির্বাচনে চূড়ান্ত ভোট হবে আগামী ৪ নভেম্বর মঙ্গলবার।

নিউইয়র্ক সিটি ইলেকশনের তথ্যমতে আগাম ভোটের শেষ দিন পর্যন্ত সিটির পাঁচটি বরোর মধ্যে ৭ লাখ ৩৫ হাজার ৩১৭ টি আগাম ভোট কাস্ট ৮-এর পৃষ্ঠায় দেখুন

ট্রাম্পের অবাধ্যতায় আমেরিকা অন্ধকারে যাচ্ছেঃ বারাক ওবামা

বাংলা পত্রিকা ডেস্ক রিপোর্টঃ সাবেক প্রেসিডেন্ট বারাক ওবামা ডেমোক্র্যাট ও ভোটারদের সতর্ক করে বলেছেন ট্রাম্পের 'অবাধ্যতা ও দায়িত্বহীনতার' জন্য এখন আমাদের দেশ ও আমেরিকার রাজনীতি অন্ধকারের দিকে যাচ্ছে। তাঁর 'অবাধ্যতা ও দায়িত্বহীনতার' বিরুদ্ধে লড়াই করুন।

বারাক ওবামা শনিবার দুই রাজ্যের গভর্নরের নির্বাচনে ডেমোক্র্যাট ৭-এর পৃষ্ঠায় দেখুন



ভার্জিনিয়ায় গভর্ণর নির্বাচনে ডেমোক্র্যাট প্রার্থীর পক্ষে সমাবেশে বক্তব্য দেন সাবেক প্রেসিডেন্ট বারাক ওবামা। ছবি রয়টার্স

যে কোন ইন্স্যুরেন্স পেতে আজই যোগাযোগ করুন



EXIT LUXURY INC.
BASE NO. B03152
APOLLO
INSURANCE BROKERAGE
WE DO TLC INSURANCE
Shamsher Ali
President & CEO
29-10 36th Ave., Astoria, NY 11106
Tel: 718-472-9800, Fax: 718-472-9801
e-mail: apollobrokerageinc@gmail.com
exitluxuryinc@gmail.com

ফুড স্ট্যাম্প অনিশ্চয়তায় বিপাকে যুক্তরাষ্ট্রের ৪ কোটি মানুষ

বাংলা পত্রিকা রিপোর্টঃ ফুড স্ট্যাম্প অনিশ্চয়তায় বিপাকে যুক্তরাষ্ট্রের ৪ কোটি ২০ লাখ মানুস। শনিবার ১ নভেম্বর থেকে সাপ্লিমেন্টাল নিউট্রিশন অ্যাসিসট্যান্স প্রোগ্রাম (স্ন্যাপ বা ফুড স্ট্যাম্প) এ ফেডারেল তহবিল বন্ধ রেখেছে। এতে বেশ কয়েকটি স্টেটে স্ন্যাপ সহায়তা বন্ধ রয়েছে। এতে করে জরম বিপদে পড়েছেন স্ন্যাপ সুবিধাভোগী নিম্নআয়ের মানুষেরা। এদিকে বৃহস্পতিবার ৭-এর পৃষ্ঠায় দেখুন

SNAP

রিয়েল এস্টেট ইনভেস্টমেন্ট
► প্রাইভেট অকশনের বাড়ি
► পাবলিক অকশনের বাড়ি
► ব্যাংক মালিকানা বাড়ি
► শর্ট-সেল ও REO-প্রপার্টি
কল করুনঃ
৫১৬-৪৫১-৩৭৪৮
Eastern Investment
150 Great Neck Road, Great Neck, NY 11021
nurulazim67@gmail.com



Nurul Azim

CORE CREDIT REPAIR
ক্রেডিট লাইন নিয়ে সমস্যায় পড়েছেন?
ক্রেডিট লাইনের কারনে বাড়ী-গাড়ী কিনতে পারছেন না? তাহলে এখনই ঠিক করে নিন আপনার ক্রেডিট লাইন
▪ TAX Liens Charge Offs ▪ Inquiries ▪ Collections
▪ Garnishment ▪ Bankruptcy ▪ Late Payments
call us 646-775-7008
www.cmscreditsolutions.com
Mohammad A Kashem
Credit Consultant
37-42, 72nd St, Suite#1D, Jackson Heights NY 11372
Email: kashem2003@gmail.com

TiME TV PLUS
টাইম টিভিসহ দেশী-বিদেশী দেড় শতাদিক চ্যানেল দেখুন
Time TV + এ
বাৎসরিক চার্জ $100
যোগাযোগঃ ৬৪৬-২৯১-৭৪০৮

বাঙ্গালীদের সর্ববৃহৎ ট্রাভেল এজেন্ট
BANGLA TRAVELS
JACKSON HEIGHTS NEW YORK
আমরা বিভিন্ন এয়ারলাইন্সের স্টক হোল্ডার
7305 37th ROAD, JACKSON HEIGHTS, NY 11372
সুপার সেল
$৫৪৯+
917-396-4140, 917-592-7828



MOHAMMAD B HOSSAIN (BELAL) President & CEO

অন্তর্বর্তী সরকার ও ঐকমত্য কমিশন বিশ্বাসঘাতকতা করেছে –মির্জা ফখরুল



বাংলা পত্রিকা ডেস্কঃ বিএনপির মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর বলেছেন, অন্তর্বর্তী সরকার, জাতীয় ঐকমত্য কমিশন দেশ ও জনগণের সঙ্গে বিশ্বাসঘাতকতা করেছে। জনগণের সঙ্গে প্রতারণা করেছে।

শুক্রবার রাজধানীর জাতীয় প্রেসক্লাবে আয়োজিত এক আলোচনা সভায় এসব কথা বলেন মির্জা ফখরুল। জাতীয় সমাজতান্ত্রিক দলের (জেএসডি) ৫৩ তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে এই আলোচনা সভার আয়োজন করা হয়।

জুলাই জাতীয় সনদ ও তা বাস্তবায়নের সুপারিশ নিয়ে আলোচনা সভায় কথা বলেন বিএনপির মহাসচিব। তিনি বলেন, দেখা গেল, যখন এটা (সুপারিশ) তারা (জাতীয় ঐকমত্য কমিশন) উপস্থাপন করল অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টার কাছে, তখন সেটায় অনেক পার্থক্য। বিশেষ করে তাঁরা যে নোট অব ডিসেন্টগুলো দিয়েছিলেন, সেগুলো যেন সুপারিশে উল্লেখ করা হয়, তেমনটা বলেছিলেন। এ ব্যাপারে তাঁরা আস্থা-বিশ্বাস রেখেছিলেন। কিন্তু সেই আস্থা, বিশ্বাসের সঙ্গে তারা বিশ্বাসঘাতকতা করেছে। জনগণের সঙ্গে প্রতারণা করেছে। যেটা তাঁরা তাদের কাছ থেকে আশা করেননি।

বিএনপি সংস্কারের পক্ষের দল বলে মন্তব্য করেন মির্জা ফখরুল। তিনি বলেন, মতভেদ থাকলেও তাঁরা জুলাই সনদে স্বাক্ষর করেছেন। যেসব প্রস্তাব নিয়ে ভিন্নমত ছিল, সেখানে তাঁরা 'নোট অব ডিসেন্ট' দিয়েছে। জনগণের ভোটে ক্ষমতায় গেলে তাঁরা সেগুলো বাস্তবায়ন করবেন। জনগণ ভোট না দিলে বাস্তবায়ন করবেন না।

বিএনপির মহাসচিব বলেন, 'আমাদের মতভেদ থাকলেও মূল যে সনদ, সেই সনদে আমরা স্বাক্ষর করেছিলাম। এটাই নিয়ম ৮-এর পৃষ্ঠায় দেখুন

'বিএনপি সব জায়গায় গিয়ে ঝামেলা সৃষ্টির সিদ্ধান্ত নিচ্ছে' –জামায়াতের নায়েবে আমির মোহাম্মদ তাহের



বাংলা পত্রিকা ডেস্কঃ 'বিএনপি সব জায়গায় গিয়ে ঝামেলা সৃষ্টির সিদ্ধান্ত নিচ্ছে।' বলে মন্তব্য করেছেন জামায়াতে ইসলামীর নায়েবে আমির সৈয়দ আবদুল্লাহ মোহাম্মদ তাহের।

শুক্রবার কুমিল্লা সদর দক্ষিণ উপজেলার পদুয়ার বাজার এলাকায় কুমিল্লা সেন্ট্রাল মেডিকেল কলেজ মিলনায়তনে জামায়াত আয়োজিত এক সমাবেশ অনুষ্ঠানে সাংবাদিকদের সাথে আলাপকালে তিনি বলেন, সৈয়দ আবদুল্লাহ মোহাম্মদ তাহের বলেন, 'জামায়াতে ইসলামী শুরু থেকেই বলছে গণভোটের মাধ্যমে জনগণের রায় নিয়েই সংস্কার করতে হবে। কারণ, জনগণই ক্ষমতার উৎস। এখন বিএনপি বলছে, আমরা গণভোট মানি, তবে জাতীয় নির্বাচন ও গণভোট একই সঙ্গে হতে হবে। গণভোট হচ্ছে সংস্কারের জন্য আর জাতীয় নির্বাচন হচ্ছে সরকার গঠনের জন্য। তারা তালের রস আর রামের রস একসাথে মেশাতে চায়। বিএনপি সব জায়গায় গিয়ে ঝামেলা সৃষ্টির সিদ্ধান্ত নিচ্ছে।'

তাহের বলেন, 'ঐকমত্য কমিশনের মাধ্যমে একমত হয়ে আমরা সবাই জুলাই সনদে স্বাক্ষর করেছি। সবকিছু পর্যালোচনা শেষে সবাই একমত হয়েছি, একটি সাংবিধানিক আদেশের মাধ্যমে জুলাই সনদকে গ্রহণ করা হবে এবং এটার ওপর একটা গণভোট হবে। গণভোটের পর যে নির্বাচন হবে, সেই নির্বাচনের সংসদের মাধ্যমে ২৭০ দিনে এটাকে সংবিধানে যুক্ত করা হবে। সবকিছু ঠিক, আমরাও রাজি, বিএনপিও রাজি। কিন্তু হঠাৎ করেই বিএনপি পল্টি নিয়েছে। তারা এত দিন ধরে জাতীয় ঐকমত্য কমিশনে থেকে জুলাই সনদে স্বাক্ষরের পর এখন বলছে, আমরা এটাকে মানি না। বিএনপি বর্তমানে অন্যায়ভাবে এই সরকারের ওপর চাপ সৃষ্টি করছে।'

সৈয়দ আবদুল্লাহ মোহাম্মদ তাহের বলেন, ৮-এর পৃষ্ঠায় দেখুন

প্রধান উপদেষ্টার নিয়োগকর্তারাও এখন বলছেন তাঁরা প্রতারিত –মাহমুদুর রহমান মান্না



বাংলা পত্রিকা ডেস্কঃ জুলাই সনদ বাস্তবায়নের সুপারিশের সমালোচনা করতে গিয়ে অভ্যুত্থানে নেতৃত্ব দেওয়া তরুণদের আপত্তির কথাও তুলে ধরলেন নাগরিক ঐক্যের সভাপতি মাহমুদুর রহমান মান্না।

মাহমুদুর রহমান বলেছেন, 'ড. ইউনূস (প্রধান উপদেষ্টা মুহাম্মদ ইউনূস) ফ্রান্স থেকে উড়ে এসে ক্ষমতা নেবার পরে বা দায়িত্ব নেবার পরে যখন বললেন, এরাই (ছাত্ররা) আমার নিয়োগকর্তা। সেই নিয়োগকর্তারা পর্যন্ত বলেছে, ওরা (সরকার) আমাদের সাথে প্রতারণা করেছে।'

শুক্রবার রাজধানীর ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশন মিলনায়তনে গণসংহতি আন্দোলনের জাতীয় সম্মেলনের উদ্বোধন অনুষ্ঠানে এ কথা বলেন মাহমুদুর রহমান। এই অনুষ্ঠানে বিএনপির মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীরসহ কয়েকটি রাজনৈতিক দলের নেতারা উপস্থিত ছিলেন।

জাতীয় ঐকমত্য কমিশন গত মঙ্গলবার জুলাই জাতীয় সনদ বাস্তবায়নের সুপারিশ অন্তর্বর্তী সরকারের কাছে হস্তান্তরের পর থেকে রাজনৈতিক অঙ্গনে চলছে তা নিয়ে আলোচনা। জুলাই অভ্যুত্থানে নেতৃত্ব দেওয়া তরুণদের দল জাতীয় নাগরিক পার্টি (এনসিপি) এই সনদে সই-ই করেনি এখনো। সনদ বাস্তবায়ন আদেশ জারি করার দাবি তোলার পাশাপাশি কিছু বিষয় নিয়ে তারা আপত্তি তুলেছে।

বিএনপি তাদের 'নোট অব ডিসেন্ট'গুলো বাদ দেওয়ায় এবং কমিশনের সভায় আলোচনা হয়নি, এমন বিষয় যুক্ত করায় ক্ষোভ জানিয়েছে। পাশাপাশি সংসদ নির্বাচনের আগে গণভোট নিয়েও আপত্তি রয়েছে বিএনপির।

এই সনদে স্বাক্ষরকারী মান্না বলেন, জুলাই জাতীয় সনদে সই করার পর 'সরকার গায়ের জোরে, মূর্খের মতো যা ইচ্ছা, ৮-এর পৃষ্ঠায় দেখুন



হোম কেয়ার সার্ভিস (CDPAP) নিতে চান?



Bestcare
Home care, your care.

আমরা বাংলায় কথা বলি

PPL & NYS
DEPARTMENT OF HEALTH
অনুমোদিত
CDPAP - FACILITATOR

১৯৮১ সাল থেকে স্বাস্থ্যসেবায় কমিউনিটির সাথে আছি

আজই যোগাযোগ করুন - (516) 731-7808

3000 Hempstead Turnpike, Suite 205, Levittown, New York 11756
Email: cdpap@bestcare.com

Nassau	Queens	Bronx	Staten Island	Suffolk	Manhattan	Brooklyn
50 Clinton Street Suite 201 Hempstead, NY 11550	70-50 Austin Street Lower Level 130 Forest Hills, NY 11375	4119 White Plains Road Bronx, NY 10466	60 Bay Street Suite 506 Staten Island, NY 10301	97 West Main Street Bayshore, NY 11706	260 West 36th Street Suite 400 New York, NY 10018	1781 Flatbush Avenue 2nd Floor Brooklyn, NY 11210

ওয়ার্ক পারমিট'র স্বয়ংক্রিয় নবায়ন বন্ধ

বাংলা পত্রিকা ডেস্ক: যুক্তরাষ্ট্রের ডিপার্টমেন্ট অব হোমল্যান্ড সিকিউরিটি (ডিএইচএস) নতুন এক নিয়ম ঘোষণা করেছে। এখন থেকে অভিবাসী কর্মীদের ওয়ার্ক অথোরাইজেশন (ইএডি) মেয়াদ আর স্বয়ংক্রিয়ভাবে নবায়ন করা হবে না। এতে হাজার হাজার বিদেশি কর্মীর ওপর এর নেতিবাচক প্রভাব পড়বে।

হোমল্যান্ড সিকিউরিটি বিভাগ গত বুধবার জানিয়েছে, ২০২৫ সালের ৩০ অক্টোবর বা তার পর থেকে যেসব অভিবাসী কর্মী তাঁদের ইএডি নবায়নের জন্য আবেদন করবেন, তাঁরা আর স্বয়ংক্রিয়ভাবে মেয়াদ বাড়ার সুবিধা পাবেন না। তবে ৩০ অক্টোবরের আগে যে ইএডির মেয়াদ নিজে থেকেই বেড়েছে, সেগুলোর কোনো সমস্যা হবে না।

ট্রাম্প প্রশাসন বলেছে, নতুন নিয়মের উদ্দেশ্য হচ্ছে 'জনগণের নিরাপত্তা ও দেশের সুরক্ষা নিশ্চিত করতে আরও বেশি করে যাচাই-বাছাই করা।'

ট্রাম্প প্রশাসনের এই পদক্ষেপ বাইডেন প্রশাসনের একটি পুরোনো নিয়মকে বদলে দিল। সেই নিয়মে ওয়ার্ক পারমিটের মেয়াদ শেষ হয়ে গেলেও সময়মতো নবায়নের আবেদন করলে এবং নির্ধারিত কিছু শর্ত পূরণ করলে অভিবাসীরা ৫৪০ দিন পর্যন্ত কাজ চালিয়ে যেতে পারতেন।

প্রশাসন বলছে, এখন থেকে তারা অভিবাসী কর্মীদের অতীত আরও ঘন ঘন পরীক্ষা করবে। এর ফলে তারা 'প্রতারণা আটকাতে এবং যুক্তরাষ্ট্রের বিরুদ্ধে ক্ষতিকর উদ্দেশ্য নিয়ে আসা' লোকজনকে খুঁজে বের করতে পারবে।

ইউএসসিআইএসের পরিচালক জোসেফ এডলো এই সিদ্ধান্তকে 'সাধারণ বুদ্ধি দিয়ে নেওয়া একটি পদক্ষেপ' বলে উল্লেখ করেছেন। তিনি মনে করিয়ে দিয়েছেন, যুক্তরাষ্ট্রে কাজ করাটা অভিবাসী কর্মীদের 'অধিকার নয়, বরং বিশেষ সুযোগ'।

ইউএসসিআইএস পরামর্শ দিয়েছে, অভিবাসীরা তাঁদের ইএডির মেয়াদ শেষ হওয়ার ১৮০ দিন আগে নবায়নের আবেদন করুন। তারা সতর্ক করে দিয়ে বলেছে, ইএডি নবায়নের আবেদন জমা দিতে যত বেশি দেরি হবে, কর্মক্ষেত্রে বৈধতা বা নথিপত্রের অভাবে সাময়িকভাবে কাজ বন্ধ হয়ে যাওয়ার ঝুঁকি তত বাড়বে।

ইএডি কী, কাদের লাগে

ইএডি (ফর্ম আই-৭৬৬) হলো এমন একটি কাগজ, যা প্রমাণ করে যে আপনি একটি নির্দিষ্ট সময়ের জন্য যুক্তরাষ্ট্রে কাজ করার অনুমতি পেয়েছেন।

যুক্তরাষ্ট্রের স্থায়ী বাসিন্দাদের (এমনকি গ্রিন কার্ডধারী) ইএডি লাগে না।

এইচ-১বি, এল-১বি-এর মতো অন্য বিশেষ ভিসাধারীদেরও সাধারণত এই কাগজ লাগে না।

এইচ-১বি ভিসার অন্য খবর

এর আগে গত সেপ্টেম্বরে ট্রাম্প প্রশাসন নতুন এইচ-১বি ভিসার বার্ষিক ফি বাড়িয়ে ১ লাখ ডলার করেন। এই সিদ্ধান্তের উদ্দেশ্য ছিল শুধু 'খুবই দক্ষ' কর্মীদেরই যুক্তরাষ্ট্রে আনা।

এ ছাড়া ফ্লোরিডার গভর্নর রন ডিস্যান্টিস বিশ্ববিদ্যালয়ে এইচ-১বি ভিসার মাধ্যমে বিদেশি কর্মী নিয়োগ বন্ধ করে আমেরিকান নাগরিকদের নিয়োগ দেওয়ার নির্দেশ দিয়েছেন।

ভারতীয় বংশোদ্ভূত আমেরিকানের ৫০ কোটি ডলারের 'বিস্ময়কর' ঋণ জালিয়াতি!

বাংলা পত্রিকা ডেস্ক: ভারতীয় বংশোদ্ভূত আমেরিকান নাগরিক ও টেলিকম কর্মকর্তা বঙ্কিম ব্রহ্মভট্টের বিরুদ্ধে বড় ধরনের ঋণ জালিয়াতির অভিযোগ উঠেছে। ওই জালিয়াতির তিনিই মূল পরিকল্পনাকারী বলে অভিযোগ করা হচ্ছে। এই কেলেঙ্কারির কারণে র‍্যাকরাকের ঋণ শাখা এবং আরও কয়েকটি বৈশ্বিক বিনিয়োগকারী সংস্থার ৫০ কোটি কোটি ডলারের বেশি ক্ষতি হয়েছে বলে দাবি করা হচ্ছে।

নিউইয়র্কভিত্তিক যুক্তরাষ্ট্রের প্রভাবশালী দৈনিক দ্য ওয়াল স্ট্রিট জার্নালের এক বিশেষ প্রতিবেদনে এটিকে 'বিস্ময়কর' আর্থিক জালিয়াতির ঘটনা হিসেবে বর্ণনা করা হয়েছে।



বঙ্কিম ব্রহ্মভট্ট

কে এই বঙ্কিম ব্রহ্মভট্ট

ব্রহ্মভট্ট বৈশ্বিক টেলিকম-পরিষেবা শিল্পে অপেক্ষাকৃত অপরিচিত দুটি সংস্থা–ব্রডব্যান্ড টেলিকম ও ব্রিজভয়েসের সঙ্গে যুক্ত। দুটি সংস্থাই ব্যাঙ্কাই গ্রুপের অধীনে কাজ করে।

২০২৫ সালের জুলাই মাসে ব্যাঙ্কাই গ্রুপ এক্স (পূর্বের টুইটার)-এর একটি পোস্টে ব্রহ্মভট্টকে প্রেসিডেন্ট এবং সিইও হিসেবে পরিচয় করিয়ে দিয়েছিল।

এক্সে দেওয়া ব্যাঙ্কাই গ্রুপের পরিচয় দেওয়া হয়েছে এভাবে–"টেলিকমিউনিকেশন শিল্পে বিশ্বব্যাপী স্বীকৃত নেতা, যারা টেলকো, অপারেটর এবং আরও অনেকের সঙ্গে টেলিকম প্রযুক্তি ও ক্যারিয়ার ব্যবসায়িক সৌহার্দ্যকে লালন করে।'

প্রতিষ্ঠানটির ওয়েবসাইট অনুসারে, ব্রহ্মভট্টের প্রতিষ্ঠান সারা বিশ্বের টেলিকম অপারেটরদের অবকাঠামো ও সংযোগের সরঞ্জাম সরবরাহ করে।

মনে হচ্ছে, ব্রহ্মভট্টের লিঙ্কডইন প্রোফাইলটি সরিয়ে ৮-এর পৃষ্ঠায় দেখুন

The Weekly Bangla Patrika
Editor: Abu Taher
Tel : 718 482 9923
718 482 1169
Fax: 718 482 9935

সম্পাদকীয়

নিউইয়র্কের মেয়র নির্বাচন

মুসলিম ভোটারদের জাগরণ এবং সহাবস্থানের নতুন অধ্যায়

নিউইয়র্ক এমন এক শহর, যার প্রতিটি রাস্তা যেন পৃথিবীর প্রতিটি দেশের সংস্কৃতির আর ঐতিহ্য'র গল্প বলে। এই সিটির আকাশে যেমন নানা ভাষার প্রতিধ্বনি মিশে থাকে, তেমনি ধর্ম, বর্ণ, সংস্কৃতি আর স্বপ্নের রঙও গলে যায় একে অপরের সঙ্গে। সেই বহুরঙা সিটিতে যখন মেয়র নির্বাচনের ডামাডোল বেজে ওঠে, তখন কেবল রাজনীতির অঙ্ক নয় বহু জাতির সহাবস্থানের মেলবন্ধনও যেন নতুন আলোয় উন্মোচিত হয়।

এই নির্বাচনে যে গোষ্ঠীর ভূমিকা ক্রমশ গুরুত্বপূর্ণ হয়ে উঠছে, তা হলো মুসলিম সম্প্রদায়। একসময় মূলধারার রাজনীতির প্রান্তে থাকা এই জনগোষ্ঠী এখন নিউইয়র্কের রাজনৈতিক মানচিত্রে দৃশ্যমান, প্রভাবশালী এবং আত্মবিশ্বাসী। বাংলাদেশি, পাকিস্তানি, আরব, আফ্রিকান ও দক্ষিণ এশীয় বংশোদ্ভূত মুসলিমরা এখন ভোটের মাঠে কণ্ঠ তুলছেন ন্যায়, উন্নয়ন ও ন্যায্য প্রতিনিধিত্বের দাবিতে।

তাদের এই অংশগ্রহণ কেবল সংখ্যার হিসাব নয়; এটি এক নীরব বিপ্লবের প্রতিধ্বনি। এটি এমন এক শহরের গল্প, যে শহর জানে গণতন্ত্র তখনই পূর্ণ হয়, যখন প্রত্যেকে তার কণ্ঠ তুলে ধরতে পারে মর্যাদা ও সমতার সঙ্গে।

২০০১ সালের ভয়াবহ নাইন-ইলেভেন পরবর্তীতে এখানে ইসলামভীতি ছড়িয়ে দেয়া হয়েছিলো। সেখান থেকে একে একে মুসলিম সম্প্রদায় সকল ধর্ম ও জাতির কাছে ইসলামভীতি দূর করে এখন সহবস্থান তৈরী করেছে আরো প্রকটভাবে। কারণ এটি নিউইয়র্ক সিটি। ধীরে ধীরে রাজনৈতিক শক্তিতে পরিণত হয়েছেন নিউইয়র্কের মুসলিমরা। তাঁদের এই সাফল্যের সবচেয়ে উজ্জ্বল প্রতিফলন নিউইয়র্ক সিটির ডেমোক্র্যাট মেয়র প্রার্থী জোহরান মামদানি ও মুসলিম ভোটার বৃদ্ধি।

নিউইয়র্কের বিশেষত্বই এই এখানে ধর্মীয় বা জাতিগত পরিচয় বিভেদের দেয়াল নয়, বরং সহাবস্থানের সেতু। এই সিটির মসজিদে যেমন আজানের ধ্বনি ওঠে, তেমনি গির্জার ঘন্টাধ্বনি বা সিনাগগের প্রার্থনাও মিশে যায় একই আকাশে। নিউইয়র্ক তাই কেবল একটি শহর নয়, বরং মানবিক ঐক্যের জীবন্ত প্রতীক।

এই প্রেক্ষাপটে মুসলিম ভোটারদের সক্রিয়তা শুধু রাজনৈতিক নয়, এটি সামাজিক এবং নৈতিক জাগরণেরও চিহ্ন। তারা যেমন তাদের অধিকার দাবি করছেন, তেমনি শহরের সাম্প্রদায়িক সম্প্রীতির ঐতিহ্যকেও শক্ত হাতে ধারণ করছেন। বিভাজনের রাজনীতি নয়, তারা বলছেন একসাথে বাঁচার, একসাথে এগিয়ে যাওয়ার কথা।


নিউইয়র্কের পরবর্তী মেয়র যেই হোন না কেন, তার সামনে চ্যালেঞ্জ হবে এই বহুজাতিক ঐক্যের সুরটিকে আরও মেলাতে পারা। কারণ, এই সিটির আসল শক্তি তার বৈচিত্র, তার সহনশীলতা, তার মানুষ।

নিউইয়র্ক আজ দাঁড়িয়ে আছে এক নতুন অধ্যায়ের দোরগোড়ায় যেখানে মুসলিম ভোটারদের জাগরণ কেবল একটি সম্প্রদায়ের রাজনৈতিক উত্থান নয়, বরং এক শহরের অন্তর্ভুক্তিমূলক চেতনার পুনর্জাগরণ। এটি আমাদের মনে করিয়ে দেয়, সত্যিকারের গণতন্ত্র তখনই অর্থবহ হয়, যখন প্রতিটি মানুষ, প্রতিটি প্রার্থনা এবং প্রতিটি স্বপ্নের স্থান থাকে সমানভাবে সেই শহরের হৃদয়ে।

সফলতার ২৮ বছরে
বাংলা পত্রিকা
যুক্তরাষ্ট্রের নিউইয়র্ক থেকে প্রকাশিত ও বহুল প্রচারিত প্রবাসী বাঙালি কমিউনিটির মুখপাত্র সাপ্তাহিক বাংলা পত্রিকা পড়ুন, লেখুন ও আপনার ব্যবসার প্রসারে বিজ্ঞাপন দিন
এ ছাড়াও দেশ ও প্রবাসে সর্বশেষ বস্তুনিষ্ঠ সংবাদ পেতে চোখ রাখুন আমাদের অনলাইন এবং ফেসবুক পেইজে
www.banglapatrikausa.com
Gmail banglapatrikausa@gmail.com

অধরা জাতীয় ঐক্য ও সংঘাতের শঙ্কা

অরুণ কর্মকার



বিভাজন যেখানে ঘরে ঘরে, জনে জনে, সেখানে জাতীয় ঐক্য প্রতিষ্ঠার উদ্যোগ নেওয়া যথেষ্ট সাহসের কাজই বটে। অন্তর্বর্তী সরকার সেই সাহস দেখিয়েছিল। দেশি-প্রবাসী-বিদেশি একদল প্রাজ্ঞজনের সমন্বয়ে গঠন করেছিল জাতীয় ঐকমত্য কমিশন। যদিও কমিশনের সভাপতি হিসেবে এর স্টিয়ারিং হুইল ছিল প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূসের হাতেই। কিন্তু বাস্তব কর্মক্ষেত্রে দীর্ঘ ২৭০ দিন ধরে ৩০টি রাজনৈতিক দলের সঙ্গে আলাপ-আলোচনার সমন্বয় করেছেন সহসভাপতি অধ্যাপক আলী রীয়াজের নেতৃত্বে কমিশনের অন্য সদস্যরা। জাতীয় ঐক্য গড়ার জন্য যে রাজনৈতিক প্রজ্ঞা ও অভিজ্ঞতা প্রয়োজন, তার সবই হয়তো এই সদস্যদের ছিল বা আছে। কিন্তু তাঁদের অধ্যবসায়ে কিছু একটার যে অভাব ছিল, তা এখন স্পষ্ট। না হলে জুলাই সনদ বাস্তবায়নের সুপারিশসহ প্রতিবেদন চূড়ান্ত করে প্রধান উপদেষ্টার কাছে উপস্থাপন করার সঙ্গে সঙ্গে বিভেদ-বিভাজন ও অনৈক্যের আগুনে একেবারে ঘি পড়ার মতো অবস্থা হলো কেন? এ কথা মনে করার কোনো কারণ নেই যে কমিশনের সভাপতি তথা প্রধান উপদেষ্টার অজ্ঞাতসারে কিংবা অনুমোদন ছাড়া এই প্রতিবেদন চূড়ান্ত হয়েছে। প্রধান উপদেষ্টা হিসেবে তিনি যেমন প্রতিবেদন গ্রহণ করেছেন, তেমনি কমিশনের সভাপতি হিসেবে ওই প্রতিবেদনে স্বাক্ষরও করেছেন।

তাহলে সবাই তো ছিলেন। তারপরও তাঁদের অধ্যবসায়ে কিসের এত অভাব ছিল, যাতে প্রতিবেদনে সন্নিবেশিত সুপারিশগুলো প্রকাশ হওয়ার পরই বিএনপি ঐকমত্য কমিশন সম্পর্কে প্রতারণার অভিযোগ তুলল! একই সঙ্গে প্রধান উপদেষ্টার দিকেও অভিযোগের তির ছুড়ল! বিএনপির মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীরের বয়ানে–জুলাই সনদের বাস্তবায়ন প্রক্রিয়ায় নোট অব ডিসেন্ট উপেক্ষা করে জনগণ ও রাজনৈতিক দলগুলোর সঙ্গে প্রতারণা করা হয়েছে। এই কারণে নির্বাচনে কোনো রকম ব্যত্যয় ঘটলে তার দায়দায়িত্ব ড. ইউনূসকেই নিতে হবে। রাজনৈতিক দলগুলোর সঙ্গে ঐকমত্য কমিশনের আলোচনা এবং প্রণীত সুপারিশের মধ্যে কী এমন সামঞ্জস্যহীনতা রেখে দেওয়া হয়েছে, যাতে সালাহউদ্দিন আহমদ বললেন যে কমিশনের সুপারিশে জাতীয় ঐক্য সৃষ্টি হবে না, জাতি বিভক্ত হবে! বিএনপির স্থায়ী কমিটির এই সদস্য ঐকমত্য কমিশনের সঙ্গে দীর্ঘ আলোচনায় বিএনপির প্রধান প্রতিনিধি ছিলেন। তিনি যখন বলেন, ঐকমত্য কমিশনে যেসব বিষয়ে আলোচনা হয়েছে, সেগুলো সুপারিশে নেই কিংবা বিএনপি যে জুলাই সনদে স্বাক্ষর করেছে, সুপারিশের সঙ্গে যুক্ত করা সনদ সেটি নয়, তখন তা জনপরিসরে বিশেষ কিছুর ইঙ্গিত দেয়।

> ... শেখ হাসিনার সরকারের পতনের পর থেকেই বিভিন্ন ইস্যুতে দল দুটির মধ্যে অনৈক্যের সুর স্পষ্ট ও তীব্রতর হতে থাকে। বর্তমানে জুলাই সনদ বাস্তবায়নে ঐকমত্য কমিশনের সুপারিশ ঘিরে দল দুটির অবস্থান সম্পূর্ণ বিপরীত মেরুতে। এনসিপির অবস্থান কিছুটা ভিন্ন হলেও তা জাতীয় ঐক্যের সমার্থক নয়। অন্যান্য রাজনৈতিক দলের অবস্থানও 'হয় এদিকে নয় ওদিকে'। জুলাই অভ্যুত্থানের রাজনৈতিক শক্তির মধ্যে এই যে অনৈক্য, সেটা অন্তর্বর্তী সরকারেরও মাথাব্যথার কারণ হয়ে উঠেছে...

আবার বিএনপির এই প্রতিক্রিয়ার সম্পূর্ণ বিপরীত প্রতিক্রিয়া দেখা যায় জামায়াতের। জামায়াতের প্রতিক্রিয়ায় স্পষ্ট প্রতীয়মান হয় যে তারা ঐকমত্য কমিশনের সুপারিশের সঙ্গে শতভাগ সহমত পোষণ করে। এখন তারা সরকারের ওপর ক্রমাগতভাবে চাপ বাড়িয়ে যাচ্ছে জুলাই জাতীয় সনদ বাস্তবায়নের আদেশ জারি করা এবং গণভোটের তারিখ ঘোষণার জন্য। এ ব্যাপারে অন্তর্বর্তী সরকারের প্রতি জামায়াতের সর্বশেষ দাবি ছিল গতকাল শুক্রবার জুলাই সনদ বাস্তবায়নের আদেশ জারি করার। গত বৃহস্পতিবার এক সংবাদ সম্মেলনে জামায়াতের নায়েবে আমির সৈয়দ আবদুল্লাহ মোহাম্মদ তাহের বলেছেন, জামায়াত রাষ্ট্র সংস্কারে দেওয়া ঐকমত্য কমিশনের প্রস্তাবগুলোর পূর্ণ বাস্তবায়ন চায়। সে জন্য আগামীকালের (শুক্রবার) মধ্যে জুলাই সনদ বাস্তবায়ন আদেশ জারি করতে হবে। এই বক্তব্যে এ বিষয়টি স্পষ্ট যে ঐকমত্য কমিশনের সুপারিশমালা নিয়ে তাদের কোনো দ্বিমত নেই।

গণভোটের বিষয়ে জামায়াতের বক্তব্য হলো–জুলাই সনদ বাস্তবায়ন আদেশ জারির পর গণভোটের আয়োজন করতে হবে। সেটা অবশ্যই জাতীয় নির্বাচনের আগে এবং সেটি চলতি নভেম্বর মাসের মধ্যে হওয়াই সমীচীন। এ ব্যাপারে যত দেরি হবে ততই সরকার জনগণের আস্থা হারাবে। জামায়াত একই দিনে নির্বাচন ও গণভোট অনুষ্ঠান সমর্থন করে না। গণভোটের পর ফেব্রুয়ারিতেই জাতীয় সংসদ নির্বাচন হতে হবে। এর মধ্যে এমন কোনো বিষয় সামনে আনা যাবে না (সরকার কিংবা কোনো রাজনৈতিক দলের পক্ষ থেকে) যাতে ফেব্রুয়ারির প্রথমার্ধের নির্বাচন অনিশ্চয়তার মধ্যে পড়ে।

জুলাই সনদ বাস্তবায়নের ক্ষেত্রে জাতীয় ঐকমত্য কমিশনের সুপারিশের বিষয়ে জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) অবস্থান অনেকটাই জামায়াতের কাছাকাছি। অবশ্য গণভোটের সময় নিয়ে জামায়াতের মতো এনসিপির কঠোর কোনো অবস্থান নেই। তারা একই দিনে জাতীয় নির্বাচন ও গণভোট অনুষ্ঠানে যেমন রাজি, তেমনি গণভোট জাতীয় নির্বাচনের আগে হলেও তাদের আপত্তি নেই। তবে তারা চায় প্রধান উপদেষ্টা অবিলম্বে শহীদ মিনারে গিয়ে জুলাই সনদ বাস্তবায়নের আদেশ ঘোষণা করবেন এবং এনসিপি সেখানেই সনদে স্বাক্ষর করবে।

জুলাই অভ্যুত্থানে অংশগ্রহণকারী এবং বর্তমানে ক্রিয়াশীল রাজনৈতিক দলগুলোর মধ্যে বিএনপির পরেই জামায়াতকে গণ্য করা হয়। অবশ্য শেখ হাসিনার সরকারের পতনের পর থেকেই বিভিন্ন ইস্যুতে দল দুটির মধ্যে অনৈক্যের সুর স্পষ্ট ও তীব্রতর হতে থাকে। বর্তমানে জুলাই সনদ বাস্তবায়নে ঐকমত্য কমিশনের সুপারিশ ঘিরে দল দুটির অবস্থান সম্পূর্ণ বিপরীত মেরুতে। এনসিপির অবস্থান কিছুটা ভিন্ন হলেও তা জাতীয় ঐক্যের সমার্থক নয়। অন্যান্য রাজনৈতিক দলের অবস্থানও 'হয় এদিকে নয় ওদিকে'। জুলাই অভ্যুত্থানের রাজনৈতিক শক্তির মধ্যে এই যে অনৈক্য, সেটা অন্তর্বর্তী সরকারেরও মাথাব্যথার কারণ ৮-এর পৃষ্ঠায় দেখুন

গভীর সংকটে একীভূত হতে যাওয়া ৫ ব্যাংক

বাংলা পত্রিকা ডেস্ক: আইসিইউতে থাকা রোগীর চিকিৎসার জন্য, বিদেশে বৃত্তিপ্রাপ্ত সন্তানের জন্য, এমনকি মেয়ের বিয়ের জন্য জমানো টাকাও গ্রাহককে দিতে পারছে না একীভূত হতে যাওয়া ব্যাংকগুলো। গ্রাহকদের অভিযোগের ভিত্তিতে সংশ্লিষ্ট পাঁচ ব্যাংকে খোঁজ নিয়ে এমন তথ্য জানা গেছে। ব্যাংক মার্জারের ঘোষণা দেওয়া হলেও কার্যকরী কোনো উদ্যোগ না থাকায় এই ব্যাংকগুলো এখন নানা সমস্যায় জর্জরিত। মার্জার উদ্যোগ ঘোষণার পর একদিকে নতুন আমানত আসছে না, অন্যদিকে আপাতত বাংলাদেশ ব্যাংকেরও কোনো সহযোগিতা নেই। ব্যবসা করতে পারছে না ব্যাংকগুলো। সব মিলিয়ে গভীর সংকটে আছে এই পাঁচ ব্যাংক।

খোঁজ নিয়ে জানা গেছে, নানামুখী সমস্যায় জর্জরিত এই ব্যাংকগুলো। গ্রাহকদের পাশাপাশি কর্মকর্তারাও চাপে আছেন। আমানতকারীরা অভিযোগ করে বলেছেন, জমানো টাকা যদি প্রয়োজনে ব্যাংক দিতে না পারে, তাহলে মানুষ কেন সেখানে টাকা রাখবে? এমন সব অভিযোগ নিয়ে প্রায় প্রতিদিনই কর্মকর্তাদের সঙ্গে গ্রাহকদের বাগ্‌বিতণ্ডা হচ্ছে। কখনো কখনো তা মারামারির পর্যায়ে চলে যাচ্ছে।

বাংলাদেশ ব্যাংকের ঘোষণা অনুযায়ী, একীভূত হতে যাওয়া পাঁচটি ব্যাংক হচ্ছে ফার্স্ট সিকিউরিটি ইসলামী ব্যাংক, সোশ্যাল ইসলামী ব্যাংক, গোবাল ইসলামী ব্যাংক, ইউনিয়ন ব্যাংক এবং এক্সিম ব্যাংক। নতুন ব্যাংকের নাম এরই মধ্যে চূড়ান্ত করা হয়েছে। 'ইউনাইটেড ইসলামিক ব্যাংক' বা 'সম্মিলিত ইসলামিক ব্যাংক'। আমানতের টাকা ফেরত না পেয়ে এই ব্যাংকগুলোর গ্রাহকদের মধ্যে হতাশা ও উদ্বেগ সৃষ্টি হয়েছে। তাদের শেয়ারদরে পতন ঘটেছে, যা বিনিয়োগকারীদের মধ্যে আতঙ্ক সৃষ্টি করেছে।

হতাশার কারণ হিসেবে অর্থনীতিবিদরা মনে করছেন, ব্যাংকগুলো গ্রাহকদের টাকা ফেরত দিতে সমস্যার সম্মুখীন হচ্ছে। ব্যাংকগুলোর একীভূতকরণের প্রক্রিয়া গ্রাহকদের মধ্যে অনিশ্চয়তা তৈরি করেছে এবং তারা জমা রাখা টাকা ফেরত পাবে কি না, তা নিয়ে চিন্তিত। গ্রাহকরা বলেন, এই একীভূতকরণ প্রক্রিয়া কতটা সফল হবে, তার ওপর গ্রাহকদের ভবিষ্যৎ নির্ভর করছে।

এ প্রসঙ্গে জানতে চাইলে বিশ্বব্যাংকের ঢাকা অফিসের সাবেক প্রধান অর্থনীতিবিদ ড. জাহিদ হোসেন বলেন, এই দুর্ভোগ তো ব্যাংকগুলোর এতদিনের দুরবস্থার ফল। এখন সরকারের সিদ্ধান্ত অনুযায়ী, এই ব্যাংকগুলো মার্জারের প্রক্রিয়ায় আছে। ফলে এই ব্যাংকগুলোকে এখন আর বাংলাদেশ ব্যাংক তহবিল জোগান দেবে না- এটাই স্বাভাবিক। মার্জারের পর নতুন ব্যাংকে তহবিল বা টাকা দেওয়া হবে। তিনি আরও বলেন, সরকার চেষ্টা করছে এগুলোকে একীভূত করে নতুন প্রতিষ্ঠান তৈরি করে আমানতকারীদের পাওনা পরিশোধের ব্যবস্থা করতে। কিন্তু গ্রাহকদের এই ধরনের দুর্ভোগ দুঃখজনক।

নাম প্রকাশ না করার শর্তে ব্যাংকটির একজন আমানতকারী বলেন, 'আমার বাবা আইসিইউতে ভর্তি আছেন। টাকার অভাবে তার চিকিৎসা করাতে পারছি না। অথচ বাবা পেনশনের সব টাকাই সোশ্যাল ইসলামী ব্যাংকে রেখেছেন। সেই টাকাই এখন সর্বোচ্চ প্রয়োজনের সময় তুলতে পারছি না।' তিনি আরও বলেন, 'সরকার এই ব্যাংকগুলোর দায়িত্ব নেওয়ার কথা বলেছে। কিন্তু সেটা কবে নাগাদ শেষ হবে, বলছে না। ফলে আমাদের গ্রাহকদের ভোগান্তির লাইন শুধু দীর্ঘ হচ্ছে।'

একীভূত হতে যাওয়া আরেক ব্যাংক ফার্স্ট সিকিউরিটি ইসলামী ব্যাংকের আর্থিক সংকট এমন পর্যায়ে রয়েছে যে কর্মীদের বেতনও আমানতকারীদের টাকা থেকে দেওয়া হচ্ছে।

বাংলাদেশ ব্যাংকের গভর্নর ড. আহসান এইচ মনসুর সম্প্রতি এক অনুষ্ঠানে বলেন, 'আমি গভর্নর হিসেবে দায়িত্ব নেওয়ার পর দেখলাম এই ব্যাংকগুলোর তারল্যসংকট ব্যাপক। তারা গ্রাহকদের টাকা দিতে পারছে না। আমরা এরই মধ্যে তাদের ৪০ হাজার কোটি টাকা দিয়েছি। কিন্তু তাতেও কাজ হচ্ছে না। যখন দেখলাম এগুলোকে ঋণ দিয়েও কোনো লাভ হচ্ছে না, তখন আমরা সিদ্ধান্ত নিয়েছি যে এই পাঁচটি ব্যাংককে এক করব। ভালোভাবে রি-ক্যাপিটালাইজ করব। প্রথমে এটি সরকারি ব্যাংক হিসেবে হবে, পরে এটিকে আমরা প্রাইভেটাইজ (বেসরকারি খাত) করে দেব। তবে এ কাজটি একেবারে সহজ নয় এবং এ জন্য বেশ কিছু চ্যালেঞ্জ রয়েছে।' তিনি মনে করেন, জনবল পুনর্বিন্যস্ত করা, সুশাসন নিশ্চিত করা, নতুন গ্রাহক আনা কিংবা সিস্টেম ডেভেলপমেন্টের মতো বিষয়গুলো চ্যালেঞ্জ হিসেবে সামনে আসবে।

সংশ্লিষ্ট ব্যাংকগুলো বলছে, তাদের নতুন কোনো আমানত আসছে না। বাংলাদেশ ব্যাংক থেকে একসময় যে তারল্য সহায়তা দেওয়া হয়েছিল, সেটি শেষ হয়ে গেছে। তিন মাসের মধ্যে নতুন কোনো সহায়তাও আসেনি। ফলে ব্যাংকগুলো চাইলেও গ্রাহকের চাহিদা মেটাতে পারছে না। অনেক ক্ষেত্রে গ্রাহকের সঙ্গে ব্যাংক কর্মকর্তাদের মারামারির ঘটনাও ঘটছে।

সহায়তা দিয়েছিল, *৮-এর পৃষ্ঠায় দেখুন*

সাধারণ নির্বাচনের বিজ্ঞপ্তি আগামীকাল

মঙ্গলবার, ৪ নভেম্বর, ২০২৫

ভোটকেন্দ্র সকাল ৬টা থেকে রাত ৯টা পর্যন্ত খোলা থাকবে।

নিউ ইয়র্ক সিটির নির্বাচন বোর্ড, নির্বাচন আইন ৪-১২০ এবং ৪-১২২ এর বিধান অনুযায়ী,
এ ঘোষণা দেয় যে সাধারণ নির্বাচন অনুষ্ঠিত হবে মঙ্গলবার, ৪ নভেম্বর, ২০২৫, সকাল ৬টা থেকে রাত ৯টা পর্যন্ত।

আপনি ভোট দেওয়ার যোগ্য কিনা জানতে, প্রার্থী তালিকা দেখতে, আপনার ভোটকেন্দ্র খুঁজে পেতে, নমুনা ব্যালট দেখতে বা ব্যালটের জন্য অনুরোধ করতে, ভিজিট করুন:

VOTE.NYC

অথবা কল করুন টোল ফ্রি: 866-VOTE-NYC · TTY নম্বর: (212) 487-5496
নির্বাচনকর্মী হতে, অনুগ্রহ করে ভিজিট করুন: POLLWORKER.VOTE.NYC

THE BOARD OF ELECTIONS IN THE CITY OF NEW YORK
Executive Office, 32 Broadway, 7th Floor
New York, NY 10004

নির্বাচন কমিশনারগণ

Frederick M. Umane—প্রেসিডেন্ট
Jodi Morales—সেক্রেটারি
Jose Miguel Araujo
Michael J. Coppotelli
Marc A. Landis
Gino A. Marmorato
Frank R. Seddio
Simon Shamoun
Michele A. Sileo
Keith Sullivan

কে হচ্ছেন মেয়রঃ মামদানী নাকি কুওমো?

প্রথম পৃষ্ঠার পর

ছাড়াও ইহুদি সম্প্রদায়ের সাথে মতবিনিময় ও প্রচার চালিয়েছেন। তার প্রায় ৯০ হাজারেরও বেশি প্রচার সমর্থক প্রাচরণা চালাচ্ছেন।

৪ নভেম্বর চূড়ান্ত নির্বাচন। প্রাইমারীর মতো এবারো যদি মামদানী তার সমর্থন ভোটের দিন পর্যন্ত ধরে রাখতে পারেন তাহলে তিনি হবেন নিউইয়র্কের ইতিহাসে মুসলিম মেয়র। মামদানীর প্রচার শিবির ও সমর্থকদের দাবি, তিনি-ই হচ্ছেন সিটির মেয়র।

অপরদিকে কুওমো সমর্থক ওপ্রচার শিবির বলছে, মামদানীর মতো কট্টর বামপন্থী মেয়র হলে নিউইয়র্ক তার ঐতিহ্য হারাবে। তাই নিউইয়র্কাররা তাকে প্রত্যাখ্যান করবে মূল নির্বাচনে। কুওমো হবেন এই সিটির মেয়র।

সাম্প্রতিক জরিপে দেখা গেছে, তরুণ আইনপ্রণেতা মামদানী শহরের তরুণ, অভিবাসী ও শ্রমজীবী ভোটারদের কাছ থেকে ব্যাপক সমর্থন পাচ্ছেন। অন্যদিকে কুওমো ভরসা রাখছেন ঐতিহ্যগত ডেমোক্র্যাট সমর্থক ও ব্যবসায়িক ধনকুবের গোষ্ঠীগুলোর ওপর।

বিশ্লেষকদের মতে, এই নির্বাচন কেবল নিউইয়র্কের নেতৃত্ব নির্ধারণ নয়, বরং জাতীয় রাজনীতিতেও এক গুরুত্বপূর্ণ বার্তা বহন করছে প্রগতিশীল রাজনীতি কি শহর প্রশাসনের মূলধারায় জায়গা করে নিতে পারবে, নাকি পুরনো নেতৃত্ব আবারও প্রভাব বিস্তার করবে।

প্রতিদ্বন্দ্বিতা যতই তীব্র হচ্ছে, ততই মামদানীর প্রতিদ্বন্দ্বী কুওমোর প্রচারণার ভাষা হয়ে উঠছে কঠিন ও বিতর্কিত। সাবেক গভর্নর অ্যান্ড্রু কুওমো তার প্রচারণায় এখন জোহরান মামদানীকে লক্ষ্য করে এমন এক কৌশল নিয়েছেন, যা সিটির রাজনৈতিক পরিবেশে নতুন বিতর্কের জন্ম দিয়েছে।

কুওমো ও তার সমর্থকেরা প্রচারণায় অভিযোগ তুলেছেন, মামদানী নাকি "মুসলিম প্রাধান্যবাদী" এবং "ইহুদি সম্প্রদায়ের বিরোধী"। এই অভিযোগ ঘিরে এখন সামাজিক মাধ্যমে উত্তপ্ত আলোচনা চলছে।

রাজনৈতিক বিশ্লেষকরা বলছেন, ৯/১১ এর পরবর্তী আমেরিকায় মুসলিম সম্প্রদায়কে ঘিরে যে ভয় ও ভুল ধারণা তৈরি হয়েছিল, কুওমোর এবারের প্রচারণা তা আবার জাগিয়ে তোলার এক বিপজ্জনক প্রচেষ্টা। অপরদিকে, মামদানীর টিম বিষয়টিকে "ভয় দেখানোর রাজনীতি" বলে অভিহিত করে বলছে, কুওমো নির্বাচনে পিছিয়ে পড়ায় এখন ধর্মীয় বিভাজনই তার শেষ ভরসা।

মামদানী অবশ্য এই অভিযোগ সরাসরি নাকচ করেছেন। এক জনসভায় তিনি বলেন, "আমি মুসলিম, আর আমি নিউইয়র্কবাসী এই দুই পরিচয় একে অপরের বিপরীতে নয়। আমি ইহুদি, খ্রিষ্টান, মুসলিম, হিন্দু সব ধর্মের মানুষের সমান অধিকার ও নিরাপত্তায় বিশ্বাস করি। যারা বিভাজন তৈরি করতে চায়, তারা নিউইয়র্কের সত্যিকারের আত্মাকে বুঝে না।"

অন্যদিকে, সাবেক প্রেসিডেন্ট বারাক ওবামা সম্প্রতি মামদানীকে ফোন করে সমর্থন জানানোয় নির্বাচনে নতুন গতি এসেছে। ওবামার শুভেচ্ছা ও পরামর্শ মামদানীর প্রচারণাকে আরও শক্তিশালী করেছে বলে তার টিম জানিয়েছে।

সিটির মেয়র নির্বাচনে মুসলিম কমিউনিটির ভূমিকা এবার বিশেষভাবে গুরুত্ব পেয়েছে। সিটির ইতিহাসে এই প্রথমবারের মতো একজন মুসলিম প্রার্থী, জোহরান মামদানী, মেয়র পদের সবচেয়ে শক্তিশালী প্রতিদ্বন্দ্বী হিসেবে উঠে এসেছেন। এতে কেবল প্রবাসী বাংলাদেশি, পাকিস্তানি বা আরব ভোটারদের মধ্যেই নয়, বরং তরুণ প্রজন্মের মধ্যেও নতুন উচ্ছ্বাস তৈরি হয়েছে।

মামদানীর প্রচারণায় ধর্মীয় সহনশীলতা, বহুত্ববাদ এবং ন্যায্যতা–এই তিনটি বিষয়কে কেন্দ্র করে তৈরি হয়েছে এক নতুন রাজনৈতিক ভাষা। তার টিম শহরের মসজিদগুলোতে, অভিবাসী সম্প্রদায়ের সভায় এবং সামাজিক সেবামূলক সংগঠনগুলোর মধ্যে ব্যাপক প্রচার চালাচ্ছে। অনেকেই বলছেন, মুসলিম কমিউনিটির সংগঠিত ভোট এবার নির্বাচনের ভারসাম্য বদলে দিতে পারে।

তবে প্রচারণার ময়দানে উঠে এসেছে ৯/১১এর স্মৃতিও। কিছু রক্ষণশীল প্রার্থী ও তাদের সমর্থক গোষ্ঠী এখনো মুসলিম প্রার্থীদের নিয়ে বিভাজন সৃষ্টির চেষ্টা করছে, যা শহরের প্রগতিশীল ভোটারদের ক্ষুব্ধ করেছে। মামদানী এ বিষয়ে এক বক্তৃতায় বলেন, "আমরা ৯/১১ এর বেদনা ভুলিনি, কিন্তু সেই ঘটনার নামে কোনো সম্প্রদায়কে আজও সন্দেহের চোখে দেখা অন্যায়। নিউইয়র্ককে একতার শহর হিসেবে গড়ে তুলতে হবে, বিভাজনের নয়।"

রাজনৈতিক বিশ্লেষকদের মতে, এই নির্বাচন নিউইয়র্কে মুসলিম পরিচয় এবং নাগরিক অধিকার নিয়ে টানাপোড়েনের জন্ম দিয়েছেন কুওমো ও তাঁর সমর্থকেরা।

৪ নভেম্বরের ভোটকে সামনে রেখে শহরজুড়ে এখন প্রচারণার শেষ ধাপ চলছে। হাউজিং, পুলিশ সংস্কার ও অভিবাসী সহায়তা এই তিনটি ইস্যুতেই মূল লড়াই গড়ে উঠেছে। ভোটারদের অনেকে বলছেন, এই নির্বাচন নিউইয়র্ককে কেমন শহর হিসেবে গড়ে তোলা হবে–তার ভবিষ্যৎ রূপরেখা ঠিক করে দেবে।

নিউইয়র্ক সিটির নির্বাচনে প্রার্থীদের সিটি জুড়ে

প্রথম পৃষ্ঠার পর

পর মামদানী ইতিমধ্যেই প্রধান প্রার্থী হিসেবে উঠেছেন। রবিবার সকালের সময়, মামদানী ও কুয়োমো আলাদা রেডিও শোতে ব্ল্যাক ভোটারদের প্রতি ভোটের আহ্বান জানান। দুপুরের আগে ব্রুকলিনের ব্রাইটন বিচে গ্রিওয়া তাঁর প্রচারণা শুরু করেন। গ্রিওয়া বলেন, "ভোট দেওয়া খুব গুরুত্বপূর্ণ, আমার পক্ষে না হলেও।"

প্রার্থীদের প্রচারণার সময় শহরে নিউইয়র্ক সিটি ম্যারাথন চলছিল, যা জনসমাগমে প্রার্থীদের জন্য এক চ্যালেঞ্জ তৈরি করেছিল। মামদানী গ্রিনপয়েন্টে এক প্রচারণা অনুষ্ঠানে দৌড়বিদদের উৎসাহিত করেন। এছাড়া তিনি উইলিয়ামসবার্গের সাটমার হাসিদিক রাজনৈতিক নেতার সমর্থন গ্রহণ করেন, যেখানে তিনজন নেতা কুয়োমোর পক্ষে ভোট দেবেন বলে ঘোষণা করেন।

প্রথম দফার সময়ে প্রায় ৭৩৫,০০০ ভোটার প্রারম্ভিক ব্যালট জমা দিয়েছেন, যা চার বছর আগে একই পর্যায়ের তুলনায় অনেক বেশি। রবিবার প্রায় ১,৫১,০০০ ভোটার ভোট প্রদান করেছেন, যা প্রারম্ভিক ভোটের মধ্যে সর্বাধিক।

কুয়োমো মামদানীকে চরম ডেমোক্র্যাটিক সোশ্যালিস্ট হিসেবে তুলে ধরার চেষ্টা করেছেন এবং বলেছেন যে মামদানীর অভিজ্ঞতা ও দক্ষতা তাঁর নির্বাচনী প্রতিশ্রুতি বাস্তবায়নের জন্য যথেষ্ট নয়। অন্যদিকে মামদানী কুয়োমোকে বিদ্বেষ ও বিভাজনের নির্বাচনী প্রচারণা চালাচ্ছেন বলে মন্তব্য করেছেন।

রবিবার শেষ পর্যায়ের প্রচারণায় মামদানী হারলেমের ফার্স্ট করিন্থিয়ান ব্যাপ্টিস্ট চার্চে ভোটারদের সঙ্গে কথা বলেন এবং প্রায় ১০০ স্বেচ্ছাসেবীর সঙ্গে প্রারম্ভিক ভোট প্রচারণায় অংশ নেন। তাঁরা শহরের ৬,৭০০ স্বেচ্ছাসেবীর নেটওয়ার্কের সঙ্গে যুক্ত হয়ে প্রায় ২,০০,০০০ দরজা নক করার লক্ষ্য রাখেন। কুয়োমো ব্রুকসে দুইটি চার্চে ভোটারদের সঙ্গে দেখা করেন এবং আর্থার অ্যাভিনিউ-এর একটি ক্যাফেতে কয়েকজন ভোটারের সঙ্গে সাক্ষাৎ করেন।

বিচারকদের কারণে

প্রথম পৃষ্ঠার পর

(ইমিগ্রেশন অ্যান্ড কাস্টমস এনফোর্সমেন্ট) অভিযানগুলো আরও অনেক দূর যেতে পারত। কিন্তু আমরা বাধা পেয়েছি বিচারকদের কাছ থেকে বিশেষ করে বাইডেন ও ওবামা আমলে নিয়োগ পাওয়া উদারপন্থী বিচারকদের কারণে।"

তিনি আইসের কঠোর কৌশল নিয়ে কোনো আপত্তি নেই জানিয়ে বলেন, "আপনাকে মানুষগুলোকে বের করতেই হবে। তাই এই পদ্ধতি ঠিক আছে।"

অভিবাসন দমন অভিযান ও সীমান্ত অভিবাসীদের প্রবেশ বন্ধের প্রতিশ্রুতি নিয়ে ফের ক্ষমতায় আসা ট্রাম্পের প্রশাসনে দেশজুড়ে নতুন করে আইসের অভিযান শুরু করে। দেশের বিভিন্ন স্টেটের অভিবাসী অধ্যুষিত সিটিগুলোতে আইস অভিযান চালিয়ে প্রতিদিন হাজারের বেশি অভিবাসীদের গ্রেপ্তার করছে। সাম্প্রতিক কয়েকটি ধরপাকড়ের ভিডিও ভাইরাল হয়েছে। এসব ভিডিওতে দেখা গেছে, এক নারীকে মাটিতে ফেলে আটক করছে আইসের একজন এজেন্ট। শিকাগোর একটি আবাসিক এলাকায় টিয়ার গ্যাস ব্যবহার করা হয়েছে। গাড়ি থামিয়ে জানালা ভেঙে চালকদের বের করে আনা হয়েছে।

এছাড়া আইস'র অভিবাসী অভিযানে ইউএস সিটিজেন সহ একাধিক রাজনৈতিক নের্তৃবৃন্দ ও জনপ্রতিনিধি হেনস্তার ঘটনায় ব্যাপক সমালোচনায় পড়ে ট্রাম্প প্রশাসনে অভিবাসন বিরোধী নীতি।

ওজনপার্ক ও ব্রুকলিনের প্রানকেন্দ্র সিটি লাইনে পুপলার ড্রাইভিং স্কুলের ২য় শাখার যাত্রা শুরু।
আমরা গত ৩০ বছর যাবৎ জ্যাকসন হাইটসে রুজভেল্ট এভিনিউর অফিস থেকে সাফল্যের সাথে সেবা দিয়ে আসছি।
অল্প পারিশ্রমিকে অভিজ্ঞ পুরুষ-মহিলা Instructor দ্বারা ড্রাইভিং শিখুন
পপুলার ড্রাইভিং স্কুল
www.populardrivingschoolny.com
Fully Insured & Licensed by NYS (DMV)


আব্দুর রহিম হাওলাদার
প্রেসিডেন্ট



- Road Lesson Local & H.Way
- Road Test Appointment
- Car for Road Test
- 5 Hours Class Certificate (Zoom Class)
- 6 Hours DDC Class
- Good For TLC, Insurance & Point Redaction.

Operate by JH office)
বাসা থেকে পিকআপ এন্ড ড্রপ
২টি লেসন একত্রে
(Operate by JH office)
OPEN 7 DAYS
Please
Scan & Visit us!

৩০ বছরের অভিজ্ঞতা সম্পন্ন ধৈর্য্যশীল ইন্সট্রাক্টরের তত্ত্বাবধানে ড্রাইভিং শিখুন। ইন্ডিভিজ্যুয়াল এবং ডিসকাউন্ট ১ থেকে ২০ লেসনের প্যাকেজ ডীল। প্রয়োজনে ৩ দিনের মধ্যে রোড টেষ্ট এর ব্যবস্থা।

প্রথমবার রোড টেষ্ট দিয়ে যাতে পাশ করতে পারেন সেজন্য যত্নসহকারে স্পেশাল ট্রেনিং প্রদান

বৈধ কাজপত্রহীন (আনডকুমেন্টেড) নিউইয়র্কবাসীরা কিভাবে ড্রাইভিং লাইসেন্স পেতে পারেন তা জানতে আমাদের সাথে যোগাযোগ করুন:
৯১৭-৩০১-২০৬৩

যাহারা বারবার রোড টেষ্ট দিয়ে ফেল করে ধৈর্য্য হারিয়েছেন তাদের ফেলের কারণগুলো অনুসন্ধান করে ট্রেনিং প্রদান

আমাদের কাছেই পাবেন বাংলায় অনুবাদিত লার্নাস পারমিট পরীক্ষার বই

Website. www.populardrivingschoolny.com

POPULAR DRIVING SCHOOL INC.

Jackson Heights Office
72-26 Roosevelt Ave, 2nd Fl,
Jackson Heights, NY 11372
(Corner of 73 St & Roosevelt Ave)
718-426-9453

Brooklyn / Ozone Park Office
17-101 Avenue, Brooklyn, NY 11208
(Betw. Drew St & Forbell St. City Line)
718-235-6438

AUTHORIZED IRS e-file PROVIDER
মহান আল্লাহ রাব্বুল আলামিনের দয়ায় সাফল্যের ২৭ বছর উদযাপন করছে
Empire Accounting & Tax Co.



আপনাদের সুবিধার্থে আমরা এখন উডসাইডে
(জ্যাকসন হাইটসের সন্নিকটে)

- আমরা ট্যাক্স সংশোধনী বিশেষজ্ঞ। ইতিমধ্যেই আমরা আমাদের ক্লায়েন্টদের হাজার হাজার ডলার সাশ্রয় করেছি ট্যাক্স সংশোধনীর মাধ্যমে।
- আইআরএস, নিউইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট বা নিউইয়র্ক স্টেট সেলস ট্যাক্স কর্তৃক ইস্যুকৃত জরিমানা নোটিশের অত্যন্ত সন্তোষজনক সমাধান
- পূর্বে ফাইলকৃত ত্রুটিপূর্ণ ইনকাম ট্যাক্স রিটার্ণ সংশোধন
- পরিবারের ইমিগ্রান্ট ভিসার জন্য সঠিক ইনকাম ট্যাক্স রিটার্ণ ও এফিডেবিট অব সাপোর্ট সংক্রান্ত সহায়তা
- আমরা বছরব্যাপী অফিস খোলা রাখি।

ইমিগ্রেশনের যে কোনো ফরম পূরণে সহায়তা দিয়ে থাকি
- সিটিজেনশীপ - ফ্যামিলি পিটিশন - NVC Case প্রসেসিং
- স্ট্যাটাস এডজাস্টমেন্ট - এফিডেভিট অব সাপোর্ট
- এমপ্লয়মেন্ট অথরাইজেশন / গ্রীনকার্ড নবায়ন।
- Advanced Parole / Reentry Permit ইত্যাদি

37-03 61st Street, Woodside, NY 11377
Phone: 718-784-4158. Fax: 718-784-2678
Mon-Friday 10am-7pm, Saturday 10-5pm
President: Mohammed Rezaul Karim
M.Com. (Accounting), M.S.Ed.
23 years Experienced Tax Professional with IRS and 50 States
Permanent Certified Teacher by NYS Education Dept.
নিউইয়র্ক সিটি পাবলিক স্কুলে ১০ বছর শিক্ষকতার অভিজ্ঞতা
Razi Islamic School-এ দুই বছরের শিক্ষকতার অভিজ্ঞতা

ফুড স্ট্যাম্প অনিশ্চয়তায় বিপাকে যুক্তরাষ্ট্রের ৪ কোটি মানুষ

প্রথম পৃষ্ঠার পর

ও শুক্রবার যুক্তরাষ্ট্রে একাধিক ফেডারেল আদালতের বিচারক স্ন্যাপ চালু রাখতে ট্রাম্প প্রশাসনকে নির্দেশ দিয়েছেন।

প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প আদালতের রায়ের পর বলেছেন, সরকার জরুরি তহবিল কিভাবে আইনসম্মতভাবে ব্যবহার করবে তা জানতে আইনজীবির মাধ্যমে আদলতের কাছে জানতে চেয়েছেন। তবে তিনি এটাও বলেছেন তহবিল পুনরায় কার্যকর করতে কিছুটা বিলম্ব হতে পারে। কারণ আদালতের অনুমতি ও রাজ্য সরকারের বিতরণ প্রক্রিয়া সম্পন্ন হতে সময় লাগবে।

এদিকে রোড আইল্যান্ডের এক বিচারক রায় দিয়েছেন, সোমবার থেকেই সহায়তার অর্থ পুনরায় বিতরণ শুরু করতে হবে।

অপরদিকে ৩১ অক্টোবর থেকে বিভিন্ন স্টেট ও সিটিতে ফুড ব্যাংকগুলোতে অনেকেই বাধ্য হয়ে খাবার সংগ্রহের জন্য লাইনে দাঁড়িয়ে থাকেন। অনেকে আবার লজ্জায় লাইনে দাঁড়ানোর ভয়ে ফুড ব্যাংকগুলোতে যাচ্ছেন না। এমন পরিস্থিতিতে অনেকটা অসহায় হয়ে পড়েছেন স্ন্যাপ সুবিধাভোগী সাধারণ মানুষ।

এমনই অনিশ্চয়তার সকাল আমেরিকার বহু শহরে। কারণ এখনো পরিষ্কার নয় খাদ্য সহায়তা কর্মসূচি 'স্ন্যাপ'-এর টাকা কবে আসবে। সরকার বন্ধ থাকায় তহবিল শেষ হয়ে যাওয়ার কথা ছিল শনিবারেই। আদালতের নির্দেশে প্রশাসনকে জরুরি অর্থ ব্যবহার করে সহায়তা চালিয়ে যেতে বলা হয়েছে।

নিউইয়র্ক স্টেটে আগামী কয়েক সপ্তাহে খাদ্যব্যাংকগুলিতে অতিরিক্ত ৬৫ মিলিয়ন ডলারের সহায়তা পাঠাবে। গভর্নর ক্যাথি হোকুলের কার্যালয় শুক্রবার জানিয়েছে, ফেডারেল আদালতের সাম্প্রতিক রায়ের কারণে এই বরাদ্দে কোনো প্রভাব পড়বে না।

গভর্নর হোকুল বৃহস্পতিবার জরুরি অবস্থা ঘোষণা করে খাদ্যব্যাংকগুলির জন্য অতিরিক্ত ৬৫ মিলিয়ন ডলারের বরাদ্দের কথা ঘোষণা করেন। তিনি বলেন, এটি ফেডারেল সরকারের জন্য বেলাউট নয়। তাদের মূল কাজ হলো আমেরিকানদের খাবার নিশ্চিত করা। নিউইয়র্ক সরকার তাদের ব্যর্থতার কারণে ব্যবস্থা নিয়েছে।

রাজ্যের সঙ্গে চুক্তিবদ্ধ প্রতিটি খাদ্যব্যাংক স্বয়ংক্রিয়ভাবে বরাদ্দ পাবে। বরাদ্দের পরিমাণ নির্ভর করবে ব্যাংকের ক্ষমতা, চাহিদা, আকার ও অবস্থানের ওপর। খাদ্যব্যাংককে আলাদা করে আবেদন করতে হবে না।

কংগ্রেসম্যান পল টঙ্কো এবং অন্যান্য কর্মকর্তারা প্রেসিডেন্ট ট্রাম্পকে স্ন্যাপ অর্থ অবমুক্ত করতে এবং আইন মেনে চলার আহ্বান জানান।

খাদ্যব্যাংক কর্মীরা জানান, স্ন্যাপ প্রোগ্রামে দুর্নীতি বা অপচয় থাকার অভিযোগ সত্য নয়। প্রোগ্রামটি প্রধানত মহিলাদের, শিশুদের, প্রবীণ নাগরিকদের, ভেটেরান এবং প্রতিবন্ধী মানুষের জন্য ব্যবহৃত হয়।

২০২৫ সালে স্ন্যাপ সুবিধার জন্য চার সদস্যের পরিবারের নিট আয় ফেডারেল দারিদ্র্যসীমার প্রায় ৩১,০০০ ডলারের বেশি হতে পারবে না।

নিউইয়র্ক টাইমসের প্রতিবেদনে বলা হয়, প্রতি শনিবারের মতো আঞ্জেলা ডানকান সকালে নাতিদের জন্য খাবার কিনতে বেরিয়েছিলেন। সাধারণত তার ঝুড়িতে থাকে আলু, চাল, সিরিয়াল, জুস–কখনও কখনও কিছু বিস্কুটও। কিন্তু আজকের কেনাকাটা ছিল অন্যরকম। চোখে উদ্বেগ, হাতে সতর্কতা–কারণ তিনি জানেন না আগামীকাল তার ফুড কার্ডে টাকা আসবে কি না।

৬৫ বছর বয়সী ডানকান এখনো ৫২ ডলার নিয়ে বাকি মাসের খাবার সামলানোর চেষ্টা করছেন। পুরো মাসে তিনি পান ২৮৯ ডলার মূল্যের ফুড স্ট্যাম্প পান, যা দিয়ে নিজের ও পরিবারের খাবার চলে।

আমেরিকার ম্যাসাচুসেটস অঙ্গরাজ্যের স্প্রিংফিল্ডের এই বৃদ্ধা ধীরে ধীরে তাকের জিনিসগুলো দেখছিলেন–এক ক্যান পিন্টো বিন তুলে রেখে আবার বললেন, "বোধহয় বাড়িতে আরেক ক্যান আছে।" তারপর চোখ আটকে গেল রান্নার তেলের দামে। "ওহ, ছয় ডলার উনপঞ্চাশ সেন্ট? এত দাম?" মেয়ে লেভিটিকা থমাস সঙ্গে সঙ্গে বললেন, "না মা, ওটা ছেড়ে দাও।"

কিন্তু স্প্রিংফিল্ডের দোকানে ক্রেতাদের মুখে তাতে আশার আলো নেই। দরিদ্র ও অভিবাসী অধ্যুষিত এলাকাটির এই গ্রোসারি দোকানেই অধিকাংশ মানুষ ফুড স্ট্যাম্পের ওপর নির্ভরশীল। এখানে আশেপাশের স্কুলের ৯৩ শতাংশ শিশুই নিম্নআয়ের পরিবার থেকে আসে।

ম্যাসাচুসেটসে এক মিলিয়নেরও বেশি মানুষ ফেডারেল খাদ্য সহায়তা পান যার মধ্যে এক তৃতীয়াংশ শিশু, এক চতুর্থাংশ প্রবীণ এবং বিশ হাজারের বেশি সেনা সদস্য। স্প্রিংফিল্ড শহরে এই অনুপাত সবচেয়ে বেশি প্রায় ৪৬ শতাংশ মানুষ, অর্থাৎ ৭১ হাজার বাসিন্দা এই কর্মসূচির ওপর নির্ভরশীল।

আঞ্জেলা ডানকানের মতো অনেকে খাবার বাঁচিয়ে পরিবারের সবাইকে খাওয়ানোর চেষ্টা করছেন। শনিবার রাতের খাবারে তার টেবিলে বসবে এগারো জন–ছেলে-মেয়ে, নাতি-নাতনি। রবিবার গির্জার মধ্যাহ্নভোজের জন্যও কিছু খাবার পাঠানোর ইচ্ছে ছিল তার। তবু তিনি হাতে তুলে নিলেন ৩৮ ডলার মূল্যের টার্কির ডানা। বললেন, "পুরো সপ্তাহান্তে এটাই টেনে খেতে হবে।"

দোকানের কর্মী নিকোল সানচেজ বলেন, "আজ অস্বাভাবিকভাবে দোকান ফাঁকা। ক্রেতা কমে গেছে। যদি সরকার বন্ধ আর সহায়তা বন্ধ থাকে, কর্মীদের শিফটও কমাতে হতে পারে।"

পঞ্চাশ বছর বয়সী ফের্নান্দো রোসারিও সাধারণত মাংস কিনতেন। কিন্তু এই সপ্তাহে মাত্র ২২ ডলার দিয়ে কিছু টমেটো সস, বিন, মটর আর চাল কিনে ফিরলেন। বললেন, "রাগ করে লাভ নেই। ঈশ্বরের উপর ভরসা রাখতে হবে।"

৬৭ বছর বয়সী ক্রিস্টফ নিইবিজি ও তার স্ত্রী এখন দিনে একবেলা খাচ্ছেন, যাতে খাবার কিছুটা বেশি দিন থাকে। কঙ্গো থেকে বারো বছর আগে অভিবাসন নিয়ে আসা এই মানুষটি বললেন, "এই দেশ ভালো দেশ। এমন সমস্যায় আমরা প্রথমবার পড়লাম।"

আরেক ক্রেতা জনি গোমেজ বললেন, "এই দেশে এমন হওয়া উচিত নয়। যাদের সহায়তা দরকার, তাদের যেন ভিক্ষা করতে না হয়।"

সংকট মোকাবিলায় ম্যাসাচুসেটসের গভর্নর মাউরা হিলি রাজ্যজুড়ে খাদ্যব্যাংকে জরুরি অর্থ বরাদ্দ করেছেন। বেসরকারি সংস্থাগুলোও সহায়তা তহবিল গড়ছে। বোস্টন ফাউন্ডেশন একদিনে ৭ লাখ ৫০ হাজার ডলার জোগাড় করেছে।

স্প্রিংফিল্ডে ছোট ছোট উদ্যোগও দেখা যাচ্ছে। ওয়ালনাট স্ট্রিট ফার্ম স্টোরের পরিচালক লিজ উইলস-ও'গিলভি নিজ খরচে দরিদ্রদের দুধ ও ডিম দিচ্ছেন। শনিবার স্থানীয় একটি গাড়ি বিক্রেতা তার খরচের দায়িত্ব নিয়েছে। বিকেলের মধ্যে এক নারীকে এক গ্যালন দুধ ও এক ডজন ডিম উপহার দেওয়া হয়।

লিজ বলেন, "এই মানুষগুলোই আমার প্রতিবেশী।"

'ট্রাম্পের অবাধ্যতায়' আমেরিকা অন্ধকারে

প্রথম পৃষ্ঠার পর

প্রার্থীদের সমর্থন জানাতে প্রচারণা সভায় অংশ নিয়ে ভোটারদের এ আহ্বান জানান।

দুই-বারের প্রেসিডেন্ট এবং ডেমোক্র্যাটদের মধ্যে এখনও অত্যন্ত জনপ্রিয় ওবামা ভার্জিনিয়ার গভর্নর প্রার্থী অ্যাবিগেল স্প্যানবার্জার এবং নিউ জার্সির প্রার্থী মিকি শেরিলের পক্ষে একাধিক সভায় ভাষণ দেন।

ভার্জিনিয়ার নরফোকের ওল্ড ডমিনিয়ন ইউনিভার্সিটিতে স্প্যানবার্জারের সমর্থকদের উদ্দেশ্যে তিনি বলেন, "সত্যি বলতে, আমাদের দেশ এবং নীতিমালা এখন বেশ অন্ধকারে। প্রতিদিন এই হোয়াইট হাউস মানুষকে নতুন করে 'অবাধ্যতা, দায়িত্বহীনতা, কু-হৃদয়তা ও পাগলামি' উপহার দেয়।"

ওবামা ট্রাম্প প্রশাসনের শাম্বলিক শুল্ক নীতি এবং জাতীয় গার্ডকে সিটিতে মোতায়েন করার কৌশলকে তীব্র সমালোচনা করেন। তিনি বলেন, কংগ্রেসের রিপাবলিকানরা যখন জানেন ট্রাম্প সীমার বাইরে, তখনও তাঁরা তাকে থামাতে ব্যর্থ হয়েছেন। পাশাপাশি, ব্যবসায়ী, আইন সংস্থা এবং বিশ্ববিদ্যালয়গুলোর দ্রুত ট্রাম্পকে 'সমর্থন জানানো' নিয়ে তিনি বিস্ময় প্রকাশ করেন।

পরবর্তীতে নিউ আর্ক, নিউ জার্সিতে শেরিলের সমর্থনে অনুষ্ঠিত অনুষ্ঠানে তিনি একই বিষয়কে আরও বিশদে তুলে ধরেন। ওবামা বলেন, "প্রায় প্রতিদিন যেন হ্যালোইন, সবই শুধু ফাঁকি, কোনো উপহার নেই।"

সাবেক প্রেসিডেন্ট কিছু ঘটনা উল্লেখ করে ট্রাম্প প্রশাসনকে উদ্দেশ্য করে ব্যঙ্গাত্মক মন্তব্যও করেন।

NEW YORK BANGLADESH PRESS CLUB

New York Bangladesh Press Club
নিউইয়র্ক বাংলাদেশ প্রেসক্লাব

নির্বাচন

৮ নভেম্বর
শনিবার ২০২৫

নির্বাচনী তফসিল ২০২৫

এতদ্বারা নিউইয়র্ক বাংলাদেশ প্রেসক্লাব এর সম্মানিত সকল সদস্যদের অবগতির জন্য জানানো যাইতেছে যে, নিউইয়র্ক বাংলাদেশ প্রেসক্লাব এর ১১ (এগারো) সদস্য বিশিষ্ট নতুন কার্যকরী পরিষদ ২০২৬-২৭ গঠনের নিমিত্তে গঠনতন্ত্র মোতাবেক সাধারণ নির্বাচন অনুষ্ঠিত হইবে। উক্ত নির্বাচন অনুষ্ঠান সুষ্ঠ, সুন্দর, স্বচ্ছ ও নিরপেক্ষভাবে সম্পন্ন করতে আপনাদের সকলের সার্বিক সহযোগিতা নির্বাচন কমিশনের পক্ষে একান্ত কাম্য।

নির্বাচন- ২০২৫ ইং

ক) ভোটার তালিকা প্রকাশঃ ৩১ অক্টোবর ২০২৫, শুক্রবার।

খ) মনোনয়ন প্রদান ও গ্রহন: ১-২ নভেম্বর ২০২৫, (শনি-রবিবার) সন্ধ্যা ৬টা -রাত ২টা
স্থান: 35-35 72nd St, Jackson Heights, NY 11372 (Basement)

গ) মনোনয়ন পত্র প্রত্যাহার ঃ ৩ নভেম্বর, সোমবার, ২০২৫

ঘ) চূড়ান্ত প্রার্থী তালিকা প্রকাশ: ৩ নভেম্বর, সোমবার, ২০২৫

ঙ) নির্বাচন অনুষ্ঠান ঃ ৮ নভেম্বর, শনিবার ২০২৫ সময়: বিকাল ৩.০০ সন্ধ্যা ৬:০০ ঘটিকা
স্থান: নবান্ন রেষ্টুরেন্ট, 37-22 73rd St, Jackson Heights, NY 11372

সময়:
বিকাল ৩:০০ সন্ধ্যা: ৬:০০টা
স্থান: নবান্ন রেষ্টুরেন্ট
37-22 73rd Street
Jackson Heights, NY 11372

নির্বাচন কমিশনারবৃন্দ

এবিএম সালেহ উদ্দিন
নির্বাচন কমিশনার

মঈনুদ্দীন নাসের
প্রধান নির্বাচন কমিশনার

চৌধুরী এম আলী কাজল
নির্বাচন কমিশনার

নমিনেশন ফি

সভাপতি	$500.00
সহ সভাপতি	$300.00
সাধারণ সম্পাদক	$400.00
সহ সাধারণ সম্পাদক	$300.00
কোষাধ্যক্ষ	$300.00
সাংগঠনিক সম্পাদক	$300.00
দপ্তর সম্পাদক	$300.00
কার্যকরী সদস্য	$200.00
কার্যকরী সদস্য	$200.00
কার্যকরী সদস্য	$200.00
কার্যকরী সদস্য	$200.00

বি: দ্রঃ নির্বাচন সংক্রান্ত যে কোন সিদ্ধান্ত, তফসিল (বিধিমালা) পরিবর্তন, পরিবর্ধন বা সংশোধনের ক্ষমতা নির্বাচন কমিশন সংরক্ষণ করে।

অন্তর্বর্তী সরকার ও ঐকমত্য কমিশন

২-এর পৃষ্ঠায় পর

যে, আমরা যদি নির্বাচনের মধ্যে দিয়ে ক্ষমতায় যাই, মানুষ যদি আমাদের ভোট দেয়, তাহলে আমরা সেই বিষয়গুলো আবার সামনে নিয়ে আসব। সেটাকে আমরা পার্লামেন্টে পাস করে দেশের যে পরিবর্তন, সেই পরিবর্তনটা নিয়ে আসব।'

বিএনপিকে সংস্কারের বিপক্ষের দল হিসেবে উপস্থাপন করা হচ্ছে বলে অভিযোগ করেন মির্জা ফখরুল। তিনি বলেন, বিএনপির জন্ম হয়েছে সংস্কারের মধ্যে দিয়ে। ১৯৭৯ সালে রাষ্ট্রপতি জিয়াউর রহমান একদলীয় শাসনব্যবস্থার পরিবর্তে বহুদলীয় শাসন প্রতিষ্ঠা করেছিলেন।

আগামী জাতীয় সংসদ নির্বাচন বিলম্বিত করার জন্য একটি মহল উঠেপড়ে লেগেছে বলে মন্তব্য করেন বিএনপির মহাসচিব। তিনি বলেন, গণভোট নির্বাচনের আগে করার কোনো সুযোগ এখন আর নেই। গণভোট নির্বাচনের দিনই হবে, সে কথা তাঁরা পরিষ্কার করে বলেছেন। সেখানে দুটো ব্যালট থাকবে একটি গণভোটের জন্য, আরেকটি জাতীয় সংসদ নির্বাচনের জন্য।

কোনো দলের নাম উল্লেখ না করে মির্জা ফখরুল বলেন, যারা গণভোটের দাবিতে রাস্তায় নেমেছে, দয়া করে তারা যেন জনগণকে আর বিভ্রান্ত না করে। এই দল ১৯৭১ সালে মুক্তিযুদ্ধের বিরোধিতা করেছে। আজকে দয়া করে জনগণ যে নির্বাচন চায়, সেটার যেন বিরোধিতা তারা না করে।

সভায় জেএসডির সভাপতি আ স ম আব্দুর রবের রাজনৈতিক অবদান স্মরণ করেন বিএনপি মহাসচিব। তিনি বলেন, মুক্তিযুদ্ধের পরে দেশ যখন একদলীয় শাসনব্যবস্থার জাতাঁকলে, তখন আ স ম আব্দুর রবের মতো রাজনীতিবিদেরা দেশকে উদ্ধার করেছিল। তিনি আ স ম আব্দুর রবের দ্রুত সুস্থতা কামনা করেন। আগামীতে নির্বাচিত হলে বিএনপির ফ্যাসিবাদবিরোধী আন্দোলনে যুক্ত থাকা রাজনৈতিক দলগুলোকে নিয়ে জাতীয় সরকার গঠন করবে বলে জানান বিএনপির মহাসচিব।

জাসদের প্রতিষ্ঠাবার্ষীকি উপলক্ষে আয়োজিত এ সভায় আরো উপস্থিত ছিলেন নাগরিক ঐক্যের সভাপতি মাহমুদুর রহমান মান্না, এবি পার্টির চেয়ারম্যান মজিবুর রহমান মঞ্জু, গণ অধিকার পরিষদের সভাপতি নুরুল হকসহ আরো অনেক রাজনৈতিক দলের নের্তৃবৃন্দ ।

ডিসেম্বরে নির্বাচনের তফসিল ঘোষণা হবে

প্রথম পৃষ্ঠার পর

নির্বাচনের তফসিল ডিসেম্বরের প্রথম সপ্তাহে ঘোষণা করা হবে এবং ভোট গ্রহণ আগামী বছরের ফেব্রুয়ারিতে অনুষ্ঠিত হবে।

শুক্রবার বিকেলে পটুয়াখালী সার্কিট হাউসে সাংবাদিকদের এক প্রশ্নের জবাবে তিনি বলেন, 'নির্বাচন কমিশন ইতিমধ্যেই নির্বাচনের জন্য একটি বিস্তারিত কর্মপরিকল্পনা প্রকাশ করেছে। আমরা রমজান মাসের আগেই নির্বাচন সম্পন্ন করতে চাই।' গণভোটের দাবির বিষয়ে তিনি বলেন, 'গণভোট নির্বাচন আগে হবে না পরে হবে–বিষয়টি এখনো কমিশনের আলোচনায় আসেনি। সরকারের প্রস্তুতি সম্পর্কেও আমরা কোনো আনুষ্ঠানিক তথ্য পাইনি। সিদ্ধান্ত হলে জানানো হবে।'

সংখ্যানুপাতিক প্রতিনিধিত্ব (পিআর) বিষয়টি সম্পর্কে জানতে চাইলে তিনি বলেন, 'এটি রাজনৈতিক সিদ্ধান্তের ওপর নির্ভর করে। আমরা সেই সিদ্ধান্তের জন্য অপেক্ষা করছি।' আশা প্রকাশ করে মো. আনোয়ারুল ইসলাম সরকার বলেন, 'সবার সহযোগিতায় আমরা একটি অবাধ, সুষ্ঠু ও বিশ্বাসযোগ্য নির্বাচন করতে চাই।'

নির্বাচন কমিশনার আরও বলেন, নির্বাচনী আচরণবিধি এবং নির্বাচনী প্রতীকের তালিকা হালনাগাদ করা হয়েছে। নভেম্বর মাসে প্রবাসী ভোটারদের নিবন্ধন শুরু হবে এবং কারাবন্দী ভোটারদেরও ভোট দেওয়ার সুযোগ করে দেওয়ার উদ্যোগ নেওয়া হচ্ছে। নির্বাচন কমিশন সচিবালয়ের সিনিয়র সচিব আখতার আহমেদ, পটুয়াখালীর জেলা প্রশাসক মোহাম্মদ শহীদ হোসেন চৌধুরী এবং স্থানীয় প্রশাসনের অন্য কর্মকর্তারা অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

পরে নির্বাচন কমিশনার জেলার কুয়াকাটায় এক কর্মশালায় যোগ দেন।

আগাম ভোট দিলেন রেকর্ড ৭ লাখ ৩৫ হাজার ভোটার

প্রথম পৃষ্ঠার পর

হয়েছে। এর মধ্যে সবচেয়ে বেশি ভোট পড়েছে ব্রুকলিনে প্রায় ২ লাখ ৪৩হাজার । ২য় সর্বোচ্চ ম্যানহাটন ২ লাখ ১২ হাজার ৬৭৯ ও ৩য় সর্বোচ্চ কুইন্সে ১ লাখ ৬৬ হাজার ৫১৯ টি আগাম ভোট কাস্ট হয়েছে। এছাড়া ব্রঙ্কসে ৫৮ হাজার ৬৬১ ও স্টেটেন আইল্যান্ডে ৫৩ হাজার ৭২১টি আগাম ভোট কাস্ট হয়েছে।

এদিকে রিপাবলিকান প্রার্থী কার্টিস স্লিওয়া শনিবার আগাম ভোট দিয়েছেন। অপরদিকে জোহরান মামদানী ও স্বতন্ত্র প্রার্থ অ্যান্ড্রু কুওমো মঙ্গলবার ভোট দিবেন বলে জানা গেছে।

'বিএনপি সব জায়গায় গিয়ে ঝামেলা সৃষ্টির সিদ্ধান্ত নিচ্ছে'

২-এর পৃষ্ঠায় পর

'যদি নির্বাচন না হয়, তাহলে তো বিএনপির কোনো লাভ দেখছি না। তাহলে তারা এমনটা কেন করছে, আমার বুঝে আসে না। নির্বাচন না হলে যারা ভারতে বসে ষড়যন্ত্র করছে, তারাই আরেকটি সুযোগ পাবে। আচরণ দেখে মনে হচ্ছে বিএনপি সংস্কারবিহীন যে বাংলাদেশ আমরা আওয়ামী লীগের সময় দেখেছি, সেই বাংলাদেশ ফিরিয়ে আনার চেষ্টা করছে। আমরা বলতে চাই, বাংলাদেশকে আওয়ামী জাহেলিয়াতের দিকে ফিরে যেতে এ দেশের মানুষ কখনোই দেবে না।'

সৈয়দ আবদুল্লাহ মোহাম্মদ তাহের আরও বলেন, 'এই সরকার চাপের কাছে যদি নতি স্বীকার করে এবং সিদ্ধান্ত থেকে সরে আসে, তাহলে বুঝতে হবে এই সরকার আর নিরপেক্ষ নেই। সরকার যদি নিরপেক্ষতা হারায় এবং কোনো দলের প্রতি আনুগত্য পোষণ করে, তাহলে সেই সরকারের অধীন সুষ্ঠু নির্বাচন হবে আশা করা যায় না। এই সরকারের ওপর মানুষ আস্থা রাখবে কি না, সেটা নিয়েও এখন প্রশ্ন দেখা দিয়েছে। এই সরকার যদি কোনো দলের প্রতিনিধিত্ব করে, কোনো দলের কাছে মাথানত করে, তাহলে এ সরকারের প্রতি আস্থা রাখার কোনো সুযোগ আমাদের আর নেই।'

চৌদ্দগ্রাম উপজেলা জামায়াতের আমির মাহফুজুর রহমানের সভাপতিত্বে সমাবেশে বিশেষ অতিথির বক্তব্য দেন জামায়াতের কুমিল্লা অঞ্চলের টিম সদস্য আবদুস সাত্তার, কুমিল্লা দক্ষিণ জেলা জামায়াতের আমির মোহাম্মদ শাহজাহান, কুমিল্লা মহানগর জামায়াতের সেক্রেটারি মাহবুবর রহমান, বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফেডারেশন কেন্দ্রীয় সহসভাপতি মজিবুর রহমান ভূঁইয়া, চৌদ্দগ্রাম উপজেলা জামায়াতে সাবেক আমির সাহাব উদ্দিন প্রমুখ।

প্রধান উপদেষ্টার নিয়োগকর্তারাও এখন বলছেন তাঁরা প্রতারিত

২-এর পৃষ্ঠায় পর

তাই করছে'। বিএনপিও বলেছে, তাদের সঙ্গে 'প্রতারণা' করা হয়েছে।

নির্বাচন বানচালে বড় ধরনের ষড়যন্ত্র হতে পারে বলে প্রধান উপদেষ্টার সতর্কবার্তা নিয়ে নাগরিক ঐক্যের সভাপতি বলেন, 'প্রধান উপদেষ্টা যখন এ রকম হামলার কথা বলেন তখন তার মানে আরও অনেক বড় কিছু ইঙ্গিত করেন তিনি।...উনি (প্রধান উপদেষ্টা) বলেন আরও বড় শক্তি, যে শক্তির কাছে আশ্রয় দিয়েছেন আমাদের পরাজিত শক্তি অথবা যাদের সাথে গাঁটছড়া বাঁধে আরও বিশ্বের বড় বড় মোড়ল শক্তি।'

গণসংহতি আন্দোলনের সম্মেলনের উদ্বোধন অনুষ্ঠানে জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) জ্যেষ্ঠ যুগ্ম আহ্বায়ক আরিফুল ইসলাম আদীব, আমার বাংলাদেশ পার্টির সাধারণ সম্পাদক সাইফুল হক, ভাসানী জনশক্তি পার্টির চেয়ারম্যান শেখ রফিকুল ইসলাম বাবলু, বাংলাদেশ জাতীয় দলের চেয়ারম্যান ও ১২দলীয় জোটের সমন্বয়ক সৈয়দ এহসানুল হুদা, ন্যাশনাল পিপলস পার্টির চেয়ারম্যান ও জাতীয়তাবাদী সমমনা জোটের সমন্বয়ক ফরিদুজ্জামান ফরহাদ, বাংলাদেশের সমাজতান্ত্রিক দলের (মার্কসবাদী) সমন্বয়ক মাসুদ রানাও বক্তব্য দেন।

চিটাগাং ইউনিভার্সিটি এলামনাই ফেডারেশনের

শেষ পৃষ্ঠায় পর

গঠন করা হয়েছে। নতুন কমিটির সভাপতি মোহাম্মদ সাইফুর রহমান চৌধুরী টিপু ও রায়হানুল ইসলাম চৌধুরী সাধারণ সম্পাদক নির্বাচিত হয়েছেন। আগামী দুই বছরের জন্য ১৯ সদস্যবিশিষ্ট এ কমিটি দায়িত্ব পালন করবেন।

এর আগে গত আগস্টে যুক্তরাষ্ট্রে বিভিন্ন অঙ্গরাজ্যের অ্যালামনাই এসোসিয়েশনগুলোর অংশগ্রহণে বোস্টনে অনুষ্ঠিত সংগঠনের ২য় কনভেনশনের মধ্য দিয়ে নতুন কমিটি গঠনের প্রক্রিয়া শুরু হয়। সম্প্রতি ৩ সদস্য বিশিষ্ট নির্বাচন কমিশন আনুষ্ঠানিকভাবে নতুন কর্মকর্তাদের নাম ঘোষণা করেন।

নির্বাচিত অন্যরা হলেন-সৈয়দ মঈন (ভাইস প্রেসিডেন্ট), মো. মাওলা দিলু (ভাইস প্রেসিডেন্ট), জামশেদ হোসেন (ভাইস প্রেসিডেন্ট), প্রতাপ চন্দ্র শীল (জয়েন্ট সেক্রেটারি) , লুৎফুন ভূঁইয়া হেনা (জয়েন্ট সেক্রেটারি) , ইকরামুল বাকী (ট্রেজারার), মোহাম্মদ হুদা (অর্গানাইজিং সেক্রেটারি), এহসান জুয়েল (প্রেস, মিডিয়া এন্ড পাবলিকেশন সেক্রেটারি) , মোহাম্মদ কামাল (এডুকেশন ও কালচারাল সেক্রেটারি) ও আমানা রশিদ (সোশ্যাল ওয়েলফেয়ার সেক্রেটারি)।

কমিটির সাত কার্যনির্বাহী সদস্যের দায়িত্ব পেয়েছেন চুন্নু জামান, সারোয়ার কামাল, আবদুল ওয়াহেদ মাহফুজ, মোস্তফা আমিন খোকন, সাবের চৌধুরী, মোহাম্মদ সারোয়ার হোসেন ফরিদ ও আহমেদ শহীদ।

নতুন নির্বাচিত কমিটি জানিয়েছে, যুক্তরাষ্ট্রের বিভিন্ন অঙ্গরাজ্যের চিটাগং ইউনিভার্সিটি অ্যালামনাইগুলোর মধ্যে পারস্পরিক সমন্বয় ও ফেডারেশনভুক্ত হবার পাশাপাশি সংগঠনের কার্যক্রমকে গতিশীল করতে কাজ করবে নির্বাচিত এ কমিটি। নতুন নতুন কর্মসূচি গ্রহণ এবং উচ্চশিক্ষা গ্রহণে বাংলাদেশী শিক্ষার্থীদের সহায়তা বাড়াতে বিভিন্ন পদক্ষেপ গ্রহণ ছাড়া কমিটি দ্রুত বাৎসরিক পরিকল্পনা, কর্মসূচি ঘোষণা ও বাস্তবায়নের অঙ্গীকার ব্যক্ত করেছে। এ বিষয়ে যুক্তরাষ্ট্রে বসবাসরত চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের সকল অ্যালামনাই সহযোগিতা চেয়েছেন তারা।

উল্লেখ্য, যুক্তরাস্ট্রে বিভিন্ন অঙ্গরাজ্যে বসাবাসরত চিটাগাং ইউনিভার্সিটির সাবেক শিক্ষার্থীদের নিয়ে ২০১৭ সাল থেকে কাজ করে আসছে এ ফেডারেশন। -প্রেস বিজ্ঞপ্তি

ভারতীয় বংশোদ্ভূত আমেরিকানের ৫০ কোটি ডলারের 'বিস্ময়কর'

৩-এর পৃষ্ঠায় পর

নেওয়া হয়েছে।

দ্য ওয়াল স্ট্রিট জার্নালের প্রতিবেদন অনুযায়ী, কয়েক মাস আগেও ব্রহ্মভট্ট নিউইয়র্কের গার্ডেন সিটিতে অফিস চালাতেন।

জালিয়াতির ধরন

দ্য ওয়াল স্ট্রিট জার্নালের প্রতিবেদনে বলা হয়েছে, ২০২৫ সালের আগস্টে যুক্তরাষ্ট্রে করা মামলায় দাবি করা হয়েছে, ব্রহ্মভট্টের প্রতিষ্ঠানগুলোর ৫০ কোটি ডলারের বেশি ঋণ বকেয়া রয়েছে। ব্ল্যাকরকের এইচপিএস ইনভেস্টমেন্ট পার্টনার্সের নেতৃত্বে ঋণদাতারা তাঁর বিরুদ্ধে ভুয়া চালান ও ভুয়া পাওনা অ্যাকাউন্ট তৈরি করার অভিযোগ এনেছেন। বড় অঙ্কের ঋণের জন্য জামানত হিসেবে ওইসব অ্যাকাউন্ট বানানো হয়েছিল।

মামলায় অভিযোগ করা হয়েছে, ব্রহ্মভট্টের প্রতিষ্ঠানগুলোর তহবিল যখন ভারত ও মরিশাসে স্থানান্তর করা হয়েছিল, তখন তাদের নেটওয়ার্ক কাগজে-কলমে আর্থিক শক্তির একটি মায়াজাল তৈরি করা হয়েছিল।

তবে ব্রহ্মভট্টের আইনজীবী এই জালিয়াতির সব অভিযোগ অস্বীকার করেছেন।

ঋণদাতারা দাবি করেছেন, ব্রহ্মভট্ট কারিওক্স ক্যাপিটাল ও বিবি ক্যাপিটাল এসপিভির মতো আর্থিক সংস্থার এক জটিল নেটওয়ার্ক তৈরি করেছিলেন, যা ব্ল্যাকরকের মতো কয়েকটি বেসরকারি ঋণদাতা প্রতিষ্ঠানের কাছ থেকে কোটি কোটি ডলার ঋণ নিয়েছিল।

মামলার অভিযোগ অনুযায়ী, ব্রহ্মভট্ট ভুয়া গ্রাহক চালান তৈরি করেন এবং সেই জাল কাগজপত্র দিয়ে জামানত তৈরি করে তার বিপরীতে ৫০ কোটি ডলারের বেশি ঋণ নিয়েছেন। অভিযোগে আরও বলা হয়েছে, পরে তিনি ভারত ও মরিশাসে সম্পদ স্থানান্তর করেন। এখন তাঁর দুটি কোম্পানি এবং ব্রহ্মভট্ট নিজে দেউলিয়া হওয়ার আবেদন করেছেন।

গুরুতর অভিযোগ থাকা সত্ত্বেও ব্রহ্মভট্টের আইনজীবী কোনো ধরনের অনিয়মের অভিযোগ অস্বীকার করে বলছেন, জালিয়াতির সব অভিযোগ ভিত্তিহীন।

অধরা জাতীয় ঐক্য ও সংঘাতের শঙ্কা

৪-এর পৃষ্ঠায় পর

হয়ে উঠেছে। সরকারের আইন উপদেষ্টা আসিফ নজরুল বলেছেন, অভ্যুত্থানের শক্তিগুলোর মধ্যে এই অনৈক্য হতাশাব্যঞ্জক এবং সরকারের সামনে এক নতুন চ্যালেঞ্জ সৃষ্টি করেছে। গত বৃহস্পতিবার তিনি অবশ্য সব পক্ষকে আশ্বস্ত করেছেন এই বলে যে গণভোটের সময় এবং জুলাই সনদ বাস্তবায়নে ঐকমত্য কমিশনের সুপারিশ বাস্তবায়নের বিষয়ে সিদ্ধান্ত নেবেন প্রধান উপদেষ্টা নিজে এবং তা শিগগিরই নেওয়া হবে।

কিন্তু তাতেই কি অনৈক্যের অবসান এবং সব সমস্যার সমাধান হবে? যে ভিন্নমতগুলোসহ বিভিন্ন রাজনৈতিক দল জুলাই সনদে স্বাক্ষর করেছে, সেগুলোর মীমাংসা হবে কীভাবে! আবার গণভোট অনুষ্ঠানের বিষয়ে রাজনৈতিক দলগুলো একমত হয়েছে ঠিকই। কিন্তু গণভোটের প্রশ্নটি কী হবে? ঐকমত্য কমিশনের সুপারিশে যে প্রশ্নের প্রস্তাব করা হয়েছে, সেটি তো বিস্ময়কর। কমিশনের প্রশ্নটি হলো–'আপনি কি জুলাই জাতীয় সনদ (সংবিধান সংস্কার) বাস্তবায়ন আদেশ, ২০২৫ এবং ইহার তফসিল-১-এ সন্নিবেশিত সংবিধান সংস্কার সম্পর্কিত খসড়া বিলের প্রস্তাবসমূহের প্রতি আপনার সম্মতি জ্ঞাপন করিতেছেন?' এই প্রশ্ন থেকে 'খসড়া বিলের' শব্দ দুটি প্রয়োজনে বাদও দেওয়া যেতে পারে বলে কমিশন বলেছে। তবে এই প্রশ্ন গণভোটের উপযোগী নয়। কারণ, এই প্রশ্নের হ্যাঁ কিংবা না জবাব দেওয়া সম্ভব নয়। গণভোটে এই প্রশ্নের হ্যাঁ জবাব দিতে হলে একজন ভোটারকে ৪৮টি প্রস্তাবের সঙ্গেই একমত হতে হবে। আর না জবাব দিতে হলেও ৪৮টি প্রস্তাবকেই না বলতে হবে, যেটা বাস্তবসম্মত নয়। এ ছাড়া জুলাই জাতীয় সনদে সংবিধান সংস্কার প্রশ্নে বিভিন্ন রাজনৈতিক দলের যে ভিন্নমত যুক্ত হয়েছিল, গণভোটে তা বিবেচনায় না নেওয়ারও সুপারিশ করা হয়েছে। মানে জুলাই সনদের পক্ষে যদি জনগণ ভোট দেন, তবে ভিন্নমতগুলো বিবেচনায় নেওয়ার আর কোনো সুযোগ থাকবে না।

জাতীয় ঐকমত্য সৃষ্টির লক্ষ্যে গত ৯ মাস প্রাজ্ঞজনেরা যে কঠোর অধ্যবসায় করলেন, তার ফল কী হলো? একদিকে জাতীয় ঐক্য অধরা থেকে গেল, একই সঙ্গে কোনো সমস্যারই পূর্ণ ও স্পষ্ট সমাধান মিলল না। অবশ্য সরকার যে হাতের পাঁচ রেখে দিয়েছে, তা বোধগম্য হয় উপদেষ্টা সৈয়দা রিজওয়ানা হাসানের কথায়। তিনি বলেছেন, জুলাই সনদের বাস্তবায়ন প্রক্রিয়া নিয়ে আলোচনার মাধ্যমে সমাধান হবে। আমরা ধারণা করতে পারি, সে ক্ষেত্রে হয়তো রাজনৈতিক দলগুলোকে কোনো কোনো বিষয় ছাড় দিত হবে, যা তারা এখন চাইছে না।

গভীর সংকটে একীভূত হতে

৫-এর পৃষ্ঠায় পর

তা অনেক আগেই শেষ হয়ে গেছে। এরপর গত তিন-চার মাসে বাংলাদেশ ব্যাংক থেকে কোনো টাকা দেওয়া হয়নি। এতে এই ব্যাংকগুলোর সামগ্রিক পরিস্থিতি আরও অবনতির দিকে যাচ্ছে।

গোবাল ইসলামী ব্যাংকের চেয়ারম্যান মোহাম্মদ নুরুল আমিন বলেন, এখন আদায় হচ্ছে না, নতুন আমানতও আসছে না। এ অবস্থায় আমানতকারীদের টাকা ফেরত দেওয়া কঠিন হয়ে যাচ্ছে। গ্রাহকরা তাদের টাকা পাচ্ছে না। এটি আজকের বাস্তবতা, এমনকি এটি কর্মকর্তাদের জন্যও কষ্টদায়ক।

মার্জার প্রক্রিয়া শেষ হতে কতদিন লাগতে পারে- জানতে চাইলে তিনি বলেন, এই বিষয়ে বলা যাবে না, কারণ বাংলাদেশ ব্যাংক লাইসেন্সটি ইস্যু করবে, লাইসেন্স হওয়ার পর ব্যাংকের মূলধনসহ ব্যাংকটিকে ওপেন করার ঘোষণা হবে। তারপর হয়তো এক-দুই মাস লাগবে।

একই বিষয়ে জানতে চাইলে বাংলাদেশ ব্যাংকের সংশ্লিষ্ট একজন উর্ধ্বতন কর্মকর্তা নাম প্রকাশ না করার শর্তে বলেন, রেজিস্ট্রি হওয়া এবং গ্রাহকরা নিয়মিত আমানত পাওয়া পর্যন্ত সব মিলিয়ে ১৫ দিন সময় লাগতে পারে। ১৫ দিন পর প্রশাসক নিয়োগ দেওয়া হবে। এ সময় প্রশাসক নিয়োগের পাশাপাশি ব্যাংকগুলোকে তারল্য সহায়তা দেওয়ার ব্যবস্থাও হয়তো করা হবে। তবে জরুরি অবস্থায় যদি কেউ টাকা না পায়, তাহলে সংশ্লিষ্ট গ্রাহককে তা বাংলাদেশ ব্যাংককে অবহিত করার আহ্বান জানিয়ে তিনি বলেন, এই ধরনের ঘটনা ঘটলে এবং তা বাংলাদেশ ব্যাংককে জানালে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হবে।

২ নভেম্বর থেকে ঘড়ির কাঁটা পেছাল এক ঘণ্টা

শেষ পৃষ্ঠায় পর

রোববার ভোর রাত ২টা পর্যন্ত। ওই সময় পুনরায় শুরু হবে 'ডে লাইট সেভিংস টাইম'।

সূর্যের আলোকে কাজে লাগানোর অভিপ্রায়ে যুক্তরাষ্ট্রের সিংহভাগ এলাকায় এই বিধি কার্যকর হচ্ছে বহুদিন যাবত। সরকারের ঘোষণায় স্মার্টফোন, আইফোন অথবা কম্পিউটারের সময় আপনা-আপনি পরিবর্তিত হয়ে যায়। স্ট্যান্ডার্ড টাইম টেবল শুরু হওয়ায় এখন নিউইয়র্কে যখন বেলা ১২টা বাজবে, ঢাকায় তখন হবে রাত ১১টা।

সনদ বাস্তবায়নে দ্রুত সিদ্ধান্ত, আরপিওতে পরিবর্তন আসছে



বাংলা পত্রিকা ডেস্কঃ জুলাই জাতীয় সনদ বা সংস্কার প্রস্তাব বাস্তবায়নের বিষয়ে দ্রুত সিদ্ধান্ত নেবে সরকার। আর যে সিদ্ধান্ত নেওয়া হবে, সে বিষয়ে সরকার অনড় থাকবে। এদিকে গণপ্রতিনিধিত্ব আদেশের (আরপিও) অধ্যাদেশের খসড়ায় আবার পরিবর্তন আনার সিদ্ধান্ত হয়েছে বলে জানা গেছে।

গত শনিবার রাতে রাষ্ট্রীয় অতিথি ভবন যমুনায় প্রধান উপদেষ্টা অধ্যাপক মুহাম্মদ ইউনূস কয়েকজন উপদেষ্টার সঙ্গে অনানুষ্ঠানিক বৈঠকে এসব নিয়ে আলোচনা করেন। বৈঠকে সার্বিক রাজনৈতিক পরিস্থিতি এবং নির্বাচন প্রস্তুতি নিয়ে আলোচনা হয়।

সুপারিশ জমা দেওয়ার পর রাজনৈতিক দলগুলো পরস্পরবিরোধী অবস্থান নিয়েছে। বিএনপি বলছে, জুলাই জাতীয় সনদ বাস্তবায়নের আদেশ জারির এখতিয়ার সংবিধান অনুযায়ী অন্তর্বর্তী সরকারের নেই। আর জাতীয় নির্বাচনের আগে গণভোট অনুষ্ঠান অপ্রয়োজনীয়, অযৌক্তিক ও অবিবেচনাপ্রসূত বলেও মনে করে দলটি। জামায়াতে ইসলামীসহ আটটি দল নভেম্বরের মধ্যে গণভোটসহ পাঁচ দাবিতে আন্দোলনে রয়েছে। জুলাই সনদ বাস্তবায়নে অন্তর্ব সরকারের পদক্ষেপ দেখার পরই এনসিপি সনদে স্বাক্ষরের বিষয়ে সিদ্ধান্ত নেবে। জুলাই জাতীয় সনদ বা সংস্কার প্রস্তাব বাস্তবায়ন প্রক্রিয়া নিয়ে আগে থেকেই রাজনৈতিক দলগুলোর মধ্যে মতপার্থক্য ছিল। সংস্কার বাস্তবায়ন নিয়ে ঐকমত্য কমিশন সুপারিশ জমা দেওয়ার পর তা নতুন করে তীব্রভাবে সামনে এল।

সংশ্লিষ্ট সূত্রগুলো জানিয়েছে, সদ্য অনুমোদন দেওয়া নির্বাচন-সংক্রান্ত আইন আরপিওর (সংশোধন) অধ্যাদেশের খসড়া আবারও সংশোধন করতে যাচ্ছে অন্তর্বর্তী সরকার। নতুন সিদ্ধান্ত অনুযায়ী, জোটগতভাবে নির্বাচন করলে নিজের দলের প্রতীকে নির্বাচন করার বাধ্যবাধকতা থাকছে না। অর্থাৎ কোনো প্রার্থী চাইলে নিজ দলের প্রতীকেও নির্বাচন করতে পারবেন, অথবা জোটের কোনো দলের প্রতীকেও নির্বাচন করতে পারবেন।

এর আগে গত ২৩ অক্টোবর গণপ্রতিনিধিত্ব আদেশের (সংশোধন) অধ্যাদেশের খসড়া অনুমোদন করেছিল অন্তর্বর্তী সরকারের উপদেষ্টা পরিষদ। তখন সিদ্ধান্ত হয়েছিল, কোনো দল জোটগতভাবে নির্বাচন করলেও নিজেদের প্রতীকে অংশ নিতে হবে।

এরপর ওই বিধান নিয়ে আপত্তি জানায় বিএনপি ও ছোট দলগুলো। ছোট দলগুলো এ নিয়ে নিজেদের আপত্তি ও উৎকণ্ঠার কথা কয়েকজন উপদেষ্টাকে জানায়। একপর্যায়ে বিএনপি আনুষ্ঠানিকভাবে তাদের আপত্তি জানায়।

সংশ্লিষ্ট সূত্রমতে, প্রধান উপদেষ্টার আগ্রহ এবং নির্দেশনায় আরপিওতে সর্বশেষ পরিবর্তন আনার সিদ্ধান্ত হয়।

আগামী ফেব্রুয়ারির প্রথমার্ধে ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন হওয়ার কথা রয়েছে। এ লক্ষ্যে আগামী ডিসেম্বরের প্রথমার্ধে তফসিল ঘোষণা করতে পারে নির্বাচন কমিশন।

গত মঙ্গলবার জুলাই জাতীয় সনদ বাস্তবায়নের উপায় নিয়ে অন্তর্বর্তী সরকারের কাছে সুপারিশ জমা দিয়েছে জাতীয় ঐকমত্য কমিশন। সেখানে বলা হয়েছে, সনদের সংবিধান-সম্পর্কিত সংস্কার প্রস্তাবগুলো বাস্তবায়নে বিশেষ আদেশ জারি করে তার ভিত্তিতে গণভোট হবে। গণভোটে প্রস্তাব পাস হলে আগামী সংসদ সংবিধান সংস্কার পরিষদ হিসেবে ২৭০ দিনের মধ্যে সংবিধান সংস্কার করবে। তবে গণভোট কবে হবে, সে সিদ্ধান্ত নেওয়ার ভার সরকারের ওপর ছেড়ে দিয়েছে ঐকমত্য কমিশন। সরকার সিদ্ধান্ত নেবে গণভোট কি জাতীয় সংসদ নির্বাচনের দিন একই সঙ্গে হবে, নাকি আগে হবে।

সুপারিশ জমা দেওয়ার পর রাজনৈতিক দলগুলো পরস্পরবিরোধী অবস্থান নিয়েছে। বিএনপি বলছে, জুলাই জাতীয় সনদ বাস্তবায়নের আদেশ জারির এখতিয়ার সংবিধান অনুযায়ী অন্তর্বর্তী সরকারের নেই। আর জাতীয় নির্বাচনের আগে গণভোট অনুষ্ঠান অপ্রয়োজনীয়, অযৌক্তিক ও অবিবেচনাপ্রসূত বলেও মনে করে দলটি। জামায়াতে ইসলামীসহ আটটি দল নভেম্বরের মধ্যে গণভোটসহ পাঁচ দাবিতে আন্দোলনে রয়েছে। জুলাই সনদ বাস্তবায়নে অন্তর্বর্তী সরকারের পদক্ষেপ দেখার পরই এনসিপি সনদে স্বাক্ষরের বিষয়ে সিদ্ধান্ত নেবে। জুলাই জাতীয় সনদ বা সংস্কার প্রস্তাব বাস্তবায়ন প্রক্রিয়া নিয়ে আগে থেকেই রাজনৈতিক দলগুলোর মধ্যে মতপার্থক্য ছিল। সংস্কার বাস্তবায়ন নিয়ে ঐকমত্য কমিশন সুপারিশ জমা দেওয়ার পর তা নতুন করে তীব্রভাবে সামনে এল।

বিভেদ ঘোচাতে চলছে কথা



বাংলা পত্রিকা ডেস্কঃ জুলাই জাতীয় সনদ বাস্তবায়নে গণভোট ঠিক কখন হতে পারে, সে বিষয়ে রাজনৈতিক দলগুলোর মধ্যে তীব্র মতভেদ দেখা দিয়েছে। এ মতভেদ ঘুচিয়ে গণভোটের বিষয়ে একটি সিদ্ধান্তে পৌঁছাতে উদ্যোগ নিয়েছেন প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস। এরই মধ্যে প্রধান উপদেষ্টার নির্দেশে দলগুলোর নেতাদের সঙ্গে নেপথ্যে কথা বলছেন উপদেষ্টা পরিষদের কয়েকজন সদস্য। নেপথ্যের এ আলোচনার মাধ্যমে দূরত্ব কমিয়ে আনার পর প্রধান উপদেষ্টা রাজনৈতিক দলগুলোর সঙ্গে আনুষ্ঠানিক বৈঠক করবেন। সেখানে তিনি গণভোটের বিষয়ে নিজের সিদ্ধান্তের কথা জানিয়ে রাজনৈতিক দলগুলোর সমর্থন চাইতে পারেন। দলগুলোর সমর্থন পাওয়ার পর সার্বিক বিষয় তিনি জাতির সামনে উপস্থাপন করবেন।

সরকার ও রাজনৈতিক দলগুলো থেকে পাওয়া তথ্য অনুযায়ী, গণভোট ছাড়াও ভবিষ্যতে আইনসভায় আনুপাতিক প্রতিনিধিত্ব (পিআর) ও সংশোধিত গণপ্রতিনিধিত্ব আদেশের (আরপিও) কিছু বিধানের বিষয়েও দলগুলোর মধ্যে মতবিরোধ আছে। উপদেষ্টাদের সঙ্গে আনুষ্ঠানিক আলোচনায় দলগুলোর নেতারা এসব বিষয়েও নিজেদের আপত্তির কথা জানাচ্ছেন।

রাষ্ট্র সংস্কারকে সামনে রেখে গঠিত জাতীয় ঐকমত্য কমিশনের (এনসিসি) মেয়াদ গত ৩১ অক্টোবর শেষ হলেও দলগুলোর সঙ্গে অনানুষ্ঠানিক আলোচনায় এনসিসির একাধিক সদস্যও যুক্ত রয়েছেন।

অনানুষ্ঠানিক এসব আলোচনায় সংশ্লিষ্ট উপদেষ্টা ও এনসিসি সদস্যরা সনদ তৈরির প্রক্রিয়ায় জড়িত থাকা রাজনৈতিক দলগুলোর নেতাদের বোঝানোর চেষ্টা করছেন, দলগুলো ঐক্যবদ্ধ না থাকলে পরাজিত ফ্যাসিস্ট লাভবান হবে। এ ক্ষেত্রে সবার ক্ষতিগ্রস্ত হওয়ার আশঙ্কা আছে। এ কারণে ও বৃহত্তর জাতীয় স্বার্থে সব দলকে ছাড় দিতে হবে। চলমান রাজনৈতিক সংকটের সমাধান করতে হবে।

বৈঠকের বিষয়ে জানতে চাইলে প্রধান উপদেষ্টার প্রেস সচিব শফিকুল আলম শনিবার বলেন, 'আমরা এখনো এ বিষয়ে কিছু জানি না। জানলে গণমাধ্যমকে জানিয়ে দেব।'

বিএনপি নেতারা বলছেন, গণভোটসহ বিভিন্ন ইস্যুতে রাজনৈতিক দলগুলোর মধ্যে যে বিভেদ তৈরি হয়েছে, তা নিরসনে প্রধান উপদেষ্টা উদ্যোগ নিচ্ছেন বলে জানতে পেরেছি।

প্রধান উপদেষ্টার সঙ্গে আনুষ্ঠানিক বৈঠকের বিষয়ে বিএনপির স্থায়ী কমিটির সদস্য সালাহউদ্দিন আহমদ বলেন, 'প্রধান উপদেষ্টার দপ্তর থেকে এখনো আমাদের কিছু জানানো হয়নি। আমন্ত্রণ পেলে আমরা যাব। আমরা আমাদের অবস্থান তুলে ধরব।'

বিএনপি নেতারা অভিযোগ তুলছেন, অন্তর্বর্তী সরকারের একাংশ, জামায়াতে ইসলামী ও জাতীয় নাগরিক পার্টি (এনসিপি) একজোট হয়েছে। তারা জুলাই সনদ বাস্তবায়নে আগে গণভোট চাইছে। বিএনপি আশঙ্কা করছে, সংসদ নির্বাচনের আগে গণভোট হলে সংসদ নির্বাচন নাও হতে পারে। সে ক্ষেত্রে দেশ অনিশ্চয়তার দিকে যেতে পারে। বিএনপি তা চায় না।

বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর বলেন, 'গণভোটের প্রয়োজন ছিল না। তারপরও আমরা রাজি হয়েছি। আমরা সংসদ নির্বাচনের দিন গণভোট চেয়েছি। কিন্তু জামায়াতে ইসলামী এখন গণভোট আগে চায়।' তিনি বলেন, নির্বাচন ঘিরে হামলা হতে পারে, এমন আশঙ্কার কথা প্রধান উপদেষ্টা জানিয়েছেন। কিন্তু কারা হামলা করতে পারে, তা স্পষ্ট করা উচিত ছিল।

উপদেষ্টা পরিষদ সম্প্রতি নির্বাচনসংক্রান্ত আইন গণপ্রতিনিধিত্ব আদেশের (সংশোধন) অধ্যাদেশের খসড়া অনুমোদন করেছে। এতে বলা হয়েছে, কোনো দল জোটগতভাবে নির্বাচন করলেও নিজেদের প্রতীকে অংশ নিতে হবে। বিএনপির এর বিরোধিতা করেছে।

বিএনপি স্থায়ী কমিটির সদস্য সালাহউদ্দিন আহমদ বলেন, 'জোটবদ্ধ নির্বাচনে দলের নিজস্ব প্রতীকে নির্বাচন করতে হলে ছোট রাজনৈতিক দলগুলো জোটবদ্ধ হতে উৎসাহিত হবে না। এটাতে তাদের (ছোট রাজনৈতিক দলগুলোরও) সম্মতি নেই, আমাদেরও সম্মতি নেই। এটা নির্বাচন কমিশন থেকে একতরফাভাবে কেন উত্থাপন করা হলো জানি না।' তিনি বলেন, আরপিওর অধ্যাদেশের খসড়ার ওপর আলোচনার সময়ও এ বিষয়ে দলের মতামত তুলে ধরা হয়।

বাংলাদেশের কমিউনিস্ট পার্টি (সিপিবি) মনে করে, এই মুহূর্তে গণভোট সংবিধানসম্মত নয়। দলের সভাপতি সাজ্জাদ জহির চন্দন গতকাল এক আলোচনা সভায় বলেন, সংবিধানে কোথাও গণভোটের কোনো বিধান নেই। একটা আছে, যেটা ১৪২ ধারা। যেটা নির্বাচিত সংসদে যদি কোনো গুরুত্বপূর্ণ বিষয় নিয়ে মতভেদ তীব্রতর হয়, তাহলে সেই বিষয়ের ওপর নির্বাচিত সংসদ জনগণের মতামত আহ্বান করতে পারে।

এদিকে জুলাই সনদ বাস্তবায়ন, পিআর পদ্ধতিতে নির্বাচনসহ পাঁচ দফা দাবি আদায়ে রাজপথে একের পর এক কর্মসূচি দিয়ে চলেছে জামায়াতে ইসলামীসহ আটটি রাজনৈতিক দলের মোর্চা। সরকার থেকে সাড়া না পেলে নতুন কর্মসূচি নিয়ে আন্দোলনে নামার কথাও ভাবছে মোর্চাটি। এ বিষয়ে আলোচনার জন্য আগামীকাল সোমবার দলগুলোর শীর্ষ নেতাদের বৈঠক ডাকা হয়েছে। সেখানে আন্দোলনের কর্মসূচি চূড়ান্ত করা হতে পারে।

এ বিষয়ে জামায়াতের সেক্রেটারি জেনারেল অধ্যাপক মিয়া গোলাম পরওয়ার বলেন, 'আমরা জাতীয় সংসদ নির্বাচনের আগে জুলাই জাতীয় সনদ বাস্তবায়নে গণভোট চাই। সে গণভোট হতে হবে চলতি নভেম্বর মাসে।'

এ দাবি বাস্তবায়নে রাজপথে থাকার কথা জানিয়ে তিনি বলেন, সোমবার শরিক দলগুলোর শীর্ষ নেতাদের সঙ্গে বৈঠক করে পরবর্তী কর্মসূচি নির্ধারণ করা হবে।

প্রধান উপদেষ্টার সঙ্গে বৈঠকের বিষয়ে জানতে চাইলে অধ্যাপক মিয়া গোলাম পরওয়ার বলেন, 'প্রধান উপদেষ্টা ডাকলে জামায়াত বৈঠকে অংশ নেবে। আলাপ-আলোচনার মাধ্যমে দাবি আদায়ের চেষ্টা করা হবে। দাবি আদায় না হলে জামায়াত দলগুলোকে নিয়ে আন্দোলনে থাকবে।'

আরপিও সংশোধনের বিষয়ে বিএনপির অবস্থানের সমালোচনা করে জামায়াতের নায়েবে আমির সৈয়দ আবদুল্লাহ মো. তাহের এক ভিডিও বার্তায় বলেন, "নির্বাচন কমিশন এবং উপদেষ্টা পরিষদে 'প্রতিটি দলকে নিজ নিজ প্রতীকে নির্বাচন করতে হবে' বলে যে দুটি সিদ্ধান্ত হয়েছিল, জামায়াতে ইসলামী সেই সিদ্ধান্তের সঙ্গে একমত এবং জাতিও একমত।"

এনসিপির অভিযোগ, গণভোট নিয়ে বড় দুটি দল দায়িত্বশীল আচরণ করছে না। তারা দেশকে অস্থিতিশীলতার দিকে ঠেলে দিচ্ছে।

এনসিপির জুলাই জাতীয় সনদের বাস্তবায়ন চায় জানিয়ে দলের যুগ্ম আহ্বায়ক খালেদ সাইফুল্লাহ বলেন, 'আমরা চাই সমাধান। সমস্যার সমাধান না হলে দেশ সংকটের দিকে যেতে পারে। আমরা এমনটা হতে দিতে চাই না।' প্রধান উপদেষ্টার সঙ্গে বৈঠকের বিষয়ে তিনি বলেন, 'আমন্ত্রণ পেলে দলীয়ভাবে সিদ্ধান্ত নেওয়া হবে।'

রাজনৈতিক পরিস্থিতি: বিভেদে বাড়ছে উৎকণ্ঠা

নিজস্ব প্রতিবেদক, ঢাকা : রক্তাক্ত জুলাই অভ্যুত্থানের পর পুরোনো ব্যবস্থা ভেঙে নতুন রূপে দেশ গড়ার স্বপ্ন দেখেছেন মানুষ। প্রত্যাশা ছিল, নোবেলজয়ী ড. ইউনূসের নেতৃত্বে অন্তর্বর্তী সরকার ও জাতীয় ঐকমত্য কমিশনের মধ্যস্থতায় রাজনৈতিক বিভেদ ঘুচিয়ে সংস্কার সম্পন্ন হবে, নির্বাচনের মধ্য দিয়ে স্থিতিশীল গণতান্ত্রিক ব্যবস্থা ফিরে আসবে দেশে। কিন্তু জনপ্রত্যাশা পূরণের পথে না হেঁটে নানা বিষয়ে একে অপরের সঙ্গে বিবাদে জড়াচ্ছে রাজনৈতিক দলগুলো। জুলাই সনদ বাস্তবায়ন ও গণভোটে দলগুলোর মধ্যে মতভেদ যেভাবে তীব্র হয়ে উঠেছে, তাতে জনমনে বিরক্তি-হতাশা ও উৎকণ্ঠা বিরাজ করছে।

নাগরিকদের অনেকেই মনে করছেন, রাজনৈতিক দলগুলো বক্তব্য-বিবৃতি ও কর্মসূচি দিয়ে যেভাবে অনড় অবস্থান জানান দিচ্ছে, তাতে প্রকৃত গণতান্ত্রিক মূল্যবোধ হারিয়ে যাচ্ছে। আবার কেউ কেউ বলছেন, দলগুলোকে জনগণের কাছে ফিরে গিয়ে আস্থার জায়গা পুনর্গঠন করার এখনই উত্তম সময়। যেভাবেই হোক, দেশ ও জাতির স্বার্থে সমঝোতার ভিত্তিতে সংকটের অবসান ঘটাতে হবে।

নূরে আজম নামের একজন চাকরিজীবী বলেন, দেশের আইন-শৃঙ্খলা পরিস্থিতিসহ সার্বিক বিষয় কখন স্বাভাবিক হবে, তা অনেকাংশে নির্বাচনের ওপর নির্ভর করছে। কিন্তু একেক দল একেক মত নিয়ে এখন অনড় অবস্থানে রয়েছে। এতে নির্বাচন অনিশ্চয়তার মধ্যে পড়ছে। জুলাই সনদে স্বাক্ষরের পরও রাজনৈতিক দলগুলোর মধ্যে এমন মতানৈক্য সাধারণ মানুষকে দ্বিধার মধ্যে ফেলেছে, অনেকেই এতে বিরক্ত।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের থিয়েটার অ্যান্ড পারফরম্যান্স স্টাডিজ বিভাগের শিক্ষার্থী মাহদিয়াব হোসেন দিহান বলেন, 'অভ্যুত্থানের মাধ্যমে ছাত্র-জনতা যে নতুন বাংলাদেশের স্বপ্ন দেখেছিল, সে স্বপ্নের বাস্তবায়ন নিয়ে এখন সংশয় বিরাজ করছে–এটা অস্বীকার করার উপায় নেই। আমাদের আকাঙ্ক্ষা ছিল সুশাসন, গণতন্ত্রের পুনঃপ্রতিষ্ঠা ও জবাবদিহি নিশ্চিত করা। কিন্তু বাস্তবতা হচ্ছে, রাজনৈতিক বিভাজন ও বিশৃঙ্খলা, অর্থনৈতিক অস্থিরতা, সহিংসতা এবং নিরাপত্তা সংকটের মধ্য দিয়ে আমরা সময় অতিক্রম করছি।'

জাতীয় নির্বাচন সামনে রেখে রাজধানীসহ সারা দেশে রাজনৈতিক দলগুলোর তৎপরতা বেড়েছে অনেক গুণ। কিন্তু সে তৎপরতার কেন্দ্রে জনগণের স্বার্থ কতটা আছে, তা নিয়ে প্রশ্ন উঠছে। দলগুলো নিজেদের অবস্থান শক্ত করতে যে যার মতো সভা-সমাবেশ ও মিছিল-মিটিং করছে; কিন্তু কোনো পক্ষই এখনো দেশের ভবিষ্যৎ রাজনৈতিক রূপরেখা স্পষ্টভাবে তুলে ধরতে পারেনি। অন্তর্বর্তী সরকার দায়িত্ব নেওয়ার এক বছর পরে এসে প্রত্যাশার বিপরীতে বাস্তবতা মিলিয়ে মানুষ



রাষ্ট্রীয় অতিথি ভবন যমুনায় আজ বুধবার সন্ধ্যায় প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূসের কাছে আট খণ্ডের প্রতিবেদন হস্তান্তর করেন জাতীয় ঐকমত্য কমিশনের সদস্যরা। ছবি: প্রধান উপদেষ্টার প্রেস উইং

- **দলগুলোর তৎপরতার কেন্দ্রে জনগণের স্বার্থ কতটা আছে, তা নিয়ে প্রশ্ন উঠছে**
- **শিক্ষার্থী ও তরুণেরাও এখন নতুন বাংলাদেশের স্বপ্ন বাস্তবায়ন নিয়ে সংশয়ে**
- **দেশের স্বার্থে দলগুলোকে ছাড় দেওয়ার মানসিকতা দেখাতে হবে, মত বিশেষজ্ঞদের**

অনেকটাই দিশেহারা।

জুলাই জাতীয় সনদ প্রণয়ন-প্রক্রিয়ার শুরু থেকেই নানা বিষয়ে রাজনৈতিক দলগুলোর মধ্যে মতবিরোধ চলে আসছে। অনেক চড়াই-উতরাই পেরিয়ে শেষ পর্যন্ত সনদ চূড়ান্ত হয়েছে, তাতে স্বাক্ষরও করেছে সংলাপে অংশ নেওয়া বেশির ভাগ দল। কিন্তু এখন নতুন গন্ডগোল বেধেছে জুলাই সনদ বাস্তবায়ন আদেশ ও গণভোট নিয়ে। জামায়াতে ইসলামী ও তাদের সমমনা দলগুলো নভেম্বরেই জুলাই সনদের ওপর গণভোট চায়। দ্রুত সনদ বাস্তবায়ন আদেশ জারির দাবিও করেছে দলগুলো। গতকাল শুক্রবারও খুলনার ডুমুরিয়া উপজেলায় এক সমাবেশে জামায়াতের সেক্রেটারি জেনারেল মিয়া গোলাম পরওয়ার বলেছেন, জুলাই সনদ বাস্তবায়নের মধ্য দিয়ে নভেম্বরে গণভোট দিয়েই ফেব্রুয়ারিতে জাতীয় নির্বাচন দিতে হবে।

তরুণদের দল জাতীয় নাগরিক পার্টি (এনসিপি) গণভোট নভেম্বরেই হতে হবে এমন দাবি না করলেও তারাও চায় জাতীয় নির্বাচনের আগে গণভোট হোক। দলটির বড় চাওয়া প্রধান উপদেষ্টার আদেশেই জুলাই সনদের বাস্তবায়ন। অন্যদিকে বিএনপি বলেছে, আদেশ জারির এখতিয়ার অন্তর্বর্তী সরকারের নেই। আর জাতীয় নির্বাচনের দিনই গণভোটের পক্ষে দলটি। এ ছাড়া সনদ বাস্তবায়ন নিয়ে ঐকমত্য কমিশনের দেওয়া কিছু সুপারিশ নিয়েও তীব্র আপত্তি জানিয়েছে দলটি। পরিস্থিতি এমন জায়গায় চলে গেছে, গতকাল এক অনুষ্ঠানে বিএনপির মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর বলেছেন, অন্তর্বর্তী সরকার, জাতীয় ঐকমত্য কমিশন দেশ ও জনগণের সঙ্গে বিশ্বাসঘাতকতা করেছে। জনগণের সঙ্গে প্রতারণা করেছে।

তবে সরকারসংশ্লিষ্ট একাধিক সূত্রে জানা গেছে, উপদেষ্টা পরিষদের অধিকাংশ সদস্য একই দিনে জাতীয় নির্বাচন ও গণভোট আয়োজনের পক্ষে। তবে কমিশনের প্রস্তাবিত সুপারিশ অনুযায়ী বাস্তবায়ন আদেশ দেবে সরকার।

গণভোট নিয়ে রাজনৈতিক দলগুলোর মতানৈক্যের বিষয়ে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের সরকার ও রাজনীতি বিভাগের অধ্যাপক ড. আল মাসুদ হাসানুজ্জামান আজকের পত্রিকাকে বলেন, এটি মানুষের মধ্যে হতাশা সৃষ্টি করছে। কারণ, এ ধরনের মতানৈক্যের ফলে নির্বাচন অনুষ্ঠান বিঘ্নিত হবে কি না, এমন আশঙ্কা সৃষ্টি হচ্ছে। মানুষ আশা করছেন সুষ্ঠু নির্বাচন হবে। কিন্তু এ ধরনের মতানৈক্য থাকলে সুষ্ঠু নির্বাচন কীভাবে সম্ভব, সে প্রশ্ন উঠছে মানুষের মনে। এটি রাজনৈতিক সংকটের আলামত।

এমন পরিস্থিতি উত্তরণের উপায় কী, জানতে চাইলে এই রাজনৈতিক বিশ্লেষক বলেন, দলগুলোকে ঐক্যের জায়গায় পৌঁছাতে হবে। না হয় রাজনৈতিক পরিমণ্ডলে একধরনের সংকট সৃষ্টি হতে পারে। দেশের স্বার্থে ছাড় দেওয়ার মানসিকতা নিয়ে দলগুলোকে এগিয়ে আসতে হবে।

বাংলাদেশ এন্টারপ্রাইজ ইনস্টিটিউটের (বিইআই) সভাপতি ও যুক্তরাষ্ট্রে নিযুক্ত বাংলাদেশের সাবেক রাষ্ট্রদূত এম হুমায়ুন কবির বলেন, 'জুলাই-উত্তর সময়ে বাংলাদেশ একটা রাজনৈতিক বিবর্তনের মধ্য দিয়ে যাচ্ছে। এখানে খানিকটা টেনশন হতে পারে। তবে এই টেনশনের মধ্যেও আমি মনে করি, একটা বিষয়ে সবাই একমত আছে–সেটা হলো একটা সুষ্ঠু নির্বাচন হতে হবে, সবাই যাতে অংশগ্রহণ করতে পারে, সে রকম একটা নির্বাচন। আরও একটা জায়গায় সহমত আছে, তা হলো জুলাই সনদ। দ্বিমত যেটা দেখা যাচ্ছে, সেটি সনদ বাস্তবায়নের পথ নিয়ে। আমার ধারণা, এখনো আলাপ-আলোচনার সুযোগ শেষ হয়ে যায়নি। সরকার ও রাজনৈতিক দলগুলো বসে সবার কাছে গ্রহণযোগ্য একটা পদ্ধতি নিয়ে যদি একমত হতে পারে, তাহলে এই সাময়িক যে উত্তেজনা, বিভাজন থেকে উত্তরণ সম্ভব বলে আমি মনে করি।'

জুলাই সনদ নিয়ে যে অনৈক্য সৃষ্টি হয়েছে, তার জন্য ঐকমত্য কমিশনকেই কাঠগড়ায় দাঁড় করিয়েছেন মানবাধিকারকর্মী ও নারীবিষয়ক সংস্কার কমিশনের প্রধান শিরীন পারভিন হক। তিনি বলেন, 'অন্তর্বর্তী সরকারের মূল দায়িত্ব ছিল বিচার, সংস্কার এবং নির্বাচন। আমরা দেখলাম, ঐকমত্য কমিশন গঠন হলো; কিন্তু সেখানেও বিভেদ। পাঁচটি সংস্কার কমিশনের সুপারিশ আমলেই নেওয়া হলো না। যার নেতৃত্বে এই কমিশনটা চলছে, তার সদিচ্ছা নিয়েও প্রশ্ন রয়েছে। কমিশনে নারীদের একেবারেই উপেক্ষিত রাখা হয়েছে।'

বর্তমান পরিস্থিতিতে নির্বাচনই উত্তরণের পথ বলে জানান শিরীন হক। তিনি বলেন, রাজনৈতিক দলগুলো সব ব্যাপারে ঐকমত্য হবে, তা আশা করা উচিত না। দলগুলোর নিজ নিজ আদর্শ আছে, মতাদর্শ আছে, দাবি-দাওয়া আছে, সেখানে তো পার্থক্য থাকবেই। কিন্তু মানুষ একটা সুষ্ঠু নির্বাচন চায় এবং শিগগিরই চায়। তাই সরকারের উচিত, নির্বাচনটা কীভাবে দ্রুততম সময়ের মধ্যে সুন্দরভাবে হতে পারে, সেদিকে মনোযোগ দেওয়া।

দেশে ভোটার বেড়েছে ১৩ লাখ ৪ হাজার ৮৮০ জন

নিজস্ব প্রতিবেদক, ঢাকা : ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনকে সামনে রেখে তৃতীয় ধাপের খসড়া ভোটার তালিকা প্রকাশ করেছে নির্বাচন কমিশন (ইসি)। এতে ভোটার বেড়েছে ১৩ লাখ ৪ হাজার ৮৮০ জন। আজ রোববার আগারগাঁওয়ে নির্বাচন ভবনে ইসির জ্যেষ্ঠ সচিব আখতার আহমেদ সাংবাদিকদের এ তথ্য জানান।

আখতার আহমেদ বলেন, দেশে এখন ভোটার ১২ কোটি ৭৬ লাখ ১২ হাজার ৩৮৪ জন; যার মধ্যে পুরুষ ভোটার ৬ কোটি ৪৭ লাখ ৬০ হাজার ৩৮২, নারী ভোটার ৬ কোটি ২৮ লাখ ৫০ হাজার ৭২ ও হিজড়া ভোটার ১ হাজার ২৩০ জন।

জ্যেষ্ঠ সচিব বলেন, দাবি-আপত্তি শেষে চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশ করা হবে। ১ সেপ্টেম্বর থেকে ৩১ অক্টোবর পর্যন্ত নতুন যুক্ত হয়েছেন ১৩ লাখ ৪ হাজার ৮৮০ জন। এ ভোটার তালিকা দিয়ে সংসদ নির্বাচন করা হবে। ১৭ নভেম্বরের মধ্যে দাবি-আপত্তি জানানো যাবে। দাবি-আপত্তি শুধু এ নতুনদের ক্ষেত্রে প্রযোজ্য হবে। অন্যদেরটা আগে হয়েছে। চূড়ান্ত তালিকা ১৮ নভেম্বর প্রকাশ করা হবে।

এর আগে গত ৩১ আগস্ট দ্বিতীয় ধাপের ভোটার তালিকা প্রকাশ করেছিল ইসি। সেদিন ইসির দেওয়া তথ্য অনুযায়ী, দেশে মোট ভোটার ছিল ১২ কোটি ৬৩ লাখ ৭ হাজার ৫৯৪ জন। সেখানে পুরুষ ভোটার ৬ কোটি ৪১ লাখ ৪৫৫, নারী ভোটার ৬ কোটি ২২ লাখ ৫ হাজার ৮১৯ ও হিজড়া ভোটার ১ হাজার ২৩০ জন ছিলেন।



জুলাই সনদ বাস্তবায়ন

রাজনৈতিক দলগুলোকে এক সপ্তাহের মধ্যে ঐক্যবদ্ধ সিদ্ধান্ত জানাতে বলল সরকার

নিজস্ব প্রতিবেদক, ঢাকা : জুলাই সনদ বাস্তবায়ন ও গণভোট নিয়ে রাজনৈতিক দলগুলোকে আগামী এক সপ্তাহের মধ্যে ঐক্যবদ্ধ সিদ্ধান্ত জানানোর অনুরোধ করেছে সরকার। এ সময়ের মধ্যে দলগুলোর পক্ষ থেকে দিকনির্দেশনা পেলে সরকারের সিদ্ধান্ত নেওয়া সহজ হবে বলে জানিয়েছেন আইন উপদেষ্টা ড. আসিফ নজরুল।

আজ সোমবার জুলাই জাতীয় সনদ বাস্তবায়নে গণভোট বিষয়ে উপদেষ্টা পরিষদের বৈঠকের পর প্রেস ব্রিফিংয়ে এ কথা জানান উপদেষ্টা।

সকাল ১০টার দিকে প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূসের সভাপতিত্বে রাজধানীর তেজগাঁও কার্যালয়ে এ বৈঠক শুরু হয়।

আইন উপদেষ্টা বলেন, জুলাই জাতীয় সনদ বাস্তবায়নের বিষয়ে রাজনৈতিক দলগুলোকে আলোচনা করে এক সপ্তাহের মধ্যে সরকারকে ঐক্যবদ্ধ সিদ্ধান্ত জানাতে অনুরোধ করেছেন প্রধান উপদেষ্টা।



সোমবার জুলাই জাতীয় সনদ বাস্তবায়নে গণভোট বিষয়ে প্রধান উপদেষ্টার সভাপতিত্বে উপদেষ্টা পরিষদের বৈঠক অনুষ্ঠিত হয়। ছবি: প্রধান উপদেষ্টার প্রেস উইং

সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্যে আসিফ নজরুল বলেন, 'আজ জাতীয় ঐকমত্য কমিশন কর্তৃক প্রণীত জুলাই সনদ এবং এর বাস্তবায়ন সংক্রান্ত বিষয়ে উপদেষ্টা পরিষদের একটি জরুরি সভা অনুষ্ঠিত হয়। সভায় সংস্কার বিষয়ে ঐকমত্য স্থাপনের প্রচেষ্টার জন্য এবং বহু বিষয়ে ঐকমত্য প্রতিষ্ঠার জন্য ঐকমত্য কমিশন ও রাজনৈতিক দলগুলোর প্রতি ধন্যবাদ জ্ঞাপন করা হয়।'

আসিফ নজরুল বলেন, 'উপদেষ্টা পরিষদের সভায় জাতীয় ঐকমত্য কমিশনের প্রস্তাবিত জুলাই জাতীয় সনদ (সংবিধান সংস্কার) আদেশ চূড়ান্তকরণ এবং এতে উল্লেখিত গণভোট আয়োজন ও গণভোটের বিষয়বস্তু নিয়ে আলোচনা করা হয়। এতে লক্ষ্য করা হয় যে, ঐকমত্য কমিশনে দীর্ঘদিন আলোচনার পরও কয়েকটি সংস্কারের সুপারিশ বিষয়ে ভিন্ন মত রয়েছে। এ ছাড়া, গণভোট কবে অনুষ্ঠিত হবে ও এর বিষয়বস্তু কী হবে এসব প্রশ্নে রাজনৈতিক দলগুলোর মধ্যে যে মতভেদ দেখা দিয়েছে, সে জন্য সভায় উদ্বেগ প্রকাশ করা হয়।'

তিনি বলেন, 'এই পরিপ্রেক্ষিতে গণভোটের সময় কখন হবে, গণভোটের বিষয়বস্তু কী হবে, জুলাই সনদে বর্ণিত ভিন্নমতগুলো প্রসঙ্গে কী পদক্ষেপ নেওয়া হবে, তা নিয়ে ঐকমত্য কমিশনের প্রস্তাবগুলোর আলোকে জরুরি ভিত্তিতে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করা প্রয়োজন বলে সভা অভিমত ব্যক্ত করে।'

এসব ক্ষেত্রে ফ্যাসিবাদ বিরোধী আন্দোলনের দীর্ঘদিনের মিত্র রাজনৈতিক দলগুলোকে নিজেদের মধ্যে আলাপ আলোচনা করে দ্রুততম সময়ে (সম্ভব হলে আগামী এক সপ্তাহের মধ্যে) সরকারকে ঐক্যবদ্ধ দিকনির্দেশনা দেওয়ার আহ্বান জানানো হয়। এমন নির্দেশনা পেলে সরকারের পক্ষে সিদ্ধান্ত গ্রহণ অনেক সহজ হবে। বর্তমান পরিস্থিতিতে কালক্ষেপণের যে কোনো সুযোগ নাই সেটাও আমাদের সবার বিবেচনায় রাখা প্রয়োজন।'

সভায় ২০২৬ সালের ফেব্রুয়ারির প্রথমার্ধে আগামী সংসদ নির্বাচন অনুষ্ঠানের বিষয়ে সরকারের সংকল্প পুনর্ব্যক্ত করা হয় বলে উল্লেখ করেন আইন উপদেষ্টা।

জুলাই সনদ বাস্তবায়নের আদেশ কবে জারি হতে পারে– এমন প্রশ্নের জবাবে আসিফ নজরুল বলেন, 'ফ্যাসিবাদ বিরোধী আন্দোলনে রাজনৈতিক দলগুলো ঐক্যবদ্ধ আন্দোলন করেছে। ওনাদের কিছু সময় দিতে চাই। যেসব বিষয় উল্লেখ করেছি সেগুলোতে ওনারা আলোচনা করে একমত হতে পারেন কিনা আমরা দেখি।' দলগুলে একমত না হলে সরকার কী করবে এমন প্রশ্নের জবাবে আসিফ নজরুল বলেন, 'আমরা অপেক্ষা করব, তারপর অবশ্যই সরকার সরকারের মতো অ্যাক্ট (পদক্ষেপ) নেবে।'

সরকার কি রাজনৈতিক দলগুলোর কাছে নতি স্বীকার করেছে– এমন প্রশ্নের জবাবে আসিফ নজরুল বলেন, 'আমি বলেছিলাম চূড়ান্ত সিদ্ধান্ত নেবে প্রধান উপদেষ্টার নেতৃত্বে উপদেষ্টা পরিষদ। এ সিদ্ধান্ত থেকে আমরা মোটেও সরে আসি নাই। সেক্ষেত্রে রাজনৈতিক দলগুলোর কাছে ঐক্যবদ্ধ সুপারিশ প্রত্যাশা করা ইতিবাচক হিসেবে দেখতে পারেন।'

রাজনৈতিক দলগুলোর মধ্যে আলোচনার আয়োজন সরকার করে দেবে কিনা এমন প্রশ্নের জবাবে আসিফ নজরুল বলেন, 'সরকার আয়োজন করে বহু আলোচনা করেছে। সরকার আর কোনো আয়োজন করতে যাচ্ছে না। ফ্যাসিবাদ বিরোধী রাজনৈতিক দলগুলো গত ১৫ বছর নিজেরা নিজেরা আলোচনা করে বহু গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত নিয়েছেন। ওনারা অত্যন্ত প্রতিকূল সময়ে একসঙ্গে আন্দোলন করেছেন, নির্যাতনের শিকার হয়েছেন। এখন ওনারা নিজ উদ্যোগে আলোচনা করে ঐক্যবদ্ধ সিদ্ধান্ত নেবেন, এ প্রত্যাশা করছি। আমি কালকেই দেখলাম, একটি দলের পক্ষ থেকে আলোচনার আহ্বান জানানো হয়েছে–আমরা এটাকে স্বাগত জানাই।'

জুলাই জাতীয় সনদে রাজনৈতিক দলগুলোর আপত্তি নিয়ে এক প্রশ্নের জবাবে আসিফ নজরুল বলেন, 'এ প্রসঙ্গে আমাদের এখন কোনো মন্তব্য নেই। দলগুলো এ বিষয়ে একটা ঐক্যবদ্ধ সিদ্ধান্ত নেবেন বলে আশা করি। তাঁরা আলাপ-আলোচনা করলে আমাদের কাজটা সহজ হবে। তাঁরা ঐক্যবদ্ধ সিদ্ধান্ত দিতে না পারলে, অবশ্যই সরকার সরকারের মতো সিদ্ধান্ত নেবে।'

ভোট প্রস্তুতি প্রশাসনে

- ১৫ নভেম্বরের মধ্যে ডিসি এডিসি ইউএনও পদে আসছে ব্যাপক রদবদল
- ৩০ জেলার ডিসি শতাধিক ইউএনও পরিবর্তন হতে পারে
- পুলিশেও চলছে রদবদলের প্রক্রিয়া



নিজস্ব প্রতিবেদক, ঢাকা : নির্বাচনের আগে ঢেলে সাজানো হচ্ছে প্রশাসন। ১৫ নভেম্বরের মধ্যে মাঠ প্রশাসনে ব্যাপক রদবদল করা হবে। সে লক্ষ্যে মাঠ প্রশাসনের কর্মকর্তাদের ডিসি, এডিসি, ইউএনও, এসিল্যান্ডসহ সংশ্লিষ্টদের রদবদল নিয়ে কাজ করছে জনপ্রশাসন মন্ত্রণালয়। পুলিশের রদবদলেরও প্রস্তুতি চলছে। সংশ্লিষ্ট সূত্রে এসব তথ্য জানা গেছে। এরপরও তফসিল ঘোষণার পর যদি রদবদলের দরকার হয় সেটি করবে নির্বাচন কমিশন (ইসি)। নির্বাচনসংক্রান্ত সব প্রস্তুতি ১৫ নভেম্বরের মধ্যে শেষ করতে নির্দেশ দিয়েছেন প্রধান উপদেষ্টা অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূস। গত ২৯ অক্টোবর নির্বাচনের প্রস্তুতি নিয়ে সরকারের উচ্চপর্যায়ের এক বৈঠকে এ নির্দেশনা প্রদান করা হয়। এ নিয়ে আগেই কাজ করে আসছিল মন্ত্রণালয়গুলো। ছুটির দিন শুক্র-শনিবার জনপ্রশাসন নিয়েছে ডিসি ফিটলিস্টের ভাইভা।

সরকার সিদ্ধান্ত নিয়েছে, ২০১৪, ২০১৮ ও ২০২৪ সালের জাতীয় সংসদ নির্বাচনে দায়িত্ব পালনকারী কর্মকর্তাদের এবার নির্বাচনের দায়িত্বে রাখবে না। এখন যাঁরা ডিসি রয়েছেন, তাঁদের অনেককে মাঠ থেকে তুলে নির্বাচনের আগে নতুন ডিসি নিয়োগ দেওয়া হবে। জনপ্রশাসন মন্ত্রণালয় সূত্র জানায়, ইতোমধ্যেই জনপ্রশাসন থেকে কর্মকর্তাদের তালিকা করে পাঠানো হয়েছে প্রধান উপদেষ্টার কাছে। নির্বাচনে কোন ব্যাচের কজন ডিসি থাকবে, কোন ব্যাচ ইউএনও হিসেবে নেতৃত্ব দেবে, কোন ব্যাচের কর্মকর্তাদের তুলে আনা হবে এসব বিস্তারিত তথ্য পাঠানো হয়েছে। সূত্র জানায়, মাঠে তিনটি ব্যাচের কর্মকর্তারা ডিসির দায়িত্বে আছেন। তারা থাকলে কী হবে আর উঠিয়ে আনলে কী সুবিধা-অসুবিধা হবে এ-সংক্রান্ত প্রতিবেদন প্রধান উপদেষ্টার কাছে পাঠিয়েছে জনপ্রশাসন মন্ত্রণালয়। শুধু তাই নয়, মাঠে থাকা ইউএনও এডিসিদের বিষয়েও তথ্য পাঠানো হয়েছে। প্রধান উপদেষ্টার কার্যালয়ও পৃথকভাবে তথ্য সংগ্রহ করেছে। একাধিক দায়িত্বশীল সূত্র জানায়, অন্তত ৩০ জন ডিসি মাঠে পাঠানো হবে। পুরাতন ডিসিদের অনেকের জেলা বদল হবে। শতাধিক ইউএনও পরিবর্তন আনবে সরকার, অনেক ইউএনও উপজেলা পরিবর্তন করা হবে।

প্রধান উপদেষ্টার কার্যালয় ও জনপ্রশাসন সূত্রগুলো জানায়, ২৯ ব্যাচকে ডিসি করতে ফিটলিস্ট করা হচ্ছে। ২৮ ব্যাচের ফিটলিস্ট করা আছে। প্রধান উপদেষ্টার নির্দেশনা মোতাবেক নতুন কর্মকর্তাদের মাঠে ডিসি হিসেবে দায়িত্ব দেওয়া হবে। জনপ্রশাসন মন্ত্রণালয় সূত্র জানিয়েছে, এখন যাঁরা ডিসি হওয়ার যোগ্য, তাঁদের মধ্যে বেশির ভাগ কর্মকর্তা ২০১৮ সালের জাতীয় নির্বাচনে সহকারী রিটার্নিং কর্মকর্তার (এআরও) দায়িত্বে ছিলেন। আবার অনেকের মাঠ প্রশাসনে দুই বছর দায়িত্ব পালন করার শর্ত পূরণ হয়নি। যারা ২০১৮ সালে সহকারী রিটার্নিং কর্মকর্তার দায়িত্ব পালন করেছেন তারা নানা মাধ্যমে তদবির করতেও ব্যস্ত। তবে বিগত সময়ে নির্বাচনের দায়িত্ব পালনকারীদের মাঠে না পাঠাতে সরকার অনড়। ডিসি করতে যারা বিগত নির্বাচনে সহকারী রিটার্নিং কর্মকর্তা ছিলেন তাদের বাদ দিয়ে কর্মকর্তা বাছাই করা হচ্ছে বলে জানা গেছে।

সূত্র জানায়, মাঠ প্রশাসনে যুগ্মসচিব হয়েও ডিসির দায়িত্বে আছেন তাদের তুলে আনা হবে। একই সঙ্গে ২৫ এবং ২৭ ব্যাচের যারা ভালো করতে পারেনি এমন কিছু কর্মকর্তাকে আর ডিসি পদে রাখতে চায় না সরকার। নতুন ফ্রেশ ব্যাচ হিসেবে ২৮ সঙ্গে ২৯ কে নির্বাচনের চ্যালেঞ্জ নিতে পাঠানো হবে। নতুন কর্মকর্তা মাঠে পাঠালে কোনো বিশেষ পক্ষ না নিয়ে দক্ষতার সঙ্গে নির্বাচন পরিচালনা করতে পারবেন বলে মনে করছেন জনপ্রশাসন সংশ্লিষ্টরা। জনপ্রশাসনের কর্মকর্তারা জানান, সরকার চাইলে পুরো একটি ব্যাচই পরিবর্তন করতে পারবে সে পরিমাণ কর্মকর্তা প্রস্তুত রাখা হয়েছে। মাঠ প্রশাসনে ইউএনও হিসেবে এখনো অনেক কর্মকর্তা আছেন যারা ২০২৪ সালের সহকারী রিটার্নিং নির্বাচন করেছেন তারা ইউএনও দায়িত্ব পালন করছেন। এসব ইউএনওকে মাঠ থেকে তুলে আনা হবে। পাশাপাশি ৩৪, ৩৫ ব্যাচ থেকেও অর্ধশতাধিকের বেশি ইউএনও তুলে আনা হবে। ৩৭তম ব্যাচকে প্রস্তুত রাখা হয়েছে মাঠে ইউএনও হিসেবে পদায়ন করার জন্য। ৩৮ এবং ৪০ ব্যাচের কর্মকর্তারা এসিল্যান্ড হিসেবে কাজ করছেন। তাদেরও উপজেলা রদবদল করা হবে। ইউএনও ও এসিল্যান্ড হিসেবে যাদের ১ বছরের বেশি হয়েছে তাদের অনেকের উপজেলা পরিবর্তন হবে। এদিকে, সরকার নির্বাচনের জন্য প্রস্তুতি নিয়ে রাখতে চায়। এরপরও প্রয়োজন অনুসারে নির্বাচনের তফসিল ঘোষণার পর মাঠ প্রশাসনে বড় রদবদল করতে চায় নির্বাচন কমিশন (ইসি)।

বিয়ানীবাজার সমিতির নির্বাচন আদালতের নির্দেশে স্থগিত

নিউইয়র্ক: পূর্বঘোষিত বিয়ানীবাজার সমিতির নির্বাচন আদালতের নির্দেশে পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত স্থগিত রাখা হয়েছে। আদালত কর্তৃক নির্বাচন স্থগিতের নির্দেশের পর নির্বাচন কমিশন এই সিদ্ধান্ত জানান। বিয়ানীবাজার সমিতির নির্বাচন কমিশন গত ২৪ অক্টোবর সন্ধ্যা ৭টায় বিয়ানীবাজার সমিতির নিজস্ব কার্যালয়ে জরুরি সংবাদ সম্মেলন করে লিখিত বক্তব্যে প্রধান নির্বাচন কমিশনার আজিজুর রহমান এ তথ্য উপস্থাপন করেন।

সংবাদ সম্মেলনে উপস্থিত ছিলেন কমিশনের সদস্য শামীম আহমদ, বজলুর রহমান, আব্দুল জলিল চৌধুরী, আমিনুল হোসেন। লিখিত বক্তব্যে নির্বাচন কমিশন উল্লেখ করেন, ২৬ অক্টোবর নির্বাচনের জন্য কমিশন সকল প্রস্তুতি ইতিমধ্যে সম্পন্ন করেছিল। আদালতের নির্দেশের কারণে এই মুহূর্তে নির্বাচন কমিশন নির্বাচন সম্পন্ন করতে পারছে না। নির্বাচন কমিশন লিখিত বক্তব্যে উল্লেখ করেন এটি সাময়িক বিলম্ব মাত্র।

কমিশন লিখিত বক্তব্য দৃঢ়তার সঙ্গে আশ্বাস প্রদান করে বলেন স্বচ্ছ, নিরপেক্ষ সুষ্ঠু ও বিশ্বাসযোগ্য নির্বাচন আয়োজনে নির্বাচন কমিশন প্রতিশ্রুতিবদ্ধ। বিয়ানীবাজারবাসীর ঐক্য, সম্মান, গণতান্ত্রিক চেতনা রক্ষা আমাদের লক্ষ্য। কোন ধরনের গুজব ও বিভ্রান্তিতে না পড়তে অনুরোধ করে বলা হয় কমিশনের অফিসিয়াল ঘোষণা হবে সঠিক তথ্য সূত্র। নির্বাচন কমিশন সংগঠনের শান্তি শৃঙ্খলা ও মর্যাদা অক্ষুন্ন রাখার জন্য সবার সহযোগিতার আহ্বান জানান। বিয়ানীবাজার সমিতির নির্বাচন কমিশন এবং সাধারণ সম্পাদকের বিরুদ্ধে এ মামলা দায়ের করেন সংগঠনের ৫ জন সদস্য। তাদের অভিযোগ ভোটার তালিকায় ডাবল ভোট এবং কিছু ভুয়া ভোট রয়েছে। জানা গেছে, মাননীয় আদালত উভয় পক্ষ থেকে সমঝোতার সুযোগ দিয়েছিলেন কিন্তু কোন পক্ষই নমনীয় নয়, তারা কোর্টের রায়ের ওপরই এখন নির্ভর করছেন।

নিউইয়র্কে মেয়র নির্বাচন

ব্যালটে মামদানি, অদৃশ্য 'প্রার্থী' ট্রাম্প

হাসান ফেরদৌস *নিউইয়র্ক থেকে :* নিউইয়র্কের মেয়র নির্বাচন আগামীকাল মঙ্গলবার। 'বিশ্বের রাজধানী' হিসেবে পরিচিত এই শহরে প্রথমবার এমন একজন মেয়র পদে নির্বাচিত হতে পারেন, যিনি যুক্তরাষ্ট্রের রাজনীতির চলতি ধারার একদম বিপরীতমুখী। প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প ও তাঁর রিপাবলিকান পার্টি এক 'শ্বেতকায়, খ্রিষ্টান ও রক্ষণশীল' আমেরিকার কথা বলছেন।

জোহরান মামদানি শ্বেতকায় নন, তিনি বাদামি রঙের দক্ষিণ এশীয়। তিনি খ্রিষ্টান নন, একজন মুসলিম। তিনি অবশ্যই রক্ষণশীল নন, তিনি খোলামেলাভাবে একজন প্রগতিশীল, যিনি নিজেকে সমাজতন্ত্রী বলতে দ্বিধা করেন না।

'মামদানি একজন ভয়ানক মানুষ', সাবধান করে বলেছেন অ্যান্ড্রু কুমো, মঙ্গলবারের নির্বাচনে যিনি মামদানির প্রতিদ্বন্দ্বী। সারা জীবন ডেমোক্রেটিক পার্টির সদস্য থাকলেও বাছাইপর্বে পরাজিত হয়ে তিনি এখন স্বতন্ত্র প্রার্থী হিসেবে লড়ছেন।

ব্যালটে প্রেসিডেন্ট ট্রাম্পের নাম না থাকলেও এই নির্বাচনে তিনি একজন অদৃশ্য প্রার্থী। কুমোর পক্ষ নিয়ে তিনিও এই নির্বাচনের একজন অংশগ্রহণকারী। বড় ব্যবধানে মামদানির বিজয় হলে অনেকেই তা ট্রাম্পের বিরুদ্ধে অনাস্থা হিসেবেই দেখবেন।

প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প নিউইয়র্কের আদি বাসিন্দা। তিনি কোনোভাবেই চান না মামদানি এই শহরের মেয়র নির্বাচিত হোন। তাঁর বিবেচনায় মামদানি শুধু একজন পাক্কা কমিউনিস্টই নন, রীতিমতো উন্মাদ। এমন একজনকে নির্বাচিত করা হলে তিনি নিউইয়র্ক সিটির জন্য কেন্দ্রীয় সরকারের তহবিল আটকে দেবেন বলে জানিয়েছেন। তিনি সন্দেহ প্রকাশ করেছেন, মামদানি একজন অবৈধ অভিবাসী। তা প্রমাণিত হলে তাঁকে বহিষ্কার করা হবে। মেয়র নির্বাচিত হয়ে মামদানি যদি অবৈধ অভিবাসীদের বিরুদ্ধে তাঁর সরকারের চলতি অভিযানে বাধা দেন, তাহলে তাঁকে গ্রেপ্তার করা হবে, এমন হুমকিও দিয়েছেন ট্রাম্প।





ডোনাল্ড ট্রাম্প ও জোহরান মামদানিছবি: এপি ও এএফপি

ট্রাম্পের ব্যাপারে জনরায়

শুধু নিউইয়র্কে নয়, যুক্তরাষ্ট্রজুড়ে আরও অন্তত তিনটি রাজ্যে নির্বাচন হবে আগামীকাল, যার ফলাফল ট্রাম্প ও তাঁর প্রশাসনের ব্যাপারে একটি রেফারেন্ডাম বা জনরায় হবে ভাবা হচ্ছে। এর মধ্যে রয়েছে নিউ জার্সি ও ভার্জিনিয়ায় গভর্নর পদে নির্বাচন। এই দুই রাজ্যে প্রতিনিধি পরিষদ ও উচ্চ পরিষদেও ভোট গ্রহণ করা হবে। উভয় রাজ্যই ডেমোক্রেটিক রাজনীতির সমর্থক, বা 'ব্লু স্টেট'। গত প্রেসিডেন্ট নির্বাচনে এই দুই রাজ্যেই ট্রাম্পের হার হয়, কিন্তু ২০১৬ সালের তুলনায় তিনি অনেক ভালো ফল করেন। দেখার বিষয়, দ্বিতীয় দফায় ক্ষমতায় এসে এই দুই রাজ্যে ট্রাম্পের জনসমর্থন এখন কোন পর্যায়ে রয়েছে।

এ ছাড়া ক্যালিফোর্নিয়ায় গভর্নর গেভিন ন্যুসাম নির্বাচনী ম্যাপ পরিবর্তনের অনুমতি চেয়ে একটি গণভোটের আয়োজন করেছেন। আগামী বছরের নভেম্বরে মধ্যবর্তী নির্বাচনে ক্ষমতাসীন দল হিসেবে রিপাবলিকান পার্টি বড় রকমের বিপর্যয়ের সম্মুখীন হতে পারে। তা ঠেকাতেই ট্রাম্পের নির্দেশে টেক্সাসের নির্বাচনী ম্যাপ ঢেলে সাজানো হয়েছে, যার ফলে রিপাবলিকান দল কংগ্রেসে আরও পাঁচটি আসন নিজেদের দখলে আনতে সক্ষম হবে ভাবা হচ্ছে। এই সিদ্ধান্তের পাল্টা ব্যবস্থা হিসেবে 'ব্লু স্টেট' ক্যালিফোর্নিয়ার গভর্নর ন্যুসামের নির্দেশে নির্বাচনী ম্যাপ বদলানোর উদ্যোগ নেওয়া হয়েছে, যার ফলে সেখানে ডেমোক্রেটিক পার্টির জন্য কংগ্রেসে পাঁচটি আসনে বিজয়ের সম্ভাবনা তৈরি হবে।

এই তিনটি নির্বাচনের প্রতিটিতেই ভোটারদের মনে থাকবেন ট্রাম্প, তাতে কোনো সন্দেহ নেই। দ্বিতীয়বার ক্ষমতায় এসে আইনি বাধা উপেক্ষা করে বিভিন্ন ডেমোক্রেটিক শহরে অবৈধ অভিবাসনবিরোধী অভিযানের নামে সেনাসদস্যদের পাঠাচ্ছেন তিনি। যেসব ডেমোক্রেটিক নেতাকে শত্রু মনে করেন, তাঁদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা নেওয়া শুরু করেছেন। কোনো যুক্তি বা কারণ ছাড়াই ২০২৪ সালের নির্বাচনে তাঁর পক্ষে ভোট দেয়নি এমন ডেমোক্রেটিক রাজ্যের কেন্দ্রীয় অনুদান বাতিল করছেন। কংগ্রেসের সঙ্গে আলাপ-আলোচনা ছাড়াই একাধিক সরকারি দপ্তর আংশিক বা পুরোপুরি বন্ধ করে দিয়েছেন। প্রচলিত আইনের তোয়াক্কা না করে মাদক পাচার বন্ধের নামে ভেনেজুয়েলার সমুদ্রসীমায় সামরিক হামলা চালাচ্ছেন। আমদানি শুল্কের নামে যে বাণিজ্যযুদ্ধ তিনি শুরু করেছেন, তার ফলে নিত্যব্যবহার্য দ্রব্যের দাম বাড়া শুরু হয়েছে।

এসব কার্যকলাপের ফলে সারা দেশে ট্রাম্পের জনসমর্থন কমেছে। অধিকাংশ জনমত জরিপে তাঁর প্রতি সমর্থন ৪২ থেকে ৪৫ শতাংশের বেশি নয়। সাম্প্রতিক সময়ে মাত্র ১০ মাসের মাথায় অন্য আর কোনো প্রেসিডেন্টের জনসমর্থনে এমন ধস নামেনি।

এবারের নির্বাচনে ট্রাম্প কোনো রাজ্যেই ব্যক্তিগতভাবে সরাসরি প্রচারে আসেননি। এমনকি রিপাবলিকান প্রার্থীদের পক্ষে সরব সমর্থনও জানাননি। এর একটা সম্ভাব্য কারণ, জয়ী হবেন এমন প্রার্থীর সমর্থন দিতেই ট্রাম্প ভালোবাসেন। আগামীকালের নির্বাচনে তেমন সম্ভাবনা কম।

এই নির্বাচন যে ট্রাম্পের ব্যাপারে জনরায়, তার আরেক প্রমাণ নির্বাচনী প্রচারণায় সাবেক প্রেসিডেন্ট বারাক ওবামার অংশগ্রহণ। ডেমোক্রেটিক পার্টিতে জাতীয় নেতা বলতে তিনিই সবেধন নীলমণি। শনিবার নিউ জার্সির ডেমোক্রেটিক গভর্নর পদপ্রার্থী মাইকি শেরিলকে পাশে নিয়ে নির্বাচনী প্রচারণায় অংশ নেন তিনি। একই দিন ভার্জিনিয়ায় ডেমোক্রেটিক গভর্নর পদপ্রার্থী এবিগেইল স্প্যানবার্গারের পক্ষেও প্রচারণায় অংশ নেন তিনি। উভয় রাজ্যেই ওবামা কঠোর ভাষায় ট্রাম্পের সমালোচনা করে বলেন, ট্রাম্পের কর্তৃত্ববাদী নীতির কারণেই আমেরিকা আজ এক দুঃসময়ের মুখোমুখি।

জনমতে এগিয়ে মামদানি

ওবামা মামদানিকে আনুষ্ঠানিকভাবে সমর্থন দেননি। তবে তিনি যে মামদানির পাশে আছেন, সে কথাও গোপন রাখেননি। মামদানির ক্যাম্পেইন থেকে জানানো হয়েছে, সম্প্রতি ওবামা নিজেই ফোন করে জানিয়েছেন, তাঁর (মামদানির) বিজয়ের ওপর অনেক কিছু নির্ভর করছে। তিনি বলেছেন, মামদানির নির্বাচনী প্রচার 'ইম্প্রেসিভ' বা নজরে পড়ার মতো।

কুমো ক্যাম্প থেকে অহোরাত্রি তাঁকে 'কমিউনিস্ট' ও 'ইহুদিবিদ্বেষী' হিসেবে প্রচার সত্ত্বেও মামদানি যেসব জনমত জরিপে এগিয়ে, তার একটি বড় কারণ মাঠপর্যায়ে তাঁর এই 'ইম্প্রেসিভ' প্রচারণা। শহরের প্রতিটি প্রধান কেন্দ্র হেঁটে জনসংযোগ সেরেছেন মামদানি। ৫০ হাজারের বেশি স্বেচ্ছাসেবক, যাঁদের অধিকাংশই নবীন, শহরের প্রতিটি বাসায় কড়া নেড়েছেন। টিকটক ও ইউটিউবে তাঁর উপস্থিতি অভূতপূর্ব। মামদানির এই 'মাঠপর্যায়ের খেলা' ঠেকাতে কুমো বেছে নিয়েছেন একদিকে ঘৃণা, অন্যদিকে ভীতি। এতে তিনি ফল পাচ্ছেন, গত দুই সপ্তাহে মামদানির সঙ্গে তাঁর ব্যবধান ১০ শতাংশের মতো কমে এসেছে। নিউইয়র্কের চলতি মেয়র নির্বাচন থেকে এরিক অ্যাডামস সরে দাঁড়ানোয় কুমোর লাভ হয়েছে সন্দেহ নেই, তবে এখনো মামদানির সঙ্গে যে ১৬-১৭ পয়েন্টের ব্যবধান রয়েছে, তা অতিক্রম করা কার্যত অসম্ভব, এই মত অধিকাংশ পর্যবেক্ষকের।

ভূমিধস পরিবর্তন

একটা বিষয় স্পষ্ট। মেয়র নির্বাচনে মামদানি জয়ী হলে তা মার্কিন রাজনীতিতে প্রজন্মগত ও নীতিগত পরিবর্তনের সূচনা করবে। ভূমিধস পরিবর্তন আসবে ডেমোক্রেটিক পার্টির রাজনীতিতে। মধ্যপন্থী ও ডানঘেঁষা রাজনৈতিক নেতৃত্বের কারণে এই দল অন্য যেকোনো সময়ের চেয়ে কম জনপ্রিয়। এই দলে যাঁরা নেতৃত্বে, তাঁদের অধিকাংশই বয়োবৃদ্ধ, করপোরেট আমেরিকার কাছে এদের হাত-পা বাঁধা। ইসরায়েল প্রশ্নে তাদের সমর্থন এখনো আগের মতো নতজানু।

পিউ রিসার্চের তথ্য অনুসারে, ইসরায়েল প্রশ্নে এখন নেতিবাচক মনোভাব রয়েছে এমন আমেরিকানের সংখ্যা ৫৩ শতাংশ, যা তিন বছর আগের তুলনায় ১১ শতাংশ বেশি। একইভাবে ধনতন্ত্রের প্রতিও আমেরিকানদের সমর্থন নিম্নগামী। গ্যালপ জানাচ্ছে, ২০২১ সালে দেশের ৬০ শতাংশ মানুষ ধনতন্ত্রের সমর্থক ছিল, তা এখন কমে ৫৩ শতাংশে দাঁড়িয়েছে। এই যে পরিবর্তিত আমেরিকা, ডেমোক্রেটিক পার্টির নেতারা সে কথা জানেন না বা জানতে চান না। গাজা প্রশ্নে তাঁদের রক্ষণশীল অবস্থান দলটির প্রতি নবীন প্রজন্মের ভোটারদের অবজ্ঞার জন্ম দিয়েছে।

কানাডা কখনোই যুক্তরাষ্ট্রের অংশ হবে না, বললেন নতুন প্রধানমন্ত্রী

দ্য গার্ডিয়ান: কানাডার নতুন প্রধানমন্ত্রী মার্ক কার্নি বলেছেন, কানাডা কখনই যুক্তরাষ্ট্রের অংশ হবে না। শুক্রবার দেশটির ২৪তম প্রধানমন্ত্রী হিসেবে শপথ নেওয়ার পর তিনি এ কথা বলেন।

মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প কানাডাকে যুক্তরাষ্ট্রের সঙ্গে সংযুক্ত করার যে হুমকি দিয়েছিলেন তা প্রত্যাখ্যান করে মার্ক কার্নি অটোয়ার রিডো হলের বাইরে সমবেত জনতার উদ্দেশে বলেন, 'আমরা কখনই, কোনো আকার বা আকৃতিতে যুক্তরাষ্ট্রের অংশ হব না। আমরা মৌলিকভাবে একটি আলাদা দেশ।'

ব্যাংক অব কানাডা ও ব্যাংক অব ইংল্যান্ডের সাবেক এই গভর্নর বলেন, কানাডা যুক্তরাষ্ট্রের কাছ থেকে 'সম্মান প্রত্যাশা করে'। তাঁর সরকার ট্রাম্প প্রশাসনের সঙ্গে 'একত্রে কাজ করার' উপায় খুঁজে বের করবে বলেও প্রত্যাশা ব্যক্ত করেন তিনি।

কানাডায় এক সপ্তাহেরও কম সময় আগে সদস্যদের ভোটে লিবারেল পার্টির নতুন নেতা বাছাই হয়। এতে মার্ক কার্নি ১ লাখ ৩১ হাজার ৬৭৪ ভোট পেয়ে নির্বাচিত হন। তাঁর নিকটতম প্রতিদ্বন্দ্বী ক্রিস্টিনা ফ্রিল্যান্ড পেয়েছেন ১১ হাজার ১৩৪ ভোট। প্রধানমন্ত্রী হিসেবে মার্ক কার্নির নাম ঘোষণা করেন লিবারেল পার্টির প্রেসিডেন্ট সচিত মেহরা। এর আগে কোনো নির্বাচনে জেতার অভিজ্ঞতা নেই তাঁর। হাউস অব কমন্সেও তার কোনো আসন নেই। এ বিষয়টি একজন প্রধানমন্ত্রী হিসেবে কানাডার ইতিহাসে তাঁকে



বিরল করে তুলেছে। আগামী দিনে কার্নি একটি নির্বাচনের ঘোষণা দেবেন বলে আশা করা হচ্ছে।

কানাডার ওপর ডোনাল্ড ট্রাম্পের অর্থনৈতিক আক্রমণের প্রভাব এতটাই বিস্তৃত এবং এতটাই ক্ষতিকর যে, আগামী মাসগুলোতে এটি অন্যান্য সব বিষয়কে ছাপিয়ে যাওয়ার সম্ভাবনা রয়েছে। মার্কিন বাণিজ্য শুল্ক যদি দীর্ঘ সময় ধরে বহাল থাকে, তবে এটি কানাডার ভঙ্গুর অর্থনীতিকে মন্দার দিকে ঠেলে দিতে পারে।

গত শুক্রবার মার্কিন পররাষ্ট্রমন্ত্রী মার্কো রুবিও বলেছিলেন, অর্থনৈতিকভাবে বলতে গেলে কানাডা যুক্তরাষ্ট্রের ৫১তম অঙ্গরাজ্য হলে দেশটির জন্য ভালো হবে। তাঁর এই মন্তব্য সম্পর্কে জানতে চাইলে মার্ক কার্নি বলেন, এটা পাগলামি ছাড়া আর কিছু নয়।

গত শুক্রবার সকালে জাস্টিন ট্রুডো আনুষ্ঠানিকভাবে কানাডার প্রধানমন্ত্রী পদ থেকে পদত্যাগ করেন। প্রায় এক দশক তিনি দেশটির প্রেসিডেন্ট হিসেবে দায়িত্ব পালন করেছেন।

ট্রাম্পের কাছে কেন ক্ষমা চাওয়ার কথা বললেন কানাডার প্রধানমন্ত্রী

আলজাজিরা : যুক্তরাষ্ট্রের চার দশক আগের প্রেসিডেন্ট রোনাল্ড রিগ্যানের একটি শুল্কবিরোধী বিজ্ঞাপন নিজ দেশে সম্প্রচার করাকে ঘিরে বিরোধের জেরে ক্ষমা চাওয়ার কথা জানিয়েছেন কানাডার প্রধানমন্ত্রী মার্ক কার্নি। যুক্তরাষ্ট্রের বর্তমান প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের কাছে দুঃখ প্রকাশ করেছেন বলে জানিয়েছেন তিনি।

ওই বিজ্ঞাপন সম্প্রচারকে কেন্দ্র করে কানাডার ওপর ভীষণ চটে যান ট্রাম্প। পরে তিনি কানাডার পণ্যের ওপর বিদ্যমান শুল্কের সঙ্গে আরও ১০ শতাংশ বাড়তি শুল্ক যোগ করার ঘোষণা দেন। তিনি জানান, কানাডার সঙ্গে আর বাণিজ্য আলোচনা করা হবে না।

এশিয়া-প্রশান্ত মহাসাগরীয় অর্থনৈতিক সহযোগিতা সংস্থার (এপেক) সম্মেলনে যোগ দিতে দক্ষিণ কোরিয়া সফর করছেন মার্ক কার্নি। সেখানে স্থানীয় সময় গতকাল শনিবার তিনি সাংবাদিকদের বলেন, কানাডার বৃহত্তম বাণিজ্য অংশীদারের সঙ্গে হালনাগাদ আলোচনার জন্য তিনিই দায়ী।

অন্টারিওতে প্রচারিত ওই বিজ্ঞাপনের প্রসঙ্গে কানাডার প্রধানমন্ত্রী মার্ক কার্নি বলেন, 'আমি প্রেসিডেন্টের (ট্রাম্প) কাছে দুঃখ প্রকাশ করেছি। তিনি বেশ ক্ষুব্ধ ছিলেন।'

মার্ক কার্নি আরও বলেন, 'প্রধানমন্ত্রী হিসেবে যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্টের সঙ্গে সম্পর্ক রক্ষার দায়িত্ব আমারই। যুক্তরাষ্ট্র সরকারের সঙ্গে বৈদেশিক সম্পর্কের বিষয়টি দেখভাল করে ফেডারেল সরকার।'





কার্নি বলেন, 'ঘটনা তো ঘটেই–ভালো-মন্দ দুটোই। আমি দুঃখ প্রকাশ করেছি।'

ট্রাম্প দ্বিতীয় মেয়াদে ক্ষমতায় আসার পরপরই যুক্তরাষ্ট্রের প্রধান বাণিজ্যিক অংশীদার দেশগুলোর পণ্যের ওপর উচ্চ শুল্ক আরোপের উদ্যোগ নেন। ট্রাম্পের এ উদ্যোগের পর ধনী দেশগুলোর জোট জি-৭ ভুক্ত একমাত্র দেশ কানাডা, যারা যুক্তরাষ্ট্রের সঙ্গে এখন পর্যন্ত শুল্ক বিষয়ে কোনো চুক্তিতে উপনীত হতে পারেনি।

রোনাল্ড রিগ্যানের যে বিজ্ঞাপন নিয়ে ট্রাম্প খেপেছেন, সেটি অন্টারিও সরকারের পৃষ্ঠপোষকতায় তৈরি। ওই বিজ্ঞাপনে রিগ্যানকে একটি বক্তব্য দিতে দেখা যায়। যেখানে তিনি বলছেন, শুল্ক প্রত্যেক আমেরিকানের জন্য ক্ষতিকর।

এটি ১৯৮৭ সালে সম্প্রচারিত তৎকালীন মার্কিন প্রেসিডেন্ট রিগ্যানের একটি বক্তব্যের খণ্ডিত অংশ। ট্রাম্পের মতোই রিপাবলিকান রিগ্যান ১৯৮১ থেকে ১৯৮৯ সাল পর্যন্ত প্রেসিডেন্ট পদে ছিলেন।

ইমিগ্রেশন ও আপনি



এটর্নী শাকিল এইচ কাজমী

আমেরিকায় অবস্থানরত বাংলাভাষাভাষী প্রত্যেকেই কোন না কোনভাবে ইমিগ্রেশনের সাথে জড়িত। বিশাল জনগোষ্ঠীর বিশেষ সুবিধার্থে ইমিগ্রেশন বিষয়ে "ইমিগ্রেশন ও আপনি" শিরোনামে প্রতি সপ্তাহে একজন ইমিগ্রেশন বিশেষজ্ঞ আইনজীবীর লেখা ধারাবাহিকভাবে প্রকাশ করছি। এই কলামটির লেখক শাকিল হোসেন কাজমী। শাকিল কাজমী নিউইয়র্ক ল'স্কুলে আইনের উপর পড়াশোনা করেছেন। তিনি ওয়াশিংটন কলেজ অব ল' থেকে ইমিগ্রেশন ল' এবং বিজনেস ল'-এর উপর এল.এল.এম. করেছেন। তিনি নিউইয়র্ক স্টেট বার এসোসিয়েশন, আমেরিকান বার এসোসিয়েশন এবং ইমিগ্রেশন ল' ইয়ার্স এসোসিয়েশনের সদস্য।



আমিগ্রেশন ও আপনি বিভাগ থেকে আপনাদের সবার জন্যে রইল আমাদের শুভেচ্ছা ও ধন্যবাদ। আশা করি আপনারা সবাই সুস্থ ও নিরাপদে আছেন। আপনাদের মঙ্গলময় জীবন আমাদের কাম্য। আর তাই ইমিগ্রেশন বিষয়ে যে কোন প্রয়োজনে আমরা আপনাদের সাহায্যের জন্য প্রস্তুত। এই বিভাগ আপনাদের জন্যে এ কারণে এই বিভাগের মাধ্যমে আপনাদের এতটুকু উপকৃত হলে আমরা আনন্দিত হবো।

প্রতি সপ্তাহের মতো এ সপ্তাহেও আপনাদের পাঠানো চিঠিগুলো আমাদের হাতে এসে পৌঁছেছে। আপনাদের পাঠানো চিঠি থেকে পর্যায়ক্রমে আমরা তার উত্তর দিয়ে থাকি।

ট্রাম্প প্রশাসন এইচ-১বি আবেদনের জন্য নতুন ১ লাখ ডলার ফিস ঘোষণা করেছেনঃ

প্রেসিডেন্ট ট্রাম্প এইচ-১কি ভিসার আবেদন ফিস ১ লাখ ডলারের একটি প্রক্লেমেশনে সই করেছেন। ঘোষণাটি গত ২১ সেপ্টেম্বর ২০২৫ থেকে কার্যকর হয়েছে নতুন এই নীতিমালায় লেবার ডিপার্টমেন্টকে নির্দেশ দেয়া হয়েছে। তাদের বর্তমান মজুরি বৃদ্ধির। যাতে এইচ-১বি শ্রমিকদের ইউএস শ্রমিকদের তুলনায় বেতন কম না হয়। এই মজুরি বৃদ্ধির ফলে তারা যেনো এদেশে প্রযুক্তি, প্রকৌশলী ও স্বাস্থ্য পরিষেবা খাতে উচ্চ দক্ষতাসম্পন্ন ইউএস শ্রমিকদের সঙ্গে তাল মিলিয়ে চলতে পারে। ইউএস স্টেট ডিপার্টমেন্ট বিষয়টি পরিষ্কারভাবে ব্যাখ্যা দিয়ে সতর্ক করে বলেছে– ১ লাখ ডলার ভিসা ফিস যারা এইচ-১বি ভিসার জন্য ২১ সেপ্টেম্বর ২০২৫ এর আগে আবেদন জানিয়েছেন এবং যারা বর্তমানে ভিসা ইস্যু বা ইউএসএ'তে প্রবেশ করার অপেক্ষায় রয়েছেন।

এর আগের সংখ্যায় বিষয়ে অর্থ্যাৎ ট্রাম্প প্রশাসনের এইচ-১ বি আবেদনের জন্য নতুন ১ লাখ ডলার ফিস ঘোষণার কথা উল্লেখ করা হয়েছে।

আপনাদের কাছে থেকে পাওয়া চিঠির মাধ্যমে আমরা জানতে পেরেছি উল্লেখিত একই বিষয়ে পুনরায় কিছু কথা উল্লেখ করার জন্য।

আপনারা 'গোল্ডকার্ড' প্রোগ্রাম এবং 'প্লাটিনাম কার্ড' সম্পর্কেও জানতে চেয়েছেন যা আগেও এই বিভাগে প্রকাশিত হয়েছে।

গোল্ডকার্ডঃ

প্রেসিডেন্ট ট্রাম্প 'গোল্ডকার্ড' প্রোগ্রাম প্রবর্তনে নির্বাহী আদেশে গত ১৯ সেপ্টেম্বর ২০২৫ তারিখে সই করেছেন। এই কর্মসূচিতে ইউএসএ বিদেশি নাগরিকদের গ্রিনকার্ড দেবে তবে ইউএসএ'কে একটি উল্লেখযোগ্য পরিমাণ অনুদান দিতে হবে। এই অনুদানের পরিমাণ কোন ব্যক্তির জন্য ১ মিলিয়ন ডলার এবং করপোরেশনের জন্য ২ মিলিয়ন ডলার। এই অনুদান ইউএসএ'র বাণিজ্য এবং শিল্প উন্নয়নের জন্য ব্যয় করা হবে।

এই নির্বাহী আদেশের অধীনে সেক্রেটারি অব স্টেট এবং লোমল্যান্ড সিকিউরিটি সেক্রেটারির সমন্বয়ে সেক্রেটারি অব কমার্স নজরদারি করবেন। এই কর্মসূচিতে ব্যক্তিগত ১ মিলিয়ন ডলার এবং করপোরেশনের জন্য ২ মিলিয়ন ডলার অনুান দিলে বিদেশি নাগরিকদের ভিসা প্রাপ্তি ত্বরান্বিত হবে।

কমার্স সেক্রেটারি আভাস দিয়েছেন এই কর্মসূচি ইবি-১ এর ইবি-২ এর স্থলাভিত্তিক হতে পারে।

তবে এই পরিবর্তনের জন্য কংগ্রেস দ্বারা আইনও প্রয়োজন হবে। কারণ, এই দুই ভিসা ক্যাটেগরি ইমিগ্রেশন এ্যান্ড ন্যাশনালিটি এ্যাকেট'র অধীনে ফেডারেল সংবিধিবদ্ধভাবে প্রতিষ্ঠিত।

প্রস্তাবিত 'প্লাটিনাম কার্ড'ঃ

গোল্ডকার্ড কর্মসূচির অতিরিক্ত, ট্রাম্প ৫ মিলিয়ন ডলার বিনিয়োগের মাধ্যমে একটি 'প্লাটিনাম কার্ড' পদ্ধতি প্রবর্তনের প্রস্তাব করেছেন। উচ্চতর পদ্ধতি কর্মসূচির অতিরিক্ত সুবিধার মধ্যে রয়েছে– যদি কেউ বছরে ২৭০ দিনের অধিক সময় ইউএসএ অবস্থান করে তবে গ্রিনকার্ডধারীদের নন-ইউএস আয়ের কর থেকে মওকুফ পাবেন। তবে কমার্স সেক্রেটারি বলেছেন, প্লাটিনাম কার্ড বাস্তবায়নের কংগ্রেসের অনুমোদন লাগবে।

কখন এই কর্মসূচি চালু হবে?

নির্বাহী আদেশে ক্যাবিনেট সেক্রেটারিদের নির্দেশনা দেয়া হয়েছে– আবেদনপত্র প্রক্রিয়াকরণ ফিস এবং অন্যান্য ভিসা ক্যাটাগরির সম্ভাবনায় সম্প্রসারণের কাজ শুরু করতে। তবে, সুনির্দিষ্টভাবে এর বাস্তবায়নের সময় এবং বিস্তারিত কি কি প্রয়োজন তা এখনো ঘোষণা করা হয় নাই।

গোল্ড কার্ড কর্মসূচি প্রচলিত পার্লামেন্ট রেসিডেন্ট বা এমপ্লয়মেন্ট অথবা ইনভেস্টমেন্ট প্রক্রিয়ার বাইরে ধনী বিদেশী নাগরিকদের জন্য একটি নতুন দুয়ার খুলে দেবে। এটা ধনী-বিদেশীর জন্য ফেডারেল সরকারের তরফ থেকে একটি উপহার।

নভেম্বর ভিসা বুলেটিন ২০২৫ঃ ইউএস স্টেট ডিপার্টমেন্ট (ডিওএস) নভেম্বর ২০২৫'র ভিসা বুলেটিন প্রকাশ করেছে। নিম্নে নভেম্বর ২০২৫'র পারিবারিক ভিত্তিতে ভিসার প্রাপ্যতা উল্লেখ করা হলো। উল্লেখ্য যে, 'ফাইনাল এ্যকশন ডেট' বলতে সেই ডেটকে বোঝায় যখন ইউএসসিআইএস/ ডিওএস জমাকৃত আবেদনের উপর তাদের সিদ্ধান্ত প্রদান করে। আর এতে করে প্রায়োরিটি তারিখ নির্ধারিত হয় এর পূর্বে।

অক্টোবর ২০২৫'র সার্বিক পর্যালোচনায় দেখা যাচ্ছে যে, পরিবার ভিত্তিক ভিসা ক্যাটাগরিতে অল্প কিছুটা অগ্রগতি হয় নাই।

ফ্যামিলি স্পন্সরড প্রেফারেন্সেস : প্রথমঃ (এফ ১): ইউএস সিটিজেনদের অবিবাহিত পুত্র-কন্যা : নভেম্বর ০৮, ২০১৬।

দ্বিতীয়: পার্মানেন্ট রেসিডেন্টদের স্পাউসে (স্বামী/স্ত্রী), সন্তান এবং অবিবাহিত পুত্র-কন্যা।

এ. (এফ ২এ) ঃ পার্মানেন্ট রেসিডেন্টদের স্পাউস (স্বামী/স্ত্রী) এবং ২১ নিম্ন বয়সী সন্তান ঃ ফেব্রুয়ারি ০১, ২০২৪।

বি. (এফ ২বি) ঃ পার্মানেন্ট রেসিডেন্টদের অবিবাহিত পুত্র-কন্যা (২১ বছর বা তদুর্ধ্ব বয়সী) ঃ ডিসেম্বর ০১, ২০১৬।

তৃতীয় ঃ (এফ ৩) ঃ ইউএস সিটিজেনদের বিবাহিত পুত্র-কন্যা ঃ সেপ্টেম্বর ০৮, ২০১১।

চতুর্থ ঃ (এফ ৪) ঃ প্রাপ্ত বয়স্ক ইউএস সিটিজেনদের ভাই-বোন ঃ জানুয়ারি ০৮ ২০০৮।

পারিবারিকভিত্তিক এবং চাকুরিভিত্তিক ভিসার প্রাপ্যতা সম্পর্কে জানতে ইউএস ডিপার্টমেন্ট অফ স্টেটের ওয়েবসাইট ভিজিট করুন।

প্রায় প্রতি সপ্তাহে আমরা যে পরামর্শ দিয়ে থাকি সেটা হচ্ছে– ইমিগ্রেশন বিষয়ে যেকোন চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণের আগে প্রয়োজনবোধে একজন অভিজ্ঞ ইমিগ্রেশন এটর্নীর সাথে সাক্ষাতে পরামর্শ গ্রহণ করা ভালো। প্রয়োজনে আমাদের অফিসের সাথেও যোগাযোগ করতে পারেন।

ইমিগ্রেশন বিষয়ে যে কোন প্রয়োজনে আমাদের সাথে যোগাযোগের ঠিকানা:
২২৫ ব্রডওয়ে (১৬ তলা),
নিউইয়র্ক ১০০০৭।
ফোন: ২১২-৫১৩-৭৪৭৪
ফ্যাক্স: ৯১৪-৪৬২-৩৯৯০
ই-মেইল:
kazmiandreeves@gmail.com
[Law office of Kazmi & Reeves]
225 Broadway, (16th floor)

এ লিখে ই-মেইল করলে অবশ্যই 'বাংলা পত্রিকার জন্য' কথাটি উল্লেখ করবেন।

অনুবাদ: হুসনে এ. বেগম

Law Offices of Kazmi & Reeves



225 Broadway, (16th Floor) New York, NY 10007. Tel: (212)513-7474 , Fax: (914) 462-3990
517 East Main Street, Middle Town, New York 10940. Tel: (845)341-0726, Email- kazmiandreeves@gmail.com

Tel: 212-513-7474, Fax: 914-462-3990

*** Immigration Cases & Appeals * Bankruptcy Cases * Accident & Personal Injury Cases * Divorce, Separation, Child Custody & Support Cases * Business & Commercial Litigation * Real Estate Transactions * Corporation & Partnership Matters.**

এপয়েন্টমেন্ট করে পরামর্শের জন্য আমাদের অফিসে আসতে পারেন।

যৌথভাবে আমাদের রয়েছে ৩৫ বছরের বেশী অভিজ্ঞতা

আপনাদের সুবিধার্থে আমাদের নতুন অফিস এখন ম্যানহাটান ডাউন টাউনের প্রাণকেন্দ্রে এন, আর, ই এবং ২, ৩, ৪ এবং ৫ ট্রেনের সন্নিকটে। ই ট্রেনে ওয়ার্ল্ডট্রেড সেন্টার, ২ ও ৩ ট্রেনে প্লেসপার্ক এবং ৪ ও ৫ ট্রেনে ব্রুকলীন ব্রীজ, আর ও এন ট্রেনে সিটি হলে নামতে হবে।

আইনজীবী ফী আলোচনা সাপেক্ষে কিস্তিতে পরিশোধের ব্যবস্থা রয়েছে।

আপনি আইন সম্পর্কে তেমন কিছু জানেন না- ইমিগ্র্যান্ট ও সুযোগ সুবিধার দেশে আইনানুগ ব্যবস্থার মাধ্যমে জীবন ঝামেলামুক্ত করুন।
অধিকার প্রতিষ্ঠার মাধ্যমে শিকড় প্রথিত করে সার্বিকভাবে কমিউনিটিকে এগিয়ে নিন।


Khalil Biryani House
খলিলের
খাবার দিয়ে আপনার
অনুষ্ঠান হয়ে উঠুক
জমজমাট
সম্পূর্ণ স্বাস্থসম্মত উপায়ে প্রস্তুত
2062 McGraw Ave
Bronx, NY 10462
Phone: 347-621-2884
1457 Unionport Rd.
Bronx, NY 10462
Phone: 718-409-6840
www.KHALILSFOOD.com


PEOPLE TECH
DevOps
Scrum Master & Product Owner
[100% Scholarship for Training & Job Placement, Condition applied]
Saturday & Sunday
9:00 AM To 2:00 PM Starting from
NOV 02 2019
Saturday & Sunday
2:30 PM To 7:30 PM Starting from
NOV 02 2019
Software Testing [QA] Training & Job Placement
New York In Class Batches
Weekend Morning
9:00 AM To 2:00 PM
Selenium Starting from
October 19, 2019
Weekdays Evening
6:00 PM To 11:00 PM
Selenium Starting from
October 22, 2019
VA In Class Batches
Weekend Morning
9:00 AM To 2:00 PM
Selenium Starting from
November 16, 2019
Weekdays Evening
6:00 PM To 11:00 PM
Selenium Starting from
November 26, 2019
www.piit.us


GLOBAL
Tours & Travel
BOOK YOUR FLIGHT
WITH OUR OTA
www.globaltravelbd.com
"We provide 24/7 customer support"
FLIGHT
VISA
HOTEL
$300 OFF
* Minimum $10000 cash purchase required
CALL NOW
718-406-9745
718-200-2655
Md Shamsuddin
PRESIDENT & CEO
Global Tours & Travel
World Tours & Travel


Flight
LOWEST PRICE CHALLENGE
GLOBAL
NY 1 TRAVELS, INC
আন্তর্জাতিক ও আভ্যন্তরীন
ফ্লাইটের টিকেট
সুলভ মূল্যে ক্রয় করুন
বাংলাদেশের ফ্লাইটের টিকেটে
রয়েছে বিশেষ ছাড় !!!
MIRZA M ZAMAN
37-18 74th Street, Suite # 202, Jackson Heights, NY 11372
Tel: 646-750-0632
E-mail: globalnytravels@gmail.com

সাহিত্য সাময়িকী

আনন্দ
মেহেদী ইকবাল

আনন্দ লুকিয়ে থাকে পথের পাশে, পাড়ি দিয়ে দীর্ঘপথ
উৎসবে একটু সেমাই কোলাকুলি স্বজনের সাথে, জেনে নেওয়া কুশলাদি

দু'দন্ড দাঁড়িয়ে থাকা প্রিয় স্বজনের কবরের পাশে।
চারপাশে শিশুদের হাসিমুখ
অফুরান আনন্দ নিয়ে আসে উড়ে খয়েরি ডানার পাখি
অনেক আনন্দ নিয়ে বয়ে যায় হাওয়া আর ঢেউগুলো
ছুটে যায় চলার আনন্দ নিয়ে। আনন্দ খুঁজতে কেউ
যায় সিকিম, কেউ যায় পাতায়া, সিঙ্গাপুর। কাশ্মীর যায় কেউ আরো দূরে
কেউ কেউ আনন্দ খুঁজে অন্ধকারে ছিটিয়ে টাকা আর খরচে বেশুমার!

অথচ আনন্দ থাকে লুকিয়ে পথের পাশে, চুরি করে অন্যের ভাগ
কালো রঙ যে টাকার, সে টাকায় আনন্দ নয়
সে টাকায় থাকে না ছোঁয়া

মানুষের দোয়া আর ভালোবাসার!

কান্না
চন্দনকৃষ্ণ পাল

দিনগুলিও রাতের মতো কাঁদে এখন,
আগে ছিলো রাতের কান্না, গভীর রাতে-
গুমড়ে কাঁদার ধ্বনি পেতাম, ঘুম ভাঙলে।
বুকের ভেতর জমাট পাথর নড়তো একা
দু'কান চেপে শব্দটাকে এড়িয়ে যেতাম
দু'চোখে ঘুম নেমে এলেই ওম শান্তি।

দিনের কান্না ভয়ংকর এক স্বপ্ন যেনো
সে কান্না কেউবা শুনে কেউ শুনে না
যারা শুনে তাদের জীবন ধূসর মরু
ভয়াল তাপে সব পুড়ে ছাই, জলকষ্ট-
শ্বাসকষ্ট বাড়িয়ে তুলে, বুকের ভেতর।
কাউকে বলা যায় না এমন ভয়াল বচন।

জিভের ডগায় এসেও ফিরে যায় দেখি সে
বুকের ভেতর কুন্ডলীতে মত্ত থাকে
আমি এখন অদ্ভুততে সময় কাটাই
উড়ছে ঘুড়ি এদিক ওদিক চারদিকেতে
ঠিক জানি না কার হাতে যে আসল নাটাই!

প্রাচীন বৃক্ষ
এইচ বি রিতা

এইখানে আজো দাঁড়িয়ে থাকা পুরনো বৃক্ষের
শিকড়েরা জানে- কত ঝঞ্ঝা পেরিয়েছে,
কত পুরাতন ছালে জড়ানো ইতিহাসের
প্রেম, যুদ্ধ, আর কত না নির্বাণ ধারণ করে আছে।

এই শাখা-জন্মের শক্তিতে দুর্ভেদ্য, মজবুত,
এ শতকের বসন্ত-গ্রীষ্মের দাপট
ভাঙতে পারে না তার অবিচল মেরুদণ্ড;
কোনো ক্ষণিকের ঝড় জানে না এর স্থৈর্যের গভীরে
কত আস্থার বাঁধন লুকোনো আছে।

কেবল বৃক্ষ জানে- সময়ের কুঠারও একদিন ক্লান্ত হয়,
পাতার ফাঁকে ইতিহাসের নিঃশ্বাস আর; তার গায়ে
লেগে থাকে ধূলি, রোদ, মানুষের নিঃশব্দ প্রার্থনা-
প্রতিটি দাগে এক অনন্ত বেঁচে থাকা লিপি।

নদী বদলায় পথ, শহর ঘুমিয়ে পড়ে ধোঁয়ার চাদরে,
এই বৃক্ষ- মাটির উষ্ণতা নিয়ে এখনো দাঁড়িয়ে-
এক অদৃশ্য সাক্ষীর মতো।



বিকেলের মৃত পায়ের চিহ্ন
আশরাফ উদদীন আহমদ

তারপরও কবিতার মুখোমুখি আমরা দুজন
বারান্দায় তখনো রোদের ঝলকানি
ছাতিম গাছের অন্যরকম সুভাস
মিষ্টি মেয়েটি হেঁটে যায়
কবিতার বুকের সিঁড়ি ধরে নীলিমায়
কোন দূর গন্তব্যে অজানায়।
কতোদিন যেন যাওয়া হয়নি তোমাদের দেশে
আহা! দেশ বললে বুকের মধ্যে ছ্যাঁক করে ওঠে
দেশ তো একদিন আমারও ছিলো!
পাতা ঝরার দিন এলে কতো স্মৃতি পেন্ডুলামের মতো দুলে ওঠে
এখনো তুমি কি খোলা চুলে রোদে বসে মুখ আড়াল করো
মুখ সে তো আরেক স্মৃতি
কিচ্ছুটি স্মরণে নেই আজ
শুধুই ধূসর গোধুলি বিকেলের মৃত পায়ের চিহ্ন।

অন্ধকার
আলী আকবর বাবুল

স্বপ্নেরা জেগে উঠে আজ ধ্বংসের আগুনে,
নিঃশ্বাস নিতে চায় মাঠের মাটি, নদীর নীল জল-
কিন্তু আকাশ জুড়ে ঝুলে আছে শকুনের ছায়া।

যে হাত গড়তে পারত ভবিষ্যৎ,
সে হাতেই এখন শৃঙ্খল, বন্দুক, আর লুণ্ঠনের পতাকা।
নামে কেউ আসে না, তবু তার ছায়া ছায়া করে ঘোরে-
নামহীন এক অন্ধকার, যেখান থেকে চিৎকার আসে: 'আমিই আইন!'

এই দেশ কি এমন ছিল?
যেখানে মুখ খুললেই জবাব হয় গুম বা গর্জন?
যেখানে পতাকা ওড়ে কিন্তু তা মানুষের নয়, ক্ষমতার?
অগ্নিতে জ্বলুক তাদের অমানবিক অট্টালিকা,
মানুষের হৃদয় থাকবে জেগে, জেগে থাকবে প্রতিবাদ।
আর ইতিহাস, সে তো চুপ থাকে না- তারে মনে রাখে সব।



সিকামোরের পাতা
বশির আহমেদ

সন্ধ্যার কামরাঙ্গা ঠোঁটে ঝুলে আছে গুচ্ছ গুচ্ছ অভিমান,
চোখের ভাষায় আগুনের চিত্রকল্প।
পোড়া মনে গড়ে উঠে দুঃখের ইজম, দেহের ভাঁজে ভাঁজে
মাতমের সুর। সন্ধ্যা হলে বিপ্লবীরা ঘরে ফিরে,
কেউ কেউ মনে মনে বিপ্লব ঘটায়, পেরু হচ্ছে পাখির
নিরাপদ দেশ। নিষিদ্ধ ঘরের মায়ায় কতকাল এঁকে
যাব বেদনার প্রচ্ছদ? একটা নদী খনন করি,
সিকামোরের পাতার মতো নিঃশব্দে ঝরে যাই, মাথার
উপরে পাতার ছায়া!

ভিন দেশে সরকার উৎখাতের আমেরিকান নীতির দিন শেষ

শেষ পৃষ্ঠায় পর

বলেন, 'পুরোনো ওয়াশিংটনের চিন্তাধারা এমন কিছু, যা আমরা পেছনে ফেলে আসতে চাই। কারণ, এই দৃষ্টিভঙ্গিই আমাদের বহুদিন ধরে পিছিয়ে রেখেছে। দশকের পর দশক ধরে আমাদের পররাষ্ট্রনীতি একধরনের অকার্যকর ও অন্তহীন চক্রে আটকে ছিল, যেখানে লক্ষ্য ছিল শাসন পরিবর্তন বা অন্য দেশে রাষ্ট্র পুনর্গঠন। এটি ছিল একধরনের "ওয়ান সাইজ ফিটস অল" নীতি, যেখানে অন্য দেশের সরকারকে উৎখাত করা এবং আমাদের শাসনব্যবস্থা চাপিয়ে দেওয়া; এমন সব সংঘাতে হস্তক্ষেপ করা, যা আমরা আসলে ভালোভাবে বুঝতাম না এবং শেষে ফিরে আসতাম বন্ধু নয়, আরও শত্রু নিয়ে। ফলাফল কী হয়েছিল? লক্ষ-কোটি ডলার খরচ, অসংখ্য প্রাণহানি এবং অনেক ক্ষেত্রে আরও বড় নিরাপত্তা হুমকির সৃষ্টি–যেমন ইসলামি জঙ্গিসংগঠন আইএসআইএসের উত্থান।'

তুলসী গ্যাবার্ড বলেন, প্রেসিডেন্ট ট্রাম্প ও ভাইস প্রেসিডেন্ট ভ্যান্স সম্প্রতি বলেছেন, মধ্যপ্রাচ্যে স্থায়ী শান্তি ও স্থিতিশীলতা প্রতিষ্ঠায় তাঁরা অব্রাহাম চুক্তির পরিধি বাড়াতে চান। এটি আমেরিকা ফার্স্ট নীতির বাস্তব রূপ, যেখানে সামরিক হস্তক্ষেপ নয়, বরং কূটনীতির মাধ্যমে শান্তি প্রতিষ্ঠার ওপর জোর দেওয়া হয়েছে। সরাসরি আলোচনার মাধ্যমে কোরীয় উপদ্বীপে উত্তেজনা কমিয়েছেন প্রেসিডেন্ট ট্রাম্প। উত্তর কোরিয়ার সঙ্গে যোগাযোগ পুনঃস্থাপন করেছেন তিনি, যা প্রজন্মের পর প্রজন্ম স্থবির ছিল। তিনিই প্রথম মার্কিন প্রেসিডেন্ট, যিনি সরাসরি আলোচনার মাধ্যমে শান্তি প্রতিষ্ঠার উদ্যোগ নিয়েছিলেন।

যুক্তরাষ্ট্রের গোয়েন্দাপ্রধান আরও বলেন, প্রেসিডেন্ট ট্রাম্পের নেতৃত্বে যুক্তরাষ্ট্র বিশ্বমঞ্চে নেতৃত্বের অবস্থান পুনরুদ্ধার করেছে। সার্বিয়া ও কসোভোর মধ্যে অর্থনৈতিক স্বাভাবিকীকরণ ঘটিয়ে বলকান অঞ্চলে স্থিতিশীলতা ফিরিয়ে এনেছেন তিনি। দ্বিতীয় মেয়াদের মাত্র নয় মাসের মধ্যে ট্রাম্প ভারত-পাকিস্তান, ইসরায়েল-ইরান, রুয়ান্ডা-ডিআরসি, আর্মেনিয়া-আজারবাইজান, কম্বোডিয়া-থাইল্যান্ডের মধ্যে যুদ্ধবিরতি ও শান্তিচুক্তি নিশ্চিত করেছেন। এমনকি মিসর ও ইথিওপিয়ার মধ্যে গ্র্যান্ড ইথিওপিয়ান রেনেসাঁ ড্যাম নিয়ে সম্ভাব্য সংঘাতও ঠেকিয়েছেন।

হামাসের হাতে আটক সব জীবিত জিম্মির মুক্তির মধ্য দিয়ে ট্রাম্পের 'কূটনৈতিক উদ্যোগ ঐতিহাসিক অগ্রগতি' অর্জন করেছে বলে উল্লেখ করেন তুলসী গ্যাবার্ড। তিনি বলেন, যদিও পরিস্থিতি নাজুক, তবুও এই যুদ্ধবিরতি ও শান্তি পরিকল্পনা ধীরে ধীরে বাস্তবায়িত হচ্ছে, যেখানে এই কক্ষে উপস্থিত অনেক অংশীদারের গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে।

গ্যাবার্ড বলেন, এসব প্রচেষ্টার পেছনে রয়েছে এক সরল কিন্তু বিপ্লবী ধারণা, তা হলো, যৌথ স্বার্থকে প্রাধান্য দেওয়া, যেখানে স্বার্থ মিলবে, সেখানে পারস্পরিক লাভজনক সমাধান খুঁজে বের করা এবং মতপার্থক্যগুলো সংলাপের মাধ্যমে সমাধান করা।

তুলসী গ্যাবার্ড বলেন, 'প্রেসিডেন্ট ট্রাম্প বুঝতে পারেন, সবাই আমাদের মতো একই মূল্যবোধ বা শাসনব্যবস্থা অনুসরণ করে না এবং এটা স্বাভাবিক। গুরুত্বপূর্ণ হলো– কোথায় আমাদের অভিন্ন স্বার্থ আছে, তা চিহ্নিত করা এবং সেই ভিত্তিতে অংশীদারত্ব গড়ে তোলা। জ্বালানি নিরাপত্তা, সন্ত্রাসবাদ দমন, বাণিজ্য সম্প্রসারণ, অর্থনৈতিক প্রবৃদ্ধি ও উদ্ভাবন–এ বিষয়গুলোই স্থায়ী বন্ধুত্ব ও অংশীদারত্বের মূল ভিত্তি।'

গ্যাবার্ড বলেন, আমেরিকা ফার্স্ট মানে নিজেদের বিচ্ছিন্ন করা নয়, বরং ট্রাম্প যেভাবে প্রমাণ করেছেন, এর অর্থ হলো, সরাসরি কূটনীতিতে অংশ নেওয়া, যেসব আলোচনায় অন্যরা যেতে ভয় পায়, সেখানে সাহসী পদক্ষেপ নেওয়া এবং পারস্পরিক সার্বভৌম স্বার্থের মিল খুঁজে বের করা।

এক স্লিপ

শেষ পৃষ্ঠায় পর

সময়টা ট্রাফিক নিয়ন্ত্রন সহ আইন-শৃঙ্খলা নিয়ন্ত্রনে কড়াকড়ি ব্যবস্থা থাকে। সেই জাতিসংঘে যাওয়ার সময় শারীরিক অবস্থার কথা চিন্তা করে আমার সঙ্গী রাজনীতিক জনাব সামসুল ইসলাম মজনুর পরামর্শে কয়েক ব্লকের জন্য ট্যাক্সি নিয়ে হয়। ১০/১২ ব্লকের রাস্তা যেতে পথিমধ্যে 'রেড লাইট' ট্যাক্সি থামতেই দায়িত্ব পালনরত একজন ট্রাফিক পুলিশ বলে উঠলেন- 'ওহ বাংলাদেশী। হাসিনা-খালেদা বহুত প্রোবলেম'। একথা বলেই হেসে উঠলেন। আমরাও বুঝতে পারলাম নিউইয়র্ক সিটি পুলিশ জানে হাসিনা-খালেদা জাতিসংঘে আসলে বাংলাদেশীদের ভীড় জমে বিশ্বসংস্থার ভবন ও এর আশেপাশে। ভবনের সামনে পাল্টাপাল্টি সমাবেশ হয়, ঘটে অপ্রীতিকর ঘটনাও। এরমধ্যেই রেড লাইড গ্রীণ লাইট জ্বলে উঠলো, ট্রাফিক পেরিয়ে ধীরে ধীরে জাতিসংঘ ভবনের দিকে এগুতে থাকলো আমাদের ট্যাক্সি ।

২৮ সেপ্টেম্বর ২০২৫

ভোট দিন আপনার নিজের ভাষায়

নভেম্বর 1,2 এবং 4

সিভিক এনগেজমেন্ট কমিশনের পক্ষ থেকে নিম্নোক্ত ভাষার দোভাষীরা উপস্থিত থাকবেন:

আরবি
বাংলা
ক্যান্টনিজ
ম্যান্ডারিন
ফরাসি
হেইশিয়ান ক্রিওল
ইতালীয়
কোরিয়ান
পোলিশ
রুশ
উর্দু
ইয়িডিশ

নির্দিষ্ট ভোটকেন্দ্রে!



নভেম্বর 4:
নির্বাচনের দিন
অক্টোবর 25-নভেম্বর 2:
আগাম ভোটগ্রহণ

CEC NYC Civic Engagement Commission
VOTER LANGUAGE ASSISTANCE
আরও তথ্যের জন্য, ভিজিট করুন
on.nyc.gov/vlaBN



Former Governor Andrew Cuomo has always been a supporter of the Muslim community because *he shares our values.*





RECORD

- **Forceful advocate for the right of the Muslim community** to build a mosque in Downtown Manhattan near The World Trade Center site in **2010.**
- **Launched New York City hotline for victims of Islamophobic hate crimes** and bias incidents in **2016.**
- **Stood with us during Trump's 2017 Muslim Travel Ban,** declaring "As a New Yorker, I am a Muslim" and provided free legal representation for Muslim's impacted by the ban.
- **Enacted "Religious Garb Law" in 2019,** making it illegal for employers to discriminate against employees wearing religious attire, including Hijabs.

PLAN AS MAYOR

- **Supports the creation of New York City's first Arabic Language Charter School.**
- **Hire 5000 more police officers to keep our communities safe,** including 1500 officers dedicated to subways to protect commuters.
- **Enhance enforcement of rent-stabilization laws** to prevent illegal rent hikes and landlord harassment.
- **Support and prioritize access to funding for South Asian-owned businesses** and non-profits, including Masjids.

Mamdani's far-left politics are against our values.
Cuomo has always fought for our community.

Paid for by Cuomo for NYC, Inc.

সুপ্রিম কোর্টের বিচারক পদে লড়ছেন

শেষ পৃষ্ঠায় পর

নির্বাচিত হলে প্রথম কোনো বাংলাদেশি বংশোদ্ভূত এই পদে বিজয়ী হওয়ার ইতিহাস তৈরি হবে।

সোমা সায়ীদ জয়ী হতে যাচ্ছেন–এটা প্রায় নিশ্চিতই বলা যায়। অনেকটা নিশ্চিন্ত থাকলেও শেষ মুহূর্তে প্রচার-প্রচারণায় ব্যস্ত সময় পার করছেন তিনি। ভোট চাইছেন সবার কাছে। বিপুল ভোটে জয়ী হবেন বলে তিনি আশাবাদী।

সোমা সায়ীদ এই নির্বাচনে ডেমোক্র্যাটিক পার্টির অনেক খ্যাতনামা নেতার সমর্থন পেয়েছেন। বাংলাদেশি কমিউনিটি এবং কমিউনিটির বিভিন্ন অঙ্গসংগঠনও তাকে সমর্থন দিয়েছে। কুইন্সের বিভিন্ন ডেমোক্র্যাটিক ক্লাব তাকে সমর্থন দিয়েছেন। এ ছাড়া নিউইয়র্ক বার অ্যাসোসিয়েশনও তাকে সমর্থন দিয়েছে।

কুইন্স ডিস্ট্রিক্টের নিউইয়র্ক সিটি সিভিল কোর্টের জজ অ্যাটর্নি সোমা এস. সায়ীদ নিউইয়র্ক স্টেটের সুপ্রিম কোর্টের বিচারক পদে ডেমোক্র্যাটিক পার্টির প্রার্থী হিসেবে অংশ নিচ্ছেন। তিনি বর্তমানে কুইন্স ডিস্ট্রিক্টের নিউইয়র্ক সিটি সিভিল কোর্টের জজ হিসেবে কাজ করছেন। এর আগে তিনি ২০২১ সালে কুইন্স ডিস্ট্রিক্টের সিভিল কোর্টের জজ নির্বাচিত হন। তিনি ২০২২-২০২৩ সালে ম্যানহাটনের নিউইয়র্ক কাউন্টি ক্রিমিনাল কোর্টের বিচারকের দায়িত্ব পালন করেন। এরপর ২০২৪ সালের জানুয়ারি মাসে তাকে কুইন্স কাউন্টির সিভিল কোর্টের জজের দায়িত্ব দেওয়া হয়।

সোমা সায়ীদ একজন বিশেষজ্ঞ আইনজীবী। তিনি কুইন্স কাউন্টির জজ নির্বাচিত হওয়ার আগে বিশেষজ্ঞ প্রসিকিউটর এবং প্রাইভেট প্র্যাকটিশনার ভার্স্ট কমিউনিটি ও প্রোবনো বিশেষজ্ঞ। সোমা সায়ীদ আলবেনি ল' স্কুল থেকে আইন বিষয়ে জুরিস ডক্টরেট ডিগ্রি লাভ করেন। এর আগে তিনি নিউইয়র্ক সিটি ইউনিভার্সিটির সিটি কলেজ থেকে ব্যাচেলর ডিগ্রি অর্জন করেন। তিনি নিউইয়র্ক সিটির পাবলিক স্কুলে ছোটবেলার শিক্ষাজীবন কাটিয়েছেন। হাইস্কুলও ছিল সিটির পাবলিক স্কুল। ছোটবেলায় বাংলাদেশ থেকে এ দেশে পাড়ি জমান। বিয়ের পর তার স্বামী মিজান চৌধুরীর ব্যাপক উৎসাহ-উদ্দীপনা পেয়েছেন। সোমা সায়ীদ নিজের চেষ্টায় ও তার পরিবারের সবার উৎসাহ ও সহযোগিতায় এই পর্যায়ে এসেছেন।

এবার মামদানীকে ঠেকাতে কংগ্রেসের

শেষ পৃষ্ঠায় পর

রিপাবলিকান ক্লাবের প্রেসিডেন্ট স্টেফানো ফোরটে বলেন, "জোহরান মামদানী একজন বিদ্রোহী। তাকে হয় ব্যালট থেকেই সরাতে হবে, নয়তো নির্বাচনে জিতলেও মেয়র পদ থেকে অপসারণ করতে হবে।"

রিপাবলিকান কংগ্রেস সদস্যরাও বিষয়টিতে আগ্রহ দেখাচ্ছেন। সরকারি অচলাবস্থা শেষ হলে তারা এ সংক্রান্ত প্রস্তাবনা আনার প্রস্তুতি নিচ্ছেন বলে দ্য এনওয়াই পোস্ট জানিয়েছে। এটি সেই একই সাংবিধানিক ধারা, যার মাধ্যমে কলোরাডো রাজ্য গত বছর ডোনাল্ড ট্রাম্পকে ব্যালট থেকে বাদ দিতে চেয়েছিল, তবে পরে সুপ্রিম কোর্ট তা বাতিল করে দেয়। আদালত রায়ে জানায়, এই ধারা প্রয়োগের দায়িত্ব কংগ্রেসের ওপরই বর্তায় যা এখন রিপাবলিকান সংখ্যাগরিষ্ঠ।

রিপাবলিকানদের এই উদ্যোগ কার্যকর করতে হলে প্রতিনিধি পরিষদে সংখ্যাগরিষ্ঠতা অর্জনের পাশাপাশি সিনেটে ফিলিবাস্টার বাধাও পেরোতে হবে। আইন পাস হলেও তা আদালতে টিকবে কি না, তা নিয়েও প্রশ্ন আছে। তবে রাজনৈতিক বিশ্লেষকদের মতে, এই প্রচেষ্টা ডেমোক্র্যাটদের জন্যও এক অস্বস্তিকর মুহূর্ত তৈরি করবে। কারণ এতে তাদের ভোট দিতে হবে একজন সমাজতান্ত্রিক প্রার্থীর পক্ষে বা বিপক্ষে, যাকে ট্রাম্প ইতোমধ্যেই নিজের রাজনৈতিক প্রতিপক্ষ হিসেবে তুলে ধরেছেন।

এর পাশাপাশি, রিপাবলিকানরা মামদানীর নাগরিকত্ব নিয়েও তদন্তের দাবি তুলেছেন। টেনেসির রিপাবলিকান কংগ্রেস সদস্য অ্যান্ডি ওগলস ন্যায়বিচার বিভাগে (উঙঔ) চিঠি দিয়ে মামদানীর নাগরিকত্ব প্রক্রিয়া যাচাই করার আহ্বান জানিয়েছেন। তিনি অভিযোগ করেছেন, ২০১৮ সালে নাগরিকত্ব নেওয়ার সময় মামদানী "সহিংস ও রাষ্ট্রবিরোধী বক্তব্য" থেকে নিজেকে দূরে রাখেননি, যা নাগরিকত্ব আইনের লঙ্ঘন।

ফ্লোরিডার প্রতিনিধি র‍্যান্ডি ফাইনও দাবি করেছেন, মামদানী নাগরিকত্ব ফর্মে ডেমোক্রেটিক সোশ্যালিস্ট অব আমেরিকার সদস্যপদ লুকিয়েছেন এবং "হোলি ল্যান্ড ফাইভ"এর প্রতি সমর্থন জানিয়েছিলেন যে সংগঠনের সঙ্গে হামাসের সম্পর্কের অভিযোগ ছিল।

এসব অভিযোগের জবাবে মামদানী বলেছেন, "আমাকে যতবার 'কমিউনিস্ট' বলা হোক না কেন, এতে সত্য পরিবর্তন হবে না। আমি সমাজতন্ত্রে বিশ্বাস করি না; আমি মানুষের সমান অধিকারে বিশ্বাস করি।"

ন্যায়বিচার বিভাগ জানিয়েছে, তারা রিপাবলিকান কংগ্রেস সদস্যদের চিঠি পেয়েছে, তবে কোনো সম্ভাব্য তদন্ত বা তার অগ্রগতি নিয়ে মন্তব্য করতে রাজি নয়।

বিশ্লেষকদের মতে, মামদানীকে কেন্দ্র করে রিপাবলিকানদের এই প্রচারণা এখন শুধু নিউইয়র্কের নির্বাচনী প্রশ্ন নয় এটি হয়ে উঠছে জাতীয় রাজনীতির এক নতুন কেন্দ্রবিন্দু, যেখানে মুসলিম, অভিবাসী ও প্রগতিশীল পরিচয় নিয়ে লড়াই করছে সমকালীন আমেরিকার ভবিষ্যৎ দিকনির্দেশনা।









অর্থনৈতিক সমস্যার সমাধানে নিউইয়র্কসহ
পুরো যুক্তরাষ্ট্রে সাউথ-ইস্ট গ্রুপ নিয়ে এলো
Micro Credit ও Micro Finance



- দরিদ্র ও স্বল্প আয়ের মানুষরা মাইক্রো ক্রেডিটের মাধ্যমে লোন পেতে পারেন সহজ শর্তে।
- ক্ষুদ্র ব্যবসায়ী, ফুড ভেন্ডার ও অন্যরা মাইক্রো ফাইন্যান্সের মাধ্যমে পেরেন পারেন সহজ শর্তে লোন।
- এছাড়াও পেতে পারেন সোলার প্যানেল ও উইন্ডমিলের জন্য লোন।
- চাষাবাদের জন্য লোন

যাদের ক্রেডিট স্কোর কম, কিংবা ব্যাড ক্রেডিট
তাদের ক্রেডিট লাইন বিল্ড করে দেব।

বিস্তারিত জানার জন্য যোগাযোগ করুন

Southeast USA Group Inc.

74-09 37th Avenue, Suite # 206, Jackson Heights, NY 11372
Phone: 917-566-1612
www: southeastusagroup.com

FSR Multiservices Inc

মাল্টিসার্ভিস অফিস



বাংলাদেশী আমেরিকান কমিউনিটির জন্য
আমরা নিম্নলিখিত সার্ভিস সমূহ প্রদান করে থাকি

- মানি অর্ডার।
- ই-পাসপোর্ট এর জন্য আবেদন করা।
- ই-পাসপোর্ট এপ্লাই করার পর পাসপোর্টের স্ট্যাটাস/অবস্থান নিয়মিতভাবে আবেদনকারীকে অবহিত করা।
- মেশিন রিডেবল পাসপোর্ট (এমআরপি) এর জন্য আবেদন করা।
- এনআইডি/ভোটার আইডি কার্ড আবেদন করা।
- জন্ম সনদের জন্য আবেদন পূর্ণ মুদ্রণ/সঠিক তথ্য করা/পরিবর্তন আবেদন করা।
- পাওয়ার অব এ্যাটর্নি তৈরী করা।
- নো ভিসা ফরম পূরণ করা।
- দ্বৈত নাগরিকত্ব-এর জন্য আবেদন করা।
- তালাক নোটিশ তৈরী করা।
- এয়ার টিকেট।
- সকল প্রকার ইমিগ্রেশন ফাইল করা।
- ওয়ার্ক পারমিট রিনিউর আবেদন করা।
- ক্যাশ এসিসটেন্স আবেদন করা।
- ফুড স্ট্যাম্প আবেদন করা।
- রেটাল এসিসটেন্স আবেদন করা।
- ট্যাক্স ফাইল।
- বাংলাদেশে ট্যাক্স রিটার্ন জমা দেয়া/ই-টিন করা।
- বাংলাদেশে বাড়ী/ফ্ল্যাটের বাৎসরিক পৌর কর জমা করা।
- EB-3 আবেদন প্রসেস করা।
- ভারতীয় ভিসার আবেদন করা।
- সৌদি ওমরাহ ভিসার আবেদন করা।

Tel (917)-776-1235 646-461-0919

বিশ্বস্ত সেবার অন্যতম বাংলাদেশী প্রতিষ্ঠান

31-10 37th Avenue,
Suite- 206, (2nd Floor), NY 11101
Email: fsr2024@yahoo.com

GRAND OPENING! JACKSON HEIGHTS OFFICE

GEHI & ASSOCIATES

Attorneys and Counselors at Law
www.gehilaw.com

ফ্রি কনসালটেশন

74-09-37th Ave, Suite:205, Jackson Heights, NY-11372. TEL: 718-263-5999
104-05 Liberty Ave, Ozone Park, NY-11417 TEL: 718-577-0711
173-29, Jamaica Ave, Jamaica, NY-11432 TEL: 718-764-6911



Naresh Gehi, Esq.

ইমিগ্রেশন ব্যাংক্র্যাপসি ক্রেডিট কার্ড মেটার ডিভোর্স চাইল্ড কাস্টডি চাইল্ড সাপোর্ট
অর্ডার অব প্রোটেকশন সিটিজেনশিপ সব ধরনের ভিসা ও ফিয়ানসি ভিসা প্রসেসিং।

- Do you want apply for a green card?
- Are you being deported?
- Are you having credit card problems?
- Are you unable to pay your debts?
- Has your bank account been sealed?
- Are you getting harrassed by creditors?

IF YOU ANSWERED YES, WE CAN HELP YOU TO RESOLVE YOUR DEBT, IMMIGRATION, BANKRUPTCY AND CREDIT CARD MATTERS.

ON MANY OCCASIONS, OUR CLIENTS DEBTS WERE CLEARED WITHOUT PAYING ANYTHING TO THEIR CREDITORS. PRIOR RESULTS DO NOT GUARANTEE FUTURE OUTCOME.

আমরা ৭ দিন খোলা
We are open 7 days

Call: 718-263-5999

- তুলনামূলকভাবে কম ফি
- সন্ধ্যা এবং সপ্তাহান্তে এপয়েন্টমেন্টের সুযোগ

আমাদের রয়েছে বাঙালি স্টাফ, আমরা বাংলায় কথা বলি।



Suryia Rahman, Esq

বাংলাদেশী মেডিকেল গ্রুপ



ডাঃ আতাউল ওসমানি
এম.ডি
ফ্যামিলি মেডিসিন বিশেষজ্ঞ
৭১৮-৬৩৬-০১০০

ডাঃ ফেরদৌস খন্দকার
এম.ডি, এফএসিপি
মেডিসিন বিশেষজ্ঞ

Brooklyn
20 Arlington Place
(Across the Fulton St.)
(Betw. Bedford & Nostrand Ave)
Brooklyn, NY 11216
Tel: 718-363-0100
Fax: 718-636-0112

Jackson Heights
70-17 37th Avenue
(Betw. 70 & 71st Street)
East Side of BQ Express Way
Jackson Heights, NY 11372
Tel: 718-363-0100
Fax: 718-636-0112

আমরা সব ধরনের ইন্স্যুরেন্স গ্রহণ করে থাকি

TODAY'S DENTAL

86-30 Broadway, 2nd Fl, Elmhurst, NY 11373.
Corner of Broadway & Justice Ave
Tel: 718-760-5500



আমরা সব ধরনের ইন্সুরেন্স গ্রহন করে থাকি।



দাত ও মাড়ির সর্বাধুনিক সুচিকিৎসার জন্য



আপনাদের সেবায়

ডা: কাজী জাফরি সাত্তার
ডা: এ. এ. আব্দুল কাদের ডিডিএস (ইউনিক ডেন্টাল)

আমরা বাংলায় কথা বলি

REQUEST A FREE CONSULTATION
718-760-5500

HOW TO REACH US
Top of Grand Ave Station
By Train - M, R Train
By Bus - Q 53, Q 58, Q 60 Queens Blvd.

ইমিগ্রেশন / এসাইলাম সেন্টার: গ্রীন কার্ড ও নাগরিকত্ব



কম্যুনিটির সবচেয়ে আলোচিত, পরিচিত এবং নির্ভরযোগ্য প্রতিষ্ঠান

লিগ্যাল নেটওয়ার্ক এ আসুন!

আমেরিকায় আইনানুগ বসবাস এনে দিতে পারে জীবনের প্রশান্তি। ইমিগ্রেশন/লিগ্যাল ইস্যুতে ছোট্ট একটি ভুলের জন্য অনেক বড় খেসারত অনেককেই দিতে হয়েছে। ঐ ভুলটি না করার জন্য কয়েক ডজন এটর্নী সিপিএ এবং আর্কিটেক্টদের সমন্বয়ে গড়া **লিগ্যাল নেটওয়ার্কের নিম্নোক্ত সেবা গ্রহন করুন:**

● নাগরিকত্ব, গ্রীনকার্ড, এসাইলাম, ম্যারেজ, ইনভেস্টমেন্ট, স্ট্যাটাস এডজাস্টমেন্ট, স্টপ ডিপোর্টেশন, এপ্লাই ফর সিটিজেনশিপ, অ্যাডভান্স প্যারোল, (রাজনৈতিক আশ্রয় প্রার্থীরা বিশেষ ব্যবস্থায় দেশে ঘুরে আসুন) ● ক্রিমিনাল (ষ্টেট/ফেডারেল) ● সিভিল লিটিগেশন: বিজনেস, ডিভোর্স, চাইল্ড সাপোর্ট/ কাস্টোডি, স্টপ ফর-ক্লোজার, (নিজ বাড়ী রক্ষা করুন), পার্টনারশীপ, বিজনেস এগ্রিমেন্ট, ল্যান্ডলর্ড/টেন্যান্ট, ● এক্সিডেন্ট কেইস: পারসোনাল ইনজুরী/ স্লীপ এন্ড ফল ইত্যাদি ● ট্যাক্স ফাইল (ব্যক্তিগত এবং বিজনেস) ● ফাইল ফর কর্পোরেশন এবং নট ফর প্রফিট কোম্পানী, ● বুক কিপিং ও অন্যান্য ● বাড়ীর ভায়োলেশন রিমুভ, লিগ্যাল বেইজমেন্ট, প্রপার্টি কনভার্শন (এক ফ্যামিলি থেকে বহু ফ্যামিলি), রিমুভ ফাইন-সিটি/স্টেট এজেন্সীস।

ইদানীং ইমিগ্রেশন আইন সহ বিভিন্ন আইনের প্রয়োগ নিয়ে অনেক তর্কবিতর্ক হচ্ছে যার সাথে ইমিগ্র্যান্টদের ভাগ্য ওতপ্রোতভাবে জড়িত। এ সময়ে ইমিগ্র্যান্টরা কোন বিষয়েই কোন প্রকার ভুল এফোর্ড করে না। সুতরাং গ্রোসারি ষ্টোরের মতো গজিয়ে ওঠা মোহরী/ মাল্টি সার্ভিস দোকানে যাওয়ার আগে এবং এটর্নী নিয়োগের পূর্বে ইমিগ্র্যান্টদের সচেতন হওয়া খুবই জরুরী।

All Service Provided by Attornys Admittied in State & Federal Court, CPA, P.E, Architect and Licensed Professionals.

72-32 Broadway, Suite # 302, Jackson Heights, NY 11372, Tel: 917-722-1408 / 1409, Fax: 718-276-0294, Email: legalnetwork.us@gmail.com

MAMUN'S TUTORIAL

: Directed by :
SHEIKH AL MAMUN, Certified School Teacher
MS Math Ed, MA Pure Math, Principal, Mamun's Tutorial



Our Programs:
Summer Program will start from July 5th

SAT
8 Weeks Course
4 Hours Each Class
Total 32 Classes (4 days/week)
Total Cost : $2000.00
Time : 2 pm to 6 pm

SHSAT
8 Weeks Course
5 days/week
Total Cost : $2000.00
Time : 2 pm to 6 pm

COMMON CORE MATH & ENGLISH
1st Grade to 6th Grade
8 weeks course
3 Hrs./day, 4 days/week
Cost : 600.00

Get 25% Discount
sign up by 4th July

Admission going on
K-6 & Common Core Regents Classes

Bronx Branch:
1504 Olmstead Avenue, Bronx, NY 10462
Phone : 347-657-0530, 917-561-1090

Jackson Heights Branch:
37-21 72nd Street, Jackson Heights, NY 11372
Phone : 718-507-2113, 917-561-1090

Congratulations to all our Students who made into Specialized High School

Quality Education Is Our Priority!

কলম্বিয়া ইউনিভার্সিটি ল' গ্রাজুয়েট, লন্ডন ইউনিভার্সিটি থেকে ব্রিটিশ ফরেন ও কমনওয়েলথ অফিসের অধীনে শেভনিং স্কলার ও হিউম্যান রাইটস-এ মাস্টার্স, ঢাকা ইউনিভার্সিটি থেকে আইনে অনার্স ও মাস্টার্স (১ম শ্রেণী), বিসিএল (ভূডিশিয়াল) এর সদস্য, বাংলাদেশে প্রাক্তন সিনিয়র সহকারী জজ আইন মন্ত্রণালয়ের সিনিয়র সহকারী সচিব ও বাংলাদেশ সরকারের প্রাক্তন মাননীয় আইন মন্ত্রীর কাউন্সিল অফিসার হিসেবে ৮ বছর এবং নিউইয়র্কের বিভিন্ন ল'ফার্মের অভিজ্ঞতাসম্পন্ন এ্যাটর্নী।



অশোক কুমার কর্মকার
এ্যাটর্নী এট ল'

আমেরিকা তে কোন ব্যক্তি ব্যবসায় বিনিয়োগ মাধ্যমে Treaty (E-2) ভিসার অধীনে এসে ব্যবসা করার সুযোগ পেতে পারেন এবং পরবর্তীতে গ্রীন কার্ড পাওয়ার যোগ্য হতে পারেন।

আমেরিকায় ১ মিলিয়ন বা তারও বেশি ডলার বিনিয়োগ করে EB-5 ভিসার অধীনে আপনি আপনার পরিবার ও সন্তান-সন্ততিসহ গ্রীন কার্ড পেতে পারেন।

বিদেশের এসেটে আপনার বিনিয়োগের অর্থ অনায়াসে আমাদের সাহে পাঠাতে পারেন।

দেশে কোন জোলপথীয় মালিকানাধীন হলে আপনি ও আপনার পরিবার ৭ বছরের সুবিধা নিয়ে পরবর্তীতে এবং দুবছর পর গ্রীন কার্ডের আবেদন করতে পারেন।

আপনি কি বিনিয়োগের মাধ্যমে নিজের যোগ্যতায় খুব দ্রুত গ্রীন কার্ড পেতে চান?

- আপনার সার্বিক আইনী (ইমিগ্রেশন, এমাইলামসহ সর্বপ্রকার ক্রিমেন এসেটো ক্লেইমি, পারসোনাল ইনজুরি, মেডিকেল ম্যালপ্র্যাকটিস, ডিভোর্স, পারিবারিক রিপ্যাসাইজেশনসহ সকল ধরনের) সমস্যার সমাধানে যোগাযোগ করুন (সোম-শনিবার)।
- আমেরিকায় বসে আমাদের ঢাকা অফিসের মাধ্যমে খরচ ও সময় বাঁচিয়ে আপনি বাংলাদেশে আপনার যে কোন মামলা পরিচালনা, সম্পত্তি ক্রয়-বিক্রয়সহ যে কোন আইনী সমস্যার সমাধান সহজেই করতে পারবেন।
- আপনার সম্পত্তি ব্যবস্থাপনায় (Property Management) আমাদের ঢাকা অফিস আপনাকে সহায়তা করতে পারে।

Law Offices of Ashok K. Karmaker, P.C.
Queens Main Office: Queens Office: 143-08 Hillside Avenue, Jamaica, NY 11435
Tel: (212) 714-3599, (718) 408-3282, Fax: (718) 408-2283, Email: ashok@ashoklaw.com, Web: www.ashoklaw.com
Tel: (718) 662-0100, Fax: (347) 305-8383, Email: info.klplic@gmail.com, Web: www.k-lplic.com
Dhaka Office: US-Bangladesh Global Law Associates Ltd.
Dream Apartment, Apt.C2, Hse 3G, Road 104, Gulshan Circle 2, Dhaka 1212, Bangladesh, Tel: 011-880-2-8823711

SNS এসএনএস একাউন্টিং এন্ড জেনারেল সার্ভিসেস



(একটি বিশ্বস্ত ও নির্ভরশীল প্রতিষ্ঠান)

একাউন্টিং
ইনকাম ট্যাক্স, ব্যক্তিগত(Individual all States), কর্পোরেশন, পার্টনারশীপ, নট ফর প্রফিট ট্যাক্স, সেলস ট্যাক্স, বুককিপিং এন্ড একাউন্টিং এবং আইআরএস -এর সাথে সমস্যা সমাধানে পরামর্শ।

ইমিগ্রেশন
সিটিজেনশীপ পিটিশন, নিকটাত্মীয়দের জন্য পিটিশন, এ্যাফিডেভিড অব সাপোর্ট, বার্থ সার্টিফিকেট এর এ্যাফিডেভিড এবং অন্যান্য ইমিগ্রেশন সংক্রান্ত বিষয়াদি।

Authorized e-file PROVIDER

Electronic Filing & Direct Deposit 2021 For Accurate Faster & Secure Refund

প্রফেশনাল করস্পন্ডেন্স, ট্রান্সলেশন সার্ভিস।
নোটারী পাবলিক
ফ্যাক্স সার্ভিস
রেজ্যুমি
দক্ষতার সাথে রেজুমি ও কভারিং লেটার প্রস্তুত করা হয়।
রেজিষ্ট্রেশন
বিজনেস সার্টিফিকেট ও কর্পোরেশন রেজিষ্ট্রেশন

দ্রুততম উপায়ে আমেরিকার বিভিন্ন ষ্টেটের কাস্টমার্সদের ইনকাম ট্যাক্স ও ইমিগ্রেশন বিষয়ক সার্ভিস দেওয়া হয়।

অফিস সময় : সোমবার থেকে শুক্রবার সকাল ১০টা- রাত ৮টা। শনি ও রোববার সকাল ১১ টা-রাত ৮টা

"EXPERIENCE COUNTS, TRUST US, WE SERVE YOU BETTER"
আমাদের রয়েছে ২৫ বছরের বেশি- বিধিসম্মত -নির্ভুল ট্যাক্স ফাইলিং এর দক্ষতাও অভিজ্ঞতা

যোগাযোগ করুন ঃ **এম এ কাইয়ূম**
৩৫-৪২ ৩১ স্ট্রীট, এষ্টোরিয়া, নিউইয়র্ক- ১১১০৬
ফোন ঃ ৭১৮-৩৬১-৫৮৮৩, ৭১৮-৬৮৫-২০১০ ফ্যাক্স ৭১৮-৩৬১-৬০৭১
(এন এবং ডব্লিউ ট্রেনে ৩৬ এভিনিউ সাবওয়ের নিকটে)

Wasi Choudhury & Associates LLC

আপনি কি I.R.S./STATE নোটিশ নিয়ে চিন্তিত?

SERVICES
- Represent Taxpayers for I.R.S./ State Audit
- Tax Preparation:
  Individual, Corporation, Partnership, LLC, Not-for-Profit, etc.
- Accounting:
  Payroll, Sales Tax, etc.
- Business Licenses
- ইমিগ্রেশন সংক্রান্ত নিয়মাবলী প্রয়োজনে ফলো করা হয়।

IRS e-file IRS AUTHORIZED E-FILE PROVIDER

Wasi Choudhury, EA
Admitted to Practice before the IRS
সদস্য, বোর্ড অব ট্রাস্টি, বাংলাদেশ সোসাইটি ইনক

Member : naea



Tel: 718-440-6712
718-205-3460
Fax: 718-205-3475
Email: wasichoudhury@yahoo.com

ক্রেডিট কার্ড এর মাধ্যমে ও পেমেন্ট করতে পারেন

প্রবাসে বাংলাদেশী কমিউনিটির কল্যাণের উদ্দেশ্যে বাংলাদেশ সোসাইটি ইনক এর সদস্য পদ গ্রহণ / নবায়ন করার এবং এর প্রতিটি কার্যক্রমে সক্রিয় অংশগ্রহণ করার আমন্ত্রণ রইল।

37-22, 61st St., 1st Fl, Woodside, NY 11377

SECI
Sonali Exchange Co. Inc.
Secure, Fast, Reliable.



বাংলাদেশে টাকা পাঠাবেন? সোনালী এক্সচেঞ্জে আসুন

রবিবার জ্যামাইকা ও জ্যাকসন হাইট্স ব্যতীত অন্যান্য শাখা বন্ধ

- আমরা দিচ্ছি সর্বোচ্চ রেট
- আমরা টাকা পাঠাতে কোন ফি নেই না
- আমরা সকল ব্যাংকে একই রেট দিয়ে থাকি
- আমাদের ক্যাশ পিকআপ ও বিকাশ রেটও সমান
- আমরা দিচ্ছি ২.৫০% সরকারী প্রণোদনার নিশ্চয়তা

ঘরে বসে টাকা পাঠাতে
আপনার মোবাইল থেকে
Sonali Exchange App.
ডাউনলোড করে রেজিস্ট্রেশন করুন
যোগাযোগ- ২১২-৮০৮-০৭৯০

সোনালী এক্সচেঞ্জ কোম্পানী ইন্‌ক
SONALI EXCHANGE CO. INC.
সোনালী ব্যাংক পিএলসি এর একটি অঙ্গ প্রতিষ্ঠান
LICENSED AS INTERNATIONAL MONEY TRANSMITTER BY THE DFS NY, DF&I NJ, DIFS MI, DB&F GA, OCFR MD AND FLOFR FL
NMLS NO. 1088789

সোনালী এক্সচেঞ্জ এর মাধ্যমে রেমিটেন্স করুন, দেশের অর্থনৈতিক উন্নয়নে গর্বিত অংশীদার হউন।
রেমিটেন্স সংক্রান্ত তথ্যের জন্য নিম্নের যে কোন শাখায় যোগাযোগ করুন

ASTORIA 718-777-7001	ATLANTA 770-936-9906	BROOKLYN 718-853-9558	JACKSON HTS 718-507-6002	BRONX 718-822-1081
JAMAICA 347-644-5150	MANHATTAN 212-808-0790	MICHIGAN 313-368-3845	OZONE PARK 347-829-3875	PATERSON 973-595-7590

আমাদের সার্ভিস নিন - আপনাকে সেবা করার সুযোগ দিন

DR. SADI ALAM, DPM
Foot Specialist
পায়ের বাংলাদেশী রোগ বিশেষজ্ঞ চিকিৎসক

Jamaica Office: 168-32 Highland Ave, Jamaica, NY 11432

Hollis: 196-22 Hillside Ave, Hollis, NY 11423
Jackson Heights Office: 7017 37th Ave, Jackson Heights, NY 11372
Brooklyn Office: 686 McDonald Ave, Brooklyn, NY 11218
Alam Podiatry, P.C.
Ozone Park Office: 530 Conduit Blvd, Brooklyn, NY 11208
Bronx Office: 3099 Bainbridge Ave, Bronx, NY 10467
Parkchester Office: 1381 Castle Hill Ave, Bronx, NY 10462

FOR APPOINTMENT
Phone: 347-509-4470 | Fax: 646-845-1861 | www.alampodiatry.com
WE ACCEPT ALL MAJOR INSURANCE PLANS
PLEASE ASK YOUR DOCTOR FOR REFERRAL

TiME TV PLUS
টাইম টিভিসহ দেশী-বিদেশী
দেড় শতাদিক চ্যানেল দেখুন
Time TV + এ
বাৎসরিক চার্জ $100
যোগাযোগঃ ৬৪৬-২৯১-৭৪০৮

হোমিও চিকিৎসা



এস.কে.শর্মা
D.H.M.S (B.D) N.H.C (USA)
Homeopathic Specialist
আপনি কি যে কোন জটিল কঠিন ও পুরাতন রোগে ভুগছেন, তাহলে একবার হোমিওপ্যাথিক ঔষধ ব্যবহার করে দেখুন। আমাদের এইখানে সম্পূর্ন গোপনীয়তা রক্ষা করা হয়।

*Migraine *বাত *হাঁপানি পীড়া *আঁচিল * অর্শ *টিউমার *Kidney Stone *অন্ডকোষের পীড়া *কর্ণের পীড়া *কাশি *কিডনীর পীড়া *চর্ম পীড়া * টনসিলাইটিস *দন্তের পীড়া *ধবল বা শ্বেতী রোগ *নখের পীড়া *পক্ষাঘাত *Gall Bladder Stone *প্রস্রাবের পীড়া * প্রষ্টেট- গ্ল্যান্ডের পীড়া *Fatty Liver * ফুসফুসের পীড়া *ব্লাড-প্রেসার *ভগন্দর * মাথা ব্যাথা * লিভারের পীড়া *সায়েটিকা *সিষ্টাইটিস *স্বরভংগ *নাকে পলিপাস *হার্নিয়া *Blood Cholesterol *চুল পড়া *Fatty Heart *ব্রন *একজিমা * শোথ * টাক রোগ * রক্ত প্রস্রাব * জন্ডিস * অনিদ্রা *গ্র্যাষ্টিক *নিদ্রায় নাক ডাকা * পায়ের তলায় কড়া * মুখে দুর্গন্ধ * স্বপ্ন দোষ * হস্তমৈথুন শোক দুঃখ জনিত পীড়া ইত্যাদি।

শিশুদের:-শিশু দাঁত উঠিতে হাঁটিতে ও কথা বলিতে বিলম্ব, শিশুর একশিরা, শিশুর কোষ্ঠবদ্ধতা, শিশুর মুখদিয়া লালা পড়া, Autism, Autistic, শিশু না খাইতে চাওয়া (Appetite Problems)

আপনি কি যৌন সমস্যায় ভুগছেন
*premature Ejaculation *Low Libido * Impotence
*পুরুষত্বহীনতা * শীঘ্রপতন *লিঙ্গ শিথিলতা

আমরা আমেরিকার যে কোন স্টেট ডাকযোগে ঔষধ পাঠিয়ে থাকি।

স্বল্প খরচে অল্প সময়ে অত্যাধুনিক পদ্ধতিতে, আমেরিকান ঔষধের সাহায্যে চিকিৎসা করা হয়।

Homeopathy & Herbal
72-08 Broadway, Jackson Heights, NY 11372
Cell: 917-285-4804
BUSINESS HOURS: MONDAY-SATURDAY 11:30AM-8PM, SUNDAY CLOSED

শিল্পী কাদেরী কিবরিয়া



যোগাযোগ :
267-249-7687,
610-352-7123

Address:
146 Marlbrough Road
Upper Darby, PA 19082

নিউইয়র্কের মুসলিম ভোটারদের প্রভাব: যেভাবে উত্থান মামদানির

শেষ পৃষ্ঠায় পর উজ্জ্বল প্রতিফলন নিউইয়র্ক সিটির ডেমোক্র্যাট মেয়র প্রার্থী জোহরান মামদানি ও মুসলিম ভোটার বৃদ্ধি। দ্য গার্ডিয়ানের বিশ্লেষণ প্রতিবেদনে এমন তথ্য ওঠে এসেছে

২০২১ সালের মেয়র নির্বাচনে মাত্র ১২ শতাংশ মুসলিম ভোট দিয়েছিলেন। তবে পরিস্থিতি দ্রুত বদলাচ্ছে।

নিউইয়র্ক মুসলিম ডেমোক্রেটিক ক্লাবের তথ্য অনুযায়ী, চলতি বছর মেয়র পদে দলীয় প্রাইমারিতে মুসলিম ও দক্ষিণ এশীয় ভোটারদের উপস্থিতি ২০২১ সালের তুলনায় ৬০ শতাংশ বেড়েছে।

নাইনইলেভেনের ঘটনার পর আরব ও মুসলিমদের বিরুদ্ধে নজিরবিহীন প্রতিশোধমূলক হামলার ঢেউ ছড়িয়ে পড়েছিল নগরজুড়ে–এমনকি পুরো যুক্তরাষ্ট্রেও। আজকের নির্মম ফেডারেল আইন প্রয়োগকারী সংস্থা যুক্তরাষ্ট্র অভিবাসন এবং কাস্টমস এনফোর্সমেন্ট বা আইসের অভিযানের পূর্বাভাস যেন সেই সময়ই পাওয়া গিয়েছিল। অবৈধ অভিবাসনের অভিযোগে শত শত মুসলিমকে গ্রেপ্তার করা হয়েছিল এবং তাঁদের অনেকে অমানবিক অবস্থায় আটক ছিলেন। মুসলিমদের নাগরিক অধিকারকে পদদলিত করা হয়েছিল।

২৪ বছর পর নিউইয়র্কের চিত্র সম্পূর্ণ ভিন্ন। যুক্তরাষ্ট্রের সবচেয়ে বড় এই নগর এখন সেখানকার ইতিহাসে প্রথম মুসলিম মেয়র নির্বাচিত করার জন্য প্রস্তুত। সেখানেই ৩৪ বছর বয়সী জোহরান মামদানি ডেমোক্রেটিক পার্টির মনোনয়ন জিতে মেয়র প্রার্থী হয়েছেন। প্রশ্ন হলো, এত গভীর এই পরিবর্তনের পেছনে কী কাজ করেছে?

প্রশস্ত হাসির অধিকারী জোহরানের প্রায় অপ্রতিরোধ্য উত্থান ব্যাখ্যা করা যায় তাঁর অসাধারণ বাগ্মিতা ও রাজনৈতিক প্রজ্ঞার মাধ্যমে। মার্কিন রাজনীতিবিদ আলেক্সান্দ্রিয়া ওকাসিও-কর্তেজসহ অনেকে তাঁকে বলেছেন, 'এক প্রজন্মে একবার পাওয়া যায় এমন নেতা।'

মামদানির সাফল্যের গল্প কেবল ব্যক্তিগত নয় এটি আরও বড় এক ইতিহাসের অংশ, যেখানে ৯/১১ এর পর কঠিন পরিস্থিতিতে পড়া তরুণ মুসলিম নিউইয়র্কবাসী সংগঠিত হয়ে নতুনভাবে নিজেদের গড়ে তুলেছেন।

ইসলামভীতির উত্থানের বিপরীতে প্রতিরোধ গড়ে তোলার প্রয়োজন থেকেই জন্ম নেয় এই তরুণ মুসলিমদের রাজনৈতিক জাগরণ। বছরের পর বছর ধরে তাঁরা শহরে রাজনৈতিক শক্তি গড়ে তুলেছেন, স্থানীয় রাজনৈতিক প্রতিষ্ঠান তৈরি করেছেন। তাঁরা এমন এক নতুন ধারা গড়ে তুলেছেন, যা নতুন পরিচয়কে গ্রহণ করে, সীমাবদ্ধতাকেও অতিক্রম করে। এই আন্দোলন নীরবে ও ধারাবাহিকভাবে বেড়ে উঠেছে বহু বছর ধরে। জোহরান মামদানি আজ সেই আন্দোলনের সবচেয়ে সফল ও পরিপূর্ণ প্রতিফলন।

